# শ্রীকৃষ্ণকীর্তন

বড়ু চণ্ডীদাস

# ভূমিকা

শ্রীকৃষ্ণকীর্তন মধ্যযুগীয় বাংলা-কাব্য। ১৩০৬ বঙ্গাব্দে (১৯০৯ খ্রিষ্টাব্দ) বসন্তরঞ্জন রায় বাঁকুড়া জেলা থেকে বড়ুচণ্ডীদাসের ভণিতায় একটি পুথি আবিষ্কার করেন। বাংলা সাহিত্যে এই গ্রন্থটিই শ্রীকৃষ্ণকীর্তন নামে খ্যাত। উল্লেখ্য, এই গ্রন্থটি বন-বিষ্ণুপুরের নিকটবর্তী কাঁকিল্যা নিবাসী দেবেন্দ্র নাথ মুখোপাধ্যায় মহাশয়ের কাছে ছিল। এই গ্রন্থটি ১৩২৩ বঙ্গাব্দে কলকাতা বঙ্গীয় সাহিত্য পরিষদ থেকে প্রকাশিত হয়।

বসন্তরায়ের বিবরণ থেকে জানা যায়, মূলগ্রন্থটি তুলোট কাগজের উভয় পৃষ্ঠায় লিখিত ছিল। পাতার আকার ছিল ১৩.২৫X৩.৭৫ ইঞ্চি। এই গ্রন্থের প্রথম দুটি পাতা পাওয়া যায় নাই। শ্রীকৃষ্ণকীর্তন নামটি বসন্তরায়ের দেওয়া। এ প্রসঙ্গে এই গ্রন্থের ভূমিকায় বসন্তরায় লিখেছিলেন – 'দীর্ঘকাল যাবৎ চণ্ডীদাস বিরচিত কৃষ্ণকীর্তন-এর অস্তিত্ব মাত্র শুনিয়া আসিতেছিলাম। এতদিনে তাহার সমাধান হইয়া গেল। আমাদের ধারণা আলোচ্য পুঁথিই কৃষ্ণকীর্তন এবং সেইহেতু উহার অনুকরণে নাম নির্দেশ করা হইল।'

বসন্তরায়ের এই গ্রন্থ আবিষ্কারের পূর্বে – এই গ্রন্থ সম্পর্কে জানা গিয়েছিল, ১২৮০ বঙ্গাব্দে প্রকাশিত জগবন্ধু ভদ্রের সম্পাদিত 'মহাজন-পদাবলী' (প্রথমখণ্ড), পৃষ্ঠা ৪৬, থেকে জানা যায় ১৩১১ বঙ্গাব্দে ব্রজসুন্দর সান্ন্যাল রচিত চণ্ডীদাস-চরিত গ্রন্থে এবং ত্রৈলোক্যনাথ ভট্টাচার্যের চণ্ডীদাস প্রবন্ধে (নব্যভারত, ফাল্গুন ১৩০০) এই গ্রন্থের নাম পাওয়া যায়। যদিও এঁদের বর্ণিত কৃষ্ণকীর্তন নামক গ্রন্থটিই যে বসন্তরায়ের শ্রীকৃষ্ণকীর্তন, এ কথা সন্দেহাতীতভাবে বলা যায় না। ডঃ বিজন বিহারী ভট্টাচার্য এবং ডঃ অসিতকুমার বন্দ্যোপাধ্যায় এই গ্রন্থের নাম শ্রীকৃষ্ণকীর্তন-এর পরিবর্তে শ্রীকৃষ্ণসন্দর্ভ হওয়া উচিৎ বলে দাবি করেছেন।

বহুবার মুদ্রণ ও পুণর্মুদ্রণের সময় এবং কর্মী ও সম্পাদকদের মধ্যযুগীয় রাঢ়ের ভাষা সম্বন্ধে ভুল ধারণার জন্য বেশ কিছু বানান সমস্যা থেকে গেছে। গুণী ব্যক্তিরা, বিশেষতঃ যাঁদের মূল গ্রন্থটি দেখার সৌভাগ্য হয়েছে, তাঁরা সাহায্য করলে এই ত্রুটিগুলি নিরসন করা সম্ভব হবে।

BANGLADARSHAN.COM

# জন্ম খণ্ড

## (১)

কোড়ারাগঃ॥ যতিঃ॥ দণ্ডকঃ॥

সব দেবেঁ মেলি সভা পাতিল আকাশে।
কংসের কারণে হএ সৃষ্টির বিনাশে॥ ১
ইহার মরণ হএ কমণ উপাএ।
সহ্মেই চিন্তিআঁ বুয়িল ব্রহ্মার ঠাএ॥ ২
ব্রহ্মা সব দেব লআঁ গেলান্তি সাগরে।
স্তুতীএঁ তুষিল হরি জলের ভিতরে॥ ৩
তোহ্মে নানা রূপেঁ কইলেঁ আসুরের খএ।
তোহ্মার লীলা এ কংসের বধ হএ॥ ৪
হেন শুণী ঈসত হাসিআঁ ততিখণে।
ধল কাল দুই কেশ দিল নারায়ণে॥ ৫
এহি দুই কেশ হৈবে বসুলের ঘরে।
হলী বনমালী নাম দৈবকী উদরে॥ ৬
তাহার হাথে হৈবে কংশাসুরের বিনাশে।
হেন বর পাআঁ সব দেব গেলা বাসে॥ ৭
সময় উপেখিআঁ রহিলা দেবাগণ।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীগণ॥ ৮॥

## (২)

বরাড়ীরাগঃ॥ক্রীড়া॥

আয়িলা দেবের সুমতি শুণী।
কংসের আগক নারদ মুনী॥
পাকিল দাঢ়ী মাথার কেশ।
বামন শরীর মাকড় বেশ ॥ ১
নাচএ নারদ ভেকের গতী।
বিকৃত বদন উমত মতী॥ ধ্রু
খণে খণে হাসে বিণি কারণে।
খনে হএ খোড় খোণেকেঁ কানে॥

BANGLADARSHAN.COM

নানা পরকার করে অঙ্গভঙ্গ।
তাক দেখি সব লোকের রঙ্গ ॥২
লাম্ফ দিআঁ খণে আকাশ ধরে।
খণেকেঁ ভূমিতে রহে চিতরে ॥
উঠিআঁ সব বোলে আনচান।
মিছাই মাথাএ পাড়এ সান ॥ ৩
মেলে ঘন ঘন জীহের আগ।
রাঅ কাঢ়ে যেন বোকা ছাগ॥
দেখিআঁ কংসেত উপজিল হাস।
বাসলী বন্দী গাইল চণ্ডীদাস ॥ ৪॥

(৩)
বরাড়ীরাগঃ ॥ একতালী ॥

কোণ সুখেঁ কংশ তোর মুখে উঠে হাস।
নাহিঁ জাণ এবেঁ তোঁ আপনার নাশ॥
যে হৈবেক দৈবকীর গর্ব্ভ অষ্টম।
অতি মহাবল সেসি তোহ্মার যম ॥১
কহিলোঁ মোঁ ই সকল তোহ্মার ঠাএ।
এবেঁ মনে গুণী কর জীবন উপাএ॥ ধ্রু
হেন সব শুণী কংস হৈল সচকীত।
সব মন্ত্রি পাত্র লআঁ চিন্তিল হীত॥
এবে হতেঁ দৈবকীর যত গর্ব্ভ হএ।
মানুষ নিয়োজিল মারিবাক তাএ ॥ ২
আসিআঁ নারদ তবেঁ সত্বরে আপণে।
সকল কহিল তত্ব বসুদেব থানে॥
এবে দৈবকীঞঁ যত গর্ব্ভ ধরিব।
পাপ দুঠ্ঠ কংসে তাক সবই মারিব ॥ ৩
আষ্টম গর্ব্ভ হৈব দেব নারায়ণে।
সেই উপদেশে দিব তোহ্মাক তখণে॥
সেই উপদেশে হয়িব সকল রক্ষণে।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীগণে ॥ ৪॥

BANGLACHARSHA

(৪)

কহ্নগুজ্জরীরাগঃ ॥ রূপকঃ ॥

নারদের মুখে শুণী কংস মাহাবীর।
একেঁ একেঁ মাইল ছয় গর্ব্ভ দৈবকীর ॥ ১
সব দেবগণে মেলি সেহি অবসরে।
দুয়ি কেশ নিয়োজিল দৈবকী উদরে ॥ ২
পূর্ব্বে ছয় গর্ব্ভ তার মায়িল কংশাসুরে।
তাক সুঁঅরী দৈবকী কাঁপে বড় ডরে ॥ ৩
দৈবকী উদরে গেল যে কেশ ধবল।
সেই বলভদ্র নাম অতিশয় বল ॥ ৪
মাএর গর্ব্ভপাত ছল করিআ।
আপণে রহিলা রোহিণী গর্ব্ভ গিআঁ ॥ ৫
যে কৃষ্ণ রহিল দৈবকী উদরে।
সেহি শঙ্খ চক্র গদা শারঙ্গ ধরে ॥ ৬
তাহাক আষ্টম গর্ব্ভ জাণী দৈবকীর।
আবেক্ষণ দিল লোক কংশ মহাবীর ॥ ৭
সুপুরূষ গর্ব্ভ ধরল আনুরূপ।
দিনে দিনে বাঢ়ি গেল দৈবকীর রূপ ॥ ৮
ক্রমে দৈবকীর গর্ব্ভ হৈল দশ মাস।
বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাস ॥ ৯ ॥

(৫)

কোড়ারাগঃ ॥ লঘুশেখরঃ॥ দণ্ডক॥

বিজয় নাম বেলাতে ভাদর মাসে।
নিশি আন্ধকার ঘন বারি বরিষে ॥
হেন শুভক্ষণে দেব জগন্নাথ হরী।
শঙ্খ চক্র গদা আর শারঙ্গ ধরী॥ ১
রোহিণী আষ্টমী তিথি ॥ ল ॥
জরম লভিল কাহ্নাঞিঁ ॥ধ্রু
দেবের প্রাসাদেঁ তবেঁ বসুল জাণিল।
নিন্দে আকুল গোকুলের লোক ভৈল ॥
যশোদার কণ্যা সেই খনে উপজিল।

নিন্দভোলেঁ যশোদাঞঁ তাক না জাণিল ॥ ২
বসুল চলিলা তবেঁ কাহ্ন করি কোলে।
কংশের পহরী না জাণিল নিন্দভোলে ॥
কাহ্ন দেখি বাটত যমুনা থাহা দিল।
পার হআঁ বসুল নান্দের ঘর গেল ॥ ৩
যশোদার কোলে দিআঁ শিশু বনমালী।
বসুল আণিল ঘরে যশোদার বালী॥
তার রাএ কংসের পহুরী চিআইল।
দৈবকীর প্রসব কংশেরে জাণায়িল ॥ ৪
কংশে কণ্যা মায়িল শিলাপাটে আছাড়িআঁ।
কংসকে বুলিলে কণ্যা আকাসে থাকিআঁ ॥
নান্দোঘরে বালা বাঢ়ে তোহ্মা বধিবারে।
শুণী কংসে কৃত্যা কৈল কাহ্ন বধিবারে॥ ৫
প্রথমত কংশে পূতনাক নিয়োজিল।
তনপান ছলে কাহ্ন তাক সংহরিল ॥
তার পাছে যমল আর্জ্জুন পাঠায়িল।
একই প্রহারে কাহ্ন তাহাক ভাঙ্গীল ॥ ৬
কেশি আদি আসুর পাঠাইল আনন্তরে।
তা সব মাইল কাহ্ন বিষম সমরে ॥
হেনমতেঁ গোকুলে বাঢ়িলা দামোদর।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীবর ॥ ৭॥

(৬)
কোড়ারাগঃ ॥ একতালী ॥

নীল কুটিল ঘন মৃদু দীর্ঘ কেশ।
তাত ময়ূরের পুছ দিল সুবেশ ॥
চন্দনতিলকেঁ আতি শোভিত কপালে।
দুঈ পাশে লঘু মধ্য তনুত২ বিশালে ॥ ১
সকল দেবের বোলেঁ হরি বনমালী।
আবতার করি করে ধরণীত কেলী॥ ধ্রু
সুরেখ সুপুট নাসা নয়ন কমল।
কামাণ সদৃশ শোভে ভ্রূহিযুগল ॥
ওষ্ঠ আধর যেহ্ন যমজ পোঁআর।

BANGLADARSHAN

কণ্ণযুগ শোভে যেহ্ন বরুণের জাল ॥ ২
ভুজযুগ করিকর জানুত লুলে।
করঙ্গরুবিন্দ মাল নির্ম্মিত কমলে ॥
মরকতপাট সদৃশ বক্ষস্থল।
ক্ষীণ মধ্য রামরম্ভা জংঘযুগল ॥ ৩
মাণিকরচিত চন্দ্রসম নখপান্তী।
সজল জলদরুচি জিনি দেহকান্তী ॥
বত্তীস রাজলক্ষণ সহিত শরীর।
কংসের বধ কারণ আতি মহাবীর ॥ ৪
নানা মণি অলঙ্কার শোভিত শরীরে।
পীত বসন শোভে বাঁশী ধরে করে ॥
নিতি নিতি বাছা রাখে গিআঁ বৃন্দাবনে।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীগণে ॥ ৫॥

(৭)
ধানুষীরাগঃ॥ লঘুশেখরঃ॥

কাহ্নাঞিঁর সম্ভোগ কারণে।
লক্ষ্মীকে বুলিল দেবগণে ॥
আল রাধা পৃথিবীতে কর আবতার।
থির হঊ সকল সংসার॥ আল রাধা ॥ ১
তেকারণে পদুমা উদরে।
উপজিলা সাগরের ঘরে ॥ ল ॥ আল রাধা॥ ধ্রু
তীনভূবনজনমোহিনী।
রতিরসকামদোহনী॥
শিরীষকুসুমকোঁঅলী।
অদভুত কনকপুতলী॥ ২
দিনে দিনে বাঢ়ে তনু লীলা।
পুরিল যেহেন চন্দ্রকলা॥
দৈবেঁ কৈল কাহ্ন মনে জাণী।
নপুংসক আইহনের রাণী॥ ৩
দেখি রাধার রূপ যৌবনে।
মাঅক বুয়িল আইহনে ॥

বড়ায়ি দেহ এহার পাশে।
গাইল বড়ু চণ্ডীদাসে ॥ ৪

---

অভিমন্যুজনন্যাহং নিযুক্তা তব রক্ষণে।
রাধে সহ ময়া তেন মুদিতা মথুরাং ব্রজ ॥ ১
ভাগ্যেন মম রক্ষায়ৈ জরতি ত্বং নিযোজিতা।
তদেহি যামি মথুরাং মধুরাচারকোবিদে ॥ ২

BANGODARSHAN.COM

# তাম্বূল খণ্ড

## (১)

গুজ্জরীরাগঃ॥একতালী ॥

দধি দুধেঁ পসার সজাআঁ।
নেতা বাস ওহাড়ন দিআঁ ॥ ল রাধা
সব সখিজন মেলি রঙ্গে।
একচিত্তে বড়ায়ির সঙ্গে ॥ ল রাধা ॥ ১
নিতি জাএ সর্ব্বাঙ্গসুন্দরী।
বনপথে মথুরা নগরী ॥ ল রাধা ॥ ধ্রু
এক দিনে মনের উল্লাসে।
সখি সমে রস পরিহাসে ॥
আগু গেলি সত্বর গমনে।
বড়ায়িক না করী যতনে ॥ ২
বকুলতলাত গোআলী।
বড়ায়ির পন্থ নেহালী ॥
বসিলী মাথাত দিআঁ হাথে
বড়ায়ি চলিলী আন পথে ॥ ৩
রাধিকা গুণিআঁ মনে মনে।
বড়াইর বিলম্ব কারনে ॥
বন মাঝেঁ পাইল তরাসে।
গাইল বড়ু চণ্ডীদাসে ॥ ৪ ॥

## (২)

পাহাড়ীআরাগঃ ॥ ক্রীড়া ॥

রাধিকা হারাআঁ বড়ায়ি বুলে থানে থানে।
ভালমনে পথক না দেখে নয়নে ॥
নাতিনীর মোহে বড়ায়ি মনে বিমরিষে।
কমণ উপায় করোঁ জাওঁ কোন দিশে ॥ ১
পথ হারাইল বড়ায়ি মাঝ বৃন্দাবনে।
দৈবে সে জাণএ যার যেহেন ঘটনে ॥ ধ্রু
মনেত গুনেত বড়ায়ি আধিক তরাসে।

BANGLADARSHAN.COM

কথাঁ গিআঁ পাওঁ মোএঁ রাধার উদ্দেশে ॥
একসরী হৈলোঁ মোএঁ হেন ঘোর বনে।
রাধিকা এড়িআঁ আজি জীবোঁ কেনমনে ॥ ২
কথো দুর পথ গিআঁ দেখিল বড়ায়ি।
বৃন্দাবন মাঝে চরে শতসংখ্য গাই॥
তাক দেখি বড়ায়ির মনেত হরিষে।
এহা রাখোআল পুছোঁ রাধার উদ্দেশে ॥ ৩
হেন মনে গুণী বড়ায়ি গেলান্তি তথাঞিঁ।
দেখিল লগুড় করে নাতিআ কাহাঞিঁ ॥
হরিষে মেলিলী বড়ায়ি তাহার পাশে।
বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাসে ॥ ৪ ॥

(৩)
পাহাড়ীআরাগঃ ॥ চিত্রক লগনী ॥ একতালী ॥

আচম্বিত বুঢ়ী দেখি বৃন্দাবন মাঝে।
বিনয় করিআঁ পুছন্তি দেবরাজে ॥ ১
কথাঁ হৈতেঁ আইলা তোহ্মে কিবা তোর কাজে।
একলী বুলসি কেহ্নে বৃন্দাবন মাঝে ॥ ২
গোঠে হৈতেঁ আসি আহ্মি বুঢ়ী গোআলিনী।
আগুত চলিলী মোর সুন্দরি নাতিনী ॥ ৩
পাছে পাছে জাইতেঁ পথ হারাইল আহ্মি।
মথুরার পথ পুতা কহিআঁ দেহ তুহ্মি ॥ ৪
সঙ্গে কেহ্নে লআঁ ধুল নাতিনিখানী।
কথাঁ তাক হারাইলেঁ কহ তত্বাণী ॥ ৫
কি নাম তাহার কেহ্নেন তার রূপ।
আহ্মার থানত বুঢ়ী কহিআর সরূপ ॥ ৬
দধি বিকে জাইতেঁ সঙ্গে মথুরা নগরী।
বৃন্দাবনে হারাইলোঁ ত্রৈলোক্যসুন্দরী ॥ ৭
নাতিনী হারাইলোঁ নামে চন্দ্রাবলী।
কোঁঅলী পাতলী বালী সুন বনমালী ॥ ৮
সরূপ কহিবোঁ তবেঁ মথুরার পথ।
যে কাজ বোলোঁ তোহ্মাক তাত কর সত ॥ ৯
বোলা এক বোলোঁ তোক যবেঁ ধর মনে।

BANGLADARSHAN.COM

তবেঁসি করিবোঁ তোর রাধা দরশনে ॥ ১০
তোঁ মোর নাতি যেহ্ন দুঅজ পরাণ।
তোক্ষার বোলত আক্ষে না করিব আন ॥ ১১
সত্যেঁ সত্যেঁ করিবোঁ মো তোক্ষার বচন।
যবেঁ আন করোঁ তাক বধওঁ বাক্ষণ ॥ ১২
উদ্দেশ বুলিব যবেঁ রাধিকার আক্ষে।
তবেঁ ভালমতেঁ তার রূপ কহ তোক্ষে ॥ ১৩
কাহ্নের বচনে বড়ায়ি পাইল হরিষে।
বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাসে ॥ ১৪ ॥

(৪)

গুজ্জরীরাগঃ ॥ রুপকং ॥

কেশপাশেঁ শোভে তার সুরঙ্গ সিন্দুর।
সজল জলদে যেহ্ন উইল নব সূর॥
কনককমলরুচি বিমল বদনে।
দেখি লাজে গেলা চান্দ দুঈ লাখ যোজনে ॥ ১
মুনিমনমোহিনী রমণী আনুপামা।
পদুমিনী আক্ষার নাতিনী রাধানামা ॥ ধ্রু
ললিত আলকপাঁতিকাঁতি দেখি লাজে।
তমালকলিকাকুল রহে বনমাঝে ॥
আলস লোচন দেখি কাজলে উজল।
জলে পসি তপ করে নীল উতপল ॥ ২
কণ্ঠদেশ দেখিআঁ শঙ্খত ভৈল লাজে।
সত্বরে পসিলা সাগরের জলমাঝে॥
কুচযুগ দেখি তার আতি মনোহরে।
আভিমান পাআঁ পাকা দাড়িম বিদরে ॥ ৩
মাঝা খিনী গুরুতর বিপুল নিতম্বে।
মত্ত রাজহংস জিণী চলএ বিলম্বে ॥
দিনে দিনে বাঢ়ে তার নহুলী যৌবন।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীগণ ॥ ৪ ॥

(৫)

দেশাগরাগঃ ॥ রুপকং ॥ অথবা,কানড়া ॥যতিঃ

BANGLARASHTRA.COM

তোর মুখে রাধিকার রূপকথা সুনী।
ধরিবাক না পারোঁ পরাণী ॥ বড়ায়ি ল
দারুন কুসুমশর সুদৃঢ় সন্ধানে।
আতিশয় মোর মন হানে ॥ বড়ায়ি ল ॥ ১
পরাণ আধিক বড়ায়ি বোলোঁ মো তোহ্মারে।
রাধিকা মানাআঁ দেহ মোরে ॥ ধ্রু ॥
কুসুমিত তরুগণ বসন্ত সমএ।
তাত মধুকর মধু পীএ ॥
সুসর পঞ্চম শর গাএ পিকগণে।
তেকারণে থীর নহে মনে ॥ ২
আতিশয় বাঢ়ে মোর মদনবিকার।
তাত কর মোর উপকার ॥
এ থানক আইলা বড়ায়ি আহ্মার ভাগে।
মোর কাজ তোহ্মাত লাগে ॥ ৩
একবার মোর তোহ্মে কর উপকার।
আহ্মে দেব সংসারের সার॥
রাধিকা মানাআঁ বড়ায়ি পুর মোর আশ।
বাসলী বন্দী গাইল চণ্ডীদাস ॥ ৪ ॥

(৬)
আহেররাগঃ ॥ লঘুশেখরঃ ॥

আহ্মে তোর বড়ায়ি তোহ্মে মোর নাতী।
চিন্তিবোঁ তোহ্মার হিত পরাণশকতী ॥
তোহ্মার আন্তরে তাক করিবোঁ শকতী।
আয়র মানায়িবোঁ করী আশেষ যুগতী ॥
বোলহ সুন্দর কাহ্ন রাধার উদ্দেশে।
তথাঁ গেলেঁ তোর কাজ সাধিবোঁ হরিষে ॥ ধ্রু
এ সব কাজের আহ্মে জাণিএ প্রবন্ধ।
এতেকেঁ তোহ্মার তার হৈব নেহাবন্ধ ॥
পরাণ দিবাক পারোঁ তোহ্মার বচনে।
এ কাজ সাধিবো আহ্মে করিআঁ যতনে ॥ ২
আযোড় যোড়ন আহ্মে করিবাক পারী।

BANGLADARSHAN.COM

সে কি রাধিকা ভৈলী সীতা সতী নারী ॥
আহ্মার হাথত দেহ কিছু ফুল পানে।
তাক লআঁ জাই আহ্মে রাধিকার থানে ॥
বিলম্ব না কর বোল রাধার উদ্দেশে।
আর কিছু দেহ কাহ্নাঞিঁ উত্তম সন্দেশে ॥
ঝাঁট করি জাই আহ্মে রাধার উদ্দেশে।
বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাসে ॥ ৪ ॥

(৭)
পাহাড়ীআরাগঃ ॥ ক্রীড়া ॥ লগনী প্রকীর্ণক ॥

কথা খানি খানি কহিল বড়ায়ি
বসিআঁ রাধার পাশে।
কর্পূর তাম্বুল দিআঁ রাধাক
বিমুখ বদনে হাসে ॥ ল বড়ায়ি ॥ ১
কহির কপুর তাম্বুল বড়ায়ি
কহির নেত পাটোল।
নেআলী মাহলী আওর নানা ফুল
কে দিআঁ পাঠাইলে মোর ॥ ল বড়ায়ি ॥ ২
আইস রাধা কহোঁ তোহ্মারে
কৃষ্ণের পাঁচ আবথা।
বিরহ জরেঁ তেহেঁ জরিলা
পাঠাইল তোহ্মা বেথাঁ ॥ ল রাধা ॥ ৩
এ বোল সুণিআঁ নাগরী রাধা
হাণএ সকল গাএ।
যত নানা ফুল পান করপুর
সব পেলাইল পাএ ॥ ৪
উঠিআঁ বড়ায়ি রাধাক বুইল
হেন কাম না করিএ।
নান্দের নন্দন ভুবন বন্দন
তোর দরশনে জীএ ॥ ৫
ঘরের সামী মোর সর্ব্বাঙ্গে সুন্দর
আছে সুলক্ষণ দেহা।
নান্দের ঘরের গরু রাখোআল

তা সমে কি মোর নেহা ॥ ৬
যে দেব স্মরণে পাপ বিমোচনে
দেখিল হএ মুকতী।
যে দেব সনে নেহা বাঢ়াইলেঁ
হএ বিষ্ণুপুরে স্থিতী ॥ ৭
ধিক ঝাউ নারীর জীবন
দহেঁ পসূ তার পতী।
পর পুরুষের নেহাএঁ যাহার
বিষ্ণুপুরে হএ স্থিতী ॥ ৮
নাগর শেখর নান্দের সুন্দর
উপেখিল মতিমোষে।
বাসলীচরণ শিরে বন্দীআঁ
গাইল বড়ু চণ্ডীদাসে ॥ ৯ ॥

(৮)
কোড়ারাগঃ ॥ রুপকং ॥

আহ্মার কোমল দেহে।
না জাণো দূতী পরপুরুষের নেহে ॥
সরূপেঁ তোরে কহিলোঁ।
আল হের প্রতিজ্ঞা করিলোঁ।
প্রথম যৌবন মোএঁ বঞ্চিলোঁ ॥ ১
না বোল না বোল দূতী নাএ।
আবালী রাধা নহোঁ সুরতী যোগে ॥ ধ্রু
পান আনি নিজ দোষে।
ফল পাইবেঁ মোর রোষে।
ধূর্ত্ত কাহ্নাই না বুঝে সে মতিমোষে ॥
ক্ষেমা করু কাহ্ন মণে।
ধরুক মোর বচনে।
যবেঁ না মরিবে রাধা রস ণিরকারণে ॥ ২
না বুঝোঁ রঙ্গ ধামালী।
না জাণো সুরতী কেলী।
বাহুড়িআঁ চল সে নিষধ বনমালী ॥
জৈসাণে রতি জাণিবোঁ ৫।

BANGLADARSHAN.COM

তেসাণে কাহ্ন আণিবোঁ।
সুরতী সম্ভোগে সকল রাতী পোহাইবোঁ ॥ ৩
দেখি তোহ্মাক আজলী।
পর কাজে তোঁ বিকলী।
তেসিঁ না বুঝসি আহ্মে বালী ॥
বোল গিআঁ কাহ্ন পাশে।
ছাড়ু সুরতীর আশে।
গাইল বড়ু চণ্ডীদাসে ॥ ৪ ॥

(৯)
দেশাগরাগঃ ॥ যতিঃ ॥

আজি রজনীত বড়ায়ি দেখিলোঁ সপনে।
রাধা সিআঁ বসিলী শয়নে ॥ বড়ায়ি ল
তখনে হৃদয়ে মোর বেধিল মদনে।
বুইলোঁ পরিহাস বচনে ॥ বড়ায়ি ল ॥ ১
না জীবোঁ না জীবোঁ বিণি রাধা দরশনে।
সরূপেঁ কহিলোঁ তোর থানে ॥ ধ্রু
নীল জলদ সম চিকণ চিকুরে।
বদন সংপুন শশধরে ॥
বচন ঝরএ তার আমৃতের ধার।
তাক বড় লোভ আহ্মার ॥ ২
হাথ দিআঁ দেখ বড়ায়ি মোর কলেবরে।
জত বড় উপজিল জরে ॥
এত দুখ বড়ায়ি মোর পরাণ না সহে।
মরোঁ হের রাধার বিরহে ॥ ৩
বারেক করাহ যবেঁ রাধা দরশনে।
তবেঁ রহে আহ্মার জীবনে ॥
এহা জাণী ঝাঁট চল রাধিকার পাশে।
গাইল বড়ু চণ্ডীদাসে॥

(১০)
রামগিরিরাগঃ ॥ রূপকং ॥

BANGLADARSHAN.COM

এত কালে বুঢ়ী তোর কেহ্নে হেন মন।
ভাল বুলিবে তোরে শুণী কোন জন ॥
আদি আন্ত এখো বোল না বোলসি ভাল।
মারিবোঁ পরাণে তোকে জানাআঁ গোআল ॥ ১
দারুণী বুঢ়ী তোর বাপেত নাহিঁ লাজ।
তেকারণে মোক বোলসি হেন কাজ ॥ ল ॥ ধ্রু
বার বার না বুলিহ হেনক উত্তর।
সামী দুরুবার মোর নহোঁ সতন্তর ॥
মো যবেঁ জাণোঁ তোর হেন দুষ্ট মতী।
তবেঁ কেহ্নে আসিবোঁ মো তোহ্মার সংহতী ॥ ২
তোঁ মোর বড়ায়ি মোঁ তোর নাতিনী।
এবেঁসি তোহ্মার মুখে শুণী হেন বাণী ॥
আর যবেঁ বোল মোরে হেন পরিহাস।
আবসি করিবোঁ তবেঁ তোহ্মার বিনাশ ॥ ৩
এহা গুআ পান তোহ্মে আপণেই খাহা।
আপণাক চিহ্নিআঁ কাহ্নের থান যাহা ॥
এহা বুলী বড়ায়িক চড়ে মাইল রোষে।
বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাসে ॥ ৪ ॥

**(১১)**

বরাড়ীরাগঃ ॥  রূপকং ॥

তোহ্মার আন্তরে কাহ্নাঞিঁ করিলোঁ যতনে।
আনেক প্রকারেঁ তাক বুলিলোঁ বচনে ॥
তাহাত মুগধী রাধা না পাতিল কানে।
পাএ পেলাইল তোর সব গুআ পানে ॥ ১
কাহ্নাঞিঁ।
চড়েঁ মাইলে রাধা মোরে দেখ বিদ্যমানে।
এত আপমান সহে কাহার পরাণে ॥ ধ্রু
আওর বুইল তোক যত বীরদাপ।
তাক সোঁঅরিতেঁ মোর মনে বাঢ়ে তাপ ॥
এখোহি না রাখিলেক তোর মাঅ বাপ।
কোপেঁ গরজিলী রাধা যেন কালসাপ ॥ ২
তীন ভুবনে নাহিঁ হেন আছিদরী।

হাণে কুলে এখো নাহিঁ পাটাবুকী তিরী॥
তোহ্মার কারণে মোরে যত দিল দুখ।
পালটি না দেখোঁ আর তাহার মুখ ॥ ৩
নিতি নিতি দধি বিকে মথুরাক জাএ।
তাক দুখ দিতেঁ কিছ চিন্তহ উপাএ ॥
তবেঁসি মনের মোর দুখ পালাএ।
বাসলী শিরেঁ বন্দী চণ্ডীদাস গাএ ॥ ৪

(১২)
দেশাগরাগঃ ॥ রূপকং ॥

বড়ায়ি ল।
কদমের তলে বসী যমুনার তীরে
দান ছলেঁ রাখিবোঁ রাধারে।
বড়ায়ি ল।
লুড়িআঁ সব পসার খাইবোঁ দধি তাহার
কাঢ়ী লৈবোঁ সাতেসরী হারে ॥ ১
বড়ায়ি ল।
বাটেত সৃজিআঁ দান করি তার আপমান
তোর মোর সাধিব মান ॥ ধ্রু
বড়ায়ি ল।
ধরিহ মোর যুগতী রাধার হআঁ সংহতী
চলি জাইহ মথুরার হাটে।
আহ্মাক রুষ্ট বচনে তোষিহ রাধার মনে
আহ্মে যবেঁ রোধিব বাটে ॥ ২
ছাড়াইবেঁ তার ক্ষীর কাঞ্চুলী করিবোঁ চীর
হাথ দিবোঁ তাহার তনে।
তোর আনুমতী লআঁ বলে রাধাক ধরিআঁ
লআঁ যাইবোঁ মাঝ বৃন্দাবনে ॥ ৩
পাছেত মদনবাণে হাণিআঁ তাক পরাণে
রহিবোঁ ধরি মুনিবেশে।
বসি তোহ্মে তার পাশে করিহলি উপহাসে
গাইল বড়ু চণ্ডীদাসে ॥ ৪

BANGLADARSHAN.COM

# দান খণ্ড

(১)

গুজ্জরীরাগঃ॥ ক্রীড়া ॥ লগনী ॥

সুন্দরি রাধা সুণ সমুখে<br>
পুছো মোএঁ হৃষীকেশে।<br>
কথাঁ না বসসি কথাঁ তোর ঘর<br>
জাইবেঁ কোমণ দেশে ॥ ল রাধা ॥ ১<br>
গোকুলে থাকোঁ মো গোআল জাতী<br>
তোহ্মে না পুছহ কিকে।<br>
ষোল শত গোপী পসার সাজিআঁ<br>
মথুরা জাওঁ মো বিকে ॥২<br>
ওলাহা রাধা মাথার চুপড়ী<br>
দেখোঁ মো তোহ্মার পসারা।<br>
কোণ বথু লআঁ জাহা মথুরা<br>
তাহার দেহ বিচারা ॥ ৩<br>
ঘৃত দধি দুধ আওর ঘোল<br>
এ সব মোর পসারা।<br>
তোহ্মে না কমণ কারণে কাহ্নাঞিঁ<br>
চাহ এহার বিচারা ॥ ৪<br>
তোএঁ না জাণসি মোএঁ মাহাদাণী<br>
এ দান সব আহ্মারে।<br>
ভাণ্ডে ষোল পণ দিআঁ মাহাদান<br>
চল মথুরা নগরে ॥ ৫<br>
বিথর কালে বিথর শুণী<br>
হেন বিপরীত বাণী।<br>
আনেক সমএ মথুরার পথে<br>
ঘৃত দুধে মাহাদাণী ॥ ৬<br>
আজলী রাধা তোঁ আবালী বড়ী<br>
হের পাঞ্জী পরমাণে।<br>
আপণ চিহ্নিআঁ দিআঁ যাহা দান

BANGLADARSHAN.COM

রাখহ আপন মাণে ॥ ৭ ॥

-----

(এই খানে মূল পুথিতে একখানি পৃষ্ঠা নাই)

..মাহাদাণী এতকালে শুণী
হেন আচরিজ বাণী।
তোর বাপ মাএ লাজ নাহি তাএ
শুণ দেব চক্রপাণী ॥ ১৬
ক্রোধে কাহ্নাঞি রাধার আঞ্চলে
ধরি মনে মনে হাসে।
বাসলীচরণ শিরে বন্দীআঁ
গাইল বড়ু চণ্ডীদাসে ॥ ১৭ ॥

(২)

আহেররাগঃ ॥ একতালী ॥

বাটদান হাটদান লইলোঁ রাজঘরে।
তেকারণে আইলোঁ মোএঁ যমুনার তীরে॥
নিতি নিতি যাহা তোহ্মে মথুরা নগরে।
সব সুবিধান দান দেহ ত আহ্মারে ॥ ১
দিবেহেঁ দধির দাণ সুনহ গোআলীনী ॥
কংসের বিষএ আহ্মে হইএ মাহাদাণী ॥ ল ॥ ধ্রু
দেহ দধি ঘৃত দান যত হএ লেখে।
পসারের দান দিআঁ যাহা একে একে ॥
অভরস না কর সত্য আহ্মে বুইল।
তোহ্মার কারণে আহ্মে মাহাদাণ লইল ॥ ২
আহ্মার বচন তোহ্মে শুন শশিমুখী।
নেহত লাগিআঁ শত পঞ্চাস উপেখী ॥
এহা জাণী মোকে দেহ আলিঙ্গন দানে।
আপণ গৌরব রাধা রাখহ আপণে ॥ ৩
লেখা করে কাহ্নাঞিঁ আপণে খড়ী পাড়ী।
বাকী ভৈল রাধা তোতে নব লক্ষ কড়ী ॥
হএ নহে রাধা আপণে লেখা কর।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীবর ॥ ৪ ॥

(৩)
রামগিরীরাগঃ ॥ আঠতালা ॥

এহে।
সকল বএসে মোর এগার বরিষে।
বারহ বরিষের দান চাহ মোর কিসে॥
এতেকেঁ বুঝিল তোর কাজে ভাষ।
লোক সুণিলে তোকে হৈব উপহাস ॥ ১
পন্থ ছাড়ি দেহ কাহ্নাঞিঁ বিরোধ না কর।
তোর পুণ্যেঁ জাওঁ বিকে মথুরা নগর ॥ ধ্রু
নাগরশখর তোহ্মে নামে বনমালী।
তোর যোগ নহোঁ মোএঁ আতিশয় বালী ॥
আধিক পীড়এ যবেঁ ভুখিল ভষলে।
তভোঁ নাহি পাএ মধু কমলমুকুলে ॥ ২
বড়ার বহুআরী আহ্মে বড়ার ঝী।
মোর রুপ যৌবনে তোহ্মাতে কী ॥
দেখিল পাকিল বেল গাছের উপরে।
আরতিল কাক তাক ভখিতেঁ না পারে ॥ ৩
রতিকথা সখিমুখে না শুণীলোঁ কানে।
বারেক রাখহ কাহ্নাঞিঁ আহ্মার সমানে ॥
চরণে ধরোঁ তোর দেব নারায়ণ।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীগণ ॥ ৪ ॥

(৪)
মালবরাগঃ ॥ রূপকং ॥ লগনী ॥

তোর রূপ দেখি মোর চিত নহে থীর।
প্রাণ যেহ্ন ফুটি জাএ বুক মেলে চীর ॥ ১
যার প্রাণ ফুটে বুকে ধরিতেঁ না পারে।
গলাত পাথর বান্ধী দহে পসী মরে ॥ ২
তোহ্মে গাঙ্গ বারানসী সরুপেসিঁ জাণ।
তোহ্মে মোর সব তীর্থ তোহ্মে পুণ্যস্থান ॥ ৩
এ বোল বুলিতে কাহ্ন না বাসসি লাজ।

তোহ্মার মাউলানী আহ্মো শুণ দেবরাজ ॥ ৪
হইএ আহ্মো দেবরাজ তোহ্মে মোর রাণী।
মিছাই সম্বন্ধ পাত ভাগিনা মাউলানী॥৫
এ বোল বুলিতে তোর মণে বড় সুখ।
পরঘর পইসে যেহ্ন চোর পাটাবুক ॥ ৬
ভাল বোল বুলিলি তোঁ চন্দ্রাবলী রাণী।
আহ্মার মণের কথা কহিলেঁ আপুণী ॥ ৭
বিরহে পুড়িআঁ কাহ্ন হাকল বিকল।
জরুআ দেখিআঁ যেহ্ন রুচক আম্বল ॥ ৮
জাইবার বাসনা তোহ্মে ছাড়হ গোআলী।
গাইল বড়ু চণ্ডীদাস বন্দীআঁ বাসলী ॥ ৯ ॥

(৫)
কোড়ারাগঃ ॥ দণ্ডক ॥

সতীত্বং তব বিজ্ঞাতং রাধিকে বদ মাধিকং।
অধুনা মম দানস্য গণনায়াং মনঃকুরু॥

-----

হাথে খড়ী করী বোলোঁ মো কাহ্ন।
আইস ল রাধা লেখা করি দান ॥ ১
আহুঠ হাথ কলেবর তোর।
দুই কোটি দান তাহাত মোর ॥ ২
মাথাত কুসুমমাল রচনে।
এহাত আহ্মার লক্ষক দানে ॥ ৩
চামর জিনিআঁ চিকুর তোরে।
এহার দান দুঈ লাখ মোরে ॥ ৪
সিসের সিন্দূর ভূবন মোহে।
এহার দান তিন লক্ষ হএ ॥ ৫
নির্ম্মল শশি তোর মুখ দেখোঁ।
এহার দান চারি লাখ লাখোঁ ॥ ৬
নীল উপতল তোর নয়নে।
এহাত মোর পাঞ্চ লাখ দানে ॥ ৭
গরুড় সমান তোহোর নাশা।
এহাত ছয় লক্ষ দানের আশা ॥ ৮

শ্রবণে কুণ্ডল শোভএ তোরে।
এহার দান সাত লক্ষ মোরে ॥ ৯
মাণিক জিণিআঁ দশন শোহে।
এহার দান আঠ লাখ নহে ॥ ১০
বিম্বফলতুল তোর আধরে।
নব লক্ষ দান তাত আক্ষারে ॥ ১১
কণ্ঠদেশ তোর কম্বু সমানে।
দশ লক্ষ হএ এহাত দাণে ॥ ১২
বাহু মৃণাল কমল করে।
এগার লক্ষ দান তাহারে ॥ ১৩
নখপাঁতি তোর চন্দ্রিকা জিণে।
বার লক্ষ হএ এহার দানে ॥ ১৪
শ্রীফলযুগল তোহোর তনে।
এহার দান তের লক্ষ ধনে ॥ ১৫
ত্রিবলি মাঝা বাএ হালে তোরে।
চৌদ লক্ষ দান এহাত মোরে ॥ ১৬
উরু তোর রামকদলী সমানে।
পঞ্চদশ লক্ষ এহার দানে ॥ ১৭
পদযুগ থলকমল আকারে।
ষোল লক্ষ দান তাহাত আক্ষারে ॥ ১৮
হেম পাট জিণি তোহোর জঘনে।
চৌষাঠ লাখ তাত মোর দানে ॥ ১৯
বিণি দান দিআঁ নাহিঁ গমনে।
বোলে দামোদর সত্য বচনে ॥ ২০
মাসাএ বন্দিআঁ বাসলীপাএ।
আনন্ত বড়ু চণ্ডীদাস গাএ ॥ ২১ ॥

(৬)

মালবরাগঃ ॥ একতালী ॥

দুরুবার কংস নরপতী।
এহা জাণী ছাড়হ বিমতী ॥
যবেঁ তোরে মারিহে পরাণে
তবেঁ তোক রাখিব কোণ জনে ॥ ১

BANGLADARSHAN.COM

ছাড়হ আক্ষার থান।
আবিচারে হারায়িবি পরাণ ॥ ধ্রু
হইএ আইহন গোআলী।
যবেঁ বল করে বনমালী ॥
রাজা আগেঁ করিবো গোহারী।
তবেঁ তোক লআঁ যাবোঁ ধরী ॥ ২
হআঁ কাহ্ন বড়ার পো।
ভালো কাম না করসি তোঁ ॥
মতিমোষে মোকে কর বল।
ভুজিবি তোঁ লিখিত ফল ॥ ৩
না শুণিলি পুরাণ কথা।
না জাণসি ধরমবেবথা ॥
দান সাহ পরনারী আশে।
গাইল বড়ু চণ্ডীদাসে ॥ ৪ ॥

(৭)
মালবরাগঃ ॥ যতিঃ ॥ দণ্ডকঃ ॥

নীল জলদ সম কুন্তলভারা।
বেকত বিজুলি শোভে চম্পকমালা ॥ ১
শিশত শোভএ তোর কামসিন্দূর।
প্রভাত সমএ যেন উয়ি গেল সূর ॥ ২
ললাটে তিলক যেহ্ন নব শশিকলা।
কুণ্ডলমণ্ডিত চারু শ্রবণযুগলা ॥ ৩
নাসা তিলফুল তোর আতী আনুপামা।
গণ্ডস্থল শোভিত কমলদল সমা ॥ ৪
নয়নযুগল শোভে যেহ্নে খঞ্জনে।
ঈসত কটাক্ষে মোহে মুনিমনে ॥ ৫
বিম্বফল জিণী তোর আধরের কলা।
মাণিক জিণিআঁ তোর দশন উজলা ॥ ৬
কণ্ঠ কম্বুসম কুচ কোকযুগলা।
বাহু মৃণাল কর রাতা উতপলা ॥ ৭
কনকচম্পক সম শোভে কলেবরা।
মাঝা দেখি সিংহ গেলা পর্ব্বতকুহরা ॥ ৮

BANGLADARSHAN.COM

নাভি গভীর তোর প্রেয়াগ উপামা।
উরুমুগ রামকদলীতরুসমা ॥ ৯
মন্থর গমনে যাসি ভাঁগিবার ডরে।
তা দেখিআঁ বনবাস লৈল করীবরে ॥ ১০
অমরপুরত নাহিঁ হএ হেন রামা।
বিধি কৈল জঙ্গমে কনকপ্রতিমা ॥ ১১
দেবাসুরেঁ মহোদধি মথিল তোক্ষারে।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীবরে ॥ ১২ ॥

(৮)
আহেররাগঃ ॥ লঘুশেখরঃ ॥

জীবার আন্তরে কাহ্নাঞিঁ হৈলা মাহাদানী।
দান ছাড়ী পরনারী কিসক বাখানী ॥
সকল বেভার তোর দেখি বিপরীতে।
কোণ গুরু শিখাইল হেনক চরিতে ॥ ১
ছারহ বিবুধি কাহ্নাঞিঁ সুণ মোর বোল।
দধি দুধ নঠ মোর আর ঘৃত ঘোল ॥ ধ্রু
কালী তোর মুখে দিল যশোদাএঁ তনে।
আজি দানী হআঁ মোরে মাঙ্গ মাহাদাণে ॥
হেন আলাগন কথা শুণী কোণ রাজে।
তোক্ষার মুখত কাহ্নাঞিঁ নাহিঁ কিছু লাজে ॥ ২
এ বার বরিষ মোর তের নাহিঁ পূরে।
এহা দেখি রসত মন কর দূরে ॥
রুপস শরীর মোর কিছু নাহিঁ কাজ।
কেতকী কুসুম যেন ধুলীএঁ সাজ ॥ ৩
গোআল জাতী আক্ষে জাই এ দধি বিকে।
কাজ বিণি কাহ্নাঞিঁ রহাঅসি কিকে ॥
ঘুচাহ কচাল কাহ্নাঞিঁ তেজ মোর আশে।
বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাসে ॥ ৪ ॥

(৯)
কোড়ারাগঃ ॥ একতালী ॥

হংস রএ সরোঅরে        শুআহো পাঞ্জরে
কুয়িলী সে নন্দনবনে।
একে একেঁ সখিজন        সক্ষাক বোলাইলোঁ
না পাইলোঁ তোক্ষার বচনে ॥ ১
বালি যাইবে ল আক্ষা উপেখিআঁ।
এড়িতেঁ না ফুরে মন যৌবন দেখিআঁ ॥ ধ্রু
সোনার কটুআ দুটি মাণিকে পুরাআঁ।
নেত বসন তাত ওহাড়ন দিআঁ ॥
আক্ষা ভাণ্ডী লআঁ যাহ আমূল ভাণ্ডার।
কাঞ্চুলী ঘুচাআঁ লৈবোঁ তাহার বিচার ॥ ২
সংপুন পুনমীচাঁদ তোক্ষার বদন।
কাঞ্চ হলদি যেন তোক্ষার বরণ ॥
আকাইলেক কেশ তোর মুঠিএক মাঝা।
তোর রূপেঁ মোহো গেলা ত্রিদশের রাজা ॥ ৩
তোর মুখে দেখি রাধা খাণিএক হাস।
দেখোঁ দশনের যুতী চন্দ্র পরকাশ ॥
ছাড়হ বিমতী রাধা দেহ আলিঙ্গন।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীগণ ॥ ৪ ॥

(১০)
মল্লাররাগঃ ॥ রূপকং ॥ লগনী ॥

আরে ভৈরবপতনে গাঅ গড়াহলি গিআঁ।
গঙ্গাজলে পৈস গলে কলসি বান্ধিআঁ ॥
হেন যদি কর কাহ্নাঞিঁ আক্ষার বচনে।
তবেঁ তোর হএ পাপ সাগর মোচনে ॥ ১
বিচারিআঁ চাহ কাহ্নাঞিঁ আগম পুরাণে।
কত পাপ হএ কৈলেঁ পরদার মনে ॥ ধ্রু
তোর দুই উরু রাধা ভৈরবপতনে।
নিকটে থাকিতেঁ দূর জাইবোঁ কি কারণে ॥
তোর দুঈ কুচকুম্ভ বান্ধি নিজ গলে।
বোল রাধা পৈসোঁ মো লাবণ্যগঙ্গাজলে ॥ ২
সুন সুবদনী রাধা আইহনের রাণী।
পাপের খণ্ডনবুধী আক্ষে ভালে জাণী ॥ ধ্রু

কিছু না বুঝছি কাহ্নাঞিঁ ধরম বেবথা।
আন বুলিতেঁ আন পাতসি কথা ॥
বুঝিল কাহ্নাঞিঁ বুঝিল তোহ্মার মন।
তোহ্মা হেন পৃথিবীতে নাহিঁক টেটন ॥ ৩
বিরোধ না কর কাহ্নাঞিঁ জাইতেঁ দেহ ঘর।
বিহাণ আইলাহোঁ ভৈল তিঅজ পহর ॥ ধ্রু
আহ্মার বচন রাধা সুন পরমান।
বিণি রতি পাইলেঁ তোক না এড়িবে কাহ্ন ॥
এআ জাণী বৈশ রাধা আহ্মার পাশে।
বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাসে ॥ ৪
আহ্মার পাশক রাধা আইস সত্বরে।
নহেত বান্ধিআঁ থুইবোঁ দানের আন্তরে ॥ ধ্রু ॥

(১১)
পাহাড়ীআরাগঃ ॥ রূপকং ॥

নিশম্য কৃষ্ণবচনং রাধিকাধিমতী সতী।
বেপমানতনুস্তন্বী জগাদ জরতীমিদং॥
-----
পাখি জাতি নহোঁ বড়ায়ি ঊড়ী পড়ি যাওঁ।
যথাঁ সে কাহ্নাঞিঁর মুখ দেখিতেঁ না পাওঁ ॥
হেন মনে করে বিষ খাআঁ মরি জাওঁ।
মেদনী বিদার দেউ পসিআঁ লুকাওঁ ॥ ১
সরূপেঁ মরিবোঁ তবেঁ শুণহ বড়ায়ি।
পন্থে বল করে যবেঁ আবাল কাহ্নাঞিঁ ॥ ধ্রু
দধি খাএ ভাণ্ড ভাগেঁ দুধে দেয়ি পাণী।
সমুন্ধ না মানে সে ভাগিনা মাউলানী ॥
তিন লোক খাআঁ বোলে আহ্মার গোআলী।
জগজনে বোলে সে ভাগিনা বনমালী ॥ ২
শিশু হেন দেখি কাহ্ন বড় কাজ করে।
এড় এড় বুলিতেঁ আধিকেঁ করে ধরে॥
তার বোল বুলিতেঁ সব গাঅ বিষ জলে।
নান্দো যশোদার পোঅ পন্থে বল করে ॥ ৩
আতিবড় দুরুজন বাটত কাহ্ন।

BANGLADARSHAN.COM

বার বরিষের মোকেঁ মাঁগে মাহাদান ॥
দাণ ঘাটের কাহ্নু এড়ু পতিআশে।
বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাসে ॥ ৪ ॥

(১২)
পাহাড়ীআরাগঃ ॥ ক্রীড়া ॥

বিচিত্র খোঁপার উপরেঁ রাধা
পুষ্প তোর শোভে মাথে।
কণ্ণের কুণ্ডল রতনে উজল
তোর মুখ নিশানাথে॥
শিশের সিন্দুর সুরেখ শোভে
আর দশনের যুতী॥
বন্ধুলী জিণিআঁ তোহ্মার আধর
গিএ শোভে গজমতী ॥ ১
রাধে দাণের কর সুসারে।
পালাইলেঁ দান এড়ান না জাএ
পাইলে মুল আফারে ॥ ধ্রু
বারেঁ বারেঁ যাহা দধি দুধ লআঁ
পালাইআঁ আন পথে।
দৈবযোগেঁ আসি এবার রাধা
পড়িলা আহ্মার হাথে ॥
একবারেঁ তোর সব দান লৈবোঁ
আর খাইবোঁ দধী।
আহ্মে জগন্নাথ ত্রিদশ ঈশর
তোহ্মে নাহিঁ জন সুধী ॥ ২
বাহু যুগ তোর কনক মৃণাল
কুচ উলট কটোরে।
মুঠি এক মাঝা গরুঅ জঘন
তাত বড় লোভ মোরে॥
উরুযুগ রাম কদলী চরণ
থলকমল আকারে।
এক এক আঙ্গে লক্ষ লক্ষ দান
উচিত হএ আহ্মারে ॥ ৩

BANGLADARSHAN.COM

এহা দান দিআঁ আপণ ইছাএ
চলহ মথূরা নগরে।
যবেঁ দান দিতে না পারহ রাধা
শুন আহ্মার উত্তরে ॥
ঈসত হাসিআঁ পাসত বসিআঁ
পুরহ আহ্মার আশে।
বাসলীচরণ শিরে বন্দীআঁ
গাইল বড়ু চণ্ডীদাসে ॥ ৪ ॥

(১৩)
রামগিরীরাগঃ ॥ রূপকং ॥

সাসু নিষধিল মোরে বালী ল বহু
দধি বিকে না জাইহ কালী।
উ বেলি না জাইহ মথুরার হাটে ল।
ভাণ্ড ভাঁগিব তোর কাহ্নে।
আল
দধি খাইব তোর আনে।
আল
রাজভাগিনা বল করিব তোরে বাটে ॥ ১
আল
মোরে তেজ বনমালী।
সাসু দুরুবার ঘরে পাড়িব গালী ॥ ধ্রু
মোএঁ আইহন বীরের গোআলী।
আল
বল না কর বনমালী।
কংসে সুধি পাইলেঁ হইবেঁ তোহ্মে আপোষে।
মোএঁ কান্দিআঁ সাসু জাণায়িবোঁ।
তোর কাহ্নাঞিঁ নাম পেলাইবোঁ।
পাছেঁ বুলিবেঁ আবালী রাধার দোষে ॥ ২
কাল হাণ্ডির ভাত না খাওঁ।
কালিনী রাতি মোঁ প্রদীপ জালিআঁ পোহাওঁ।
কাল গাইর ক্ষীর নাহিঁ খাওঁ।
কাল কাজল নয়নে না লওঁ।

BANGLADARSHAN.COM

কাল কাহ্নাঞিঁ তোক বড় ডড়াওঁ ॥ ৩
আঠ চারি বরিষের বালা।
তোর মাথে শোভে ঘোড়া চুলা।
এহা বুঝী তেজহ কাহ্নাঞিঁ আহ্মার পাশে।
তেজ মিছা মাহাদানে।
ঘর যাহা নিজ মানে।
বাসলী বন্দিআঁ গাইল বড়ু চণ্ডীদাসে ॥ ৪ ॥

(১৪)
রামগিরীরাগঃ ॥ রূপকং ॥

কাল আখরেঁ তীন ভুবন বিচার।
কাল মেঘের জলে জীএ সংসার॥
কাল গাইর ক্ষীর লাগে বড় কাজে।
কাল রতনে হার শোভে দেবরাজে ॥ ১
আকারণে আল রাধা নিন্দসি কৃষ্ণ কালা।
সর্ববাঙ্গে সুন্দর নান্দো যশোদার বালা ॥ ধ্রু
কাল চিকুর শোভে মাথার উপরে।
কাল ভুরুহী শোভে বদনকমলে ॥
কাল ভ্রমরে কমলবন শোহে।
কাল কাজনে নারী জগজন মোহে ॥ ২
কাল নাঞ্ছন কোলে ধরে শশধরে।
কাল আলকপাঁতী শোভএ কপোলে॥
কাল উতপল নয়নে শোভসি গোআলী।
কাল সুন্দর দেহেঁ শোভে বনমালী ॥ ৩
কাল মেঘের পাশে শোভে পুনমির চন্দ।
এহা বুঝী না কর রাধা তোঁ মন মন্দ॥
কাল কাহ্নের এবেঁ ধরহ বচন।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীগণ ॥ ৪ ॥

(১৫)
দেশাগরাগঃ ॥ লঘুশেখরঃ ॥

কাল কাহ্নাঞিঁ তোহ্মে আহ্মা না উপেখ।

BANGLABOOKS.IN.COM

কামে আন্ধল হআঁ বাট নাহিঁ দেখ ॥
কাল শরীর কাহ্নাঞিঁ কাল তোর মন।
দানছলেঁ বাট পাড় সর্ব্বখন ॥ ১
আবুধ ছাওয়াল কাহ্নাঞিঁ মাঙ্গসি দান।
আইহন জানাআঁ তোর লইবোঁ পরাণ ॥ ধ্রু
কাঞ্চুলী ভাঁগসি মোর ছিণ্ডসি হার।
মিছাই লোড়সি কাহ্নাঞিঁ আহ্মার পসার॥
দধি দুধ ঘৃত খাইলি ভাঁগিলি ভাণ্ড।
গোআলকুলে কি তোহ্মে উপজিল সাণ্ড ॥ ২
ঘৃত দধি দুধ ঘোল ছাড়াআঁ মোর।
বিমুখ হয়িআঁ খলখলি হাস তোর।
তভোঁহোঁ নিলজ কাহ্নাঞিঁ মাঙ্গসি দাণ।
তোর মোর হৈবে কাহ্নাঞিঁ বড়ায়ি বাখান ॥ ৩
আপণা চিহ্নিআঁ কাহ্নাঞিঁ জাহা নিজ ঘর।
মিছাই সাধহ দাণ হআঁ আছিদর ॥
পন্থ ছাড় কাহ্নাঞিঁ তেজ রতি আশে।
বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাসে ॥ ৪ ॥

(১৬)

দেশাগরাগঃ ॥ লগনী ॥ ক্রীড়া ॥

আতি রুপসী পদুমিনী জাতী
দেখি থীর নহে মনে।
তোর বিরহে চিত্ত বেআকুল
মোএঁ না জীবোঁ কেনমনে ॥ ১
হেনক বচন না বোল কাহ্নাঞিঁ
তোর বাপে নাহিঁ লাজ।
সোদর মাউলানীত ভোলে পড়িলাহা
দেখিআঁ রুপস কাজ ॥
মদনবাণে চিত্ত বেআকুল
কিবা ঘোসসি মামী মামী।
মিছা কাজে মোকে ভাণ্ডিতেঁ চাহ
সকলে জাণিএ আহ্মী ॥ ৩
ছাওআল কাহ্নাঞিঁ বোল না বুঝসি

BANGLADARSHAN.COM

বুঝিল তোহ্মার মতী।
মো জে গোআলিনী আবালী রাধা
না জাণো রঙ্গ সুরতী ॥ ৪
আহ্মে সে কাহ্নাঞিঁ গোআল নাগর
তোহ্মার বার বরিষে।
নহুলী যৌবন আতি শুশোভন
সুরতি দেহ হরিষে ॥ ৫
প্রথম যৌবন মুদিত ভাণ্ডার
তাত না সম্বাএ চুরী।
আহ্মার যৌবন কাল ভুজঙ্গম
ছুইলেঁ খাইলেঁ মরী ॥ ৬
আহ্মে সে কাহ্নাঞিঁ তোহ্মে চন্দ্রাবলী
তোহ্মা না ছাড়ী।
তোহ্মার যৌবন কাল ভুজঙ্গম
আহ্মেহো ভাল গারুড়ী ॥ ৭
নাগর কাহ্নাঞিঁ মোকে বিগুতে
আশেষ নেআঅ জুড়ী।
কোণ বিবুধিএ এহা হেন পথে
আনিলে দারুণী বুঢ়ী ॥ ৮
নাগর দেখিআঁ দেহ আলিঙ্গন
কিকে কর আভিরোষে।
আহ্মার করমে তোহ্মাক আণিলে
বড়ায়ির কমণ দোষে ॥ ৯
তপত দুধ নালে না পীএ
জুড়ায়িলেঁ সোআদ তাএ।
নহুলী যৌবন কাঁচ শিরিফল
তাহাক কহো নাহিঁ খাএ ॥ ১০
যাত খিধা বসে নাগরি রাধা
কিবা তার কাঁচ পাকাএ।
যেমনে পাএ তেমনে খাএ
যা নাহিঁ খিধা পালাএ ॥ ১১
দীঠি দীঠি চাহি বোলোঁ মো কাহ্নাঞিঁ
আহ্মাক এড়িতেঁ জুআএ।

BANGLADARSHAN.COM

সমুখ দীঠে পড়িলে বনত
ভুখিল বাঘ না খাএ ॥ ১২
আহ্মার বচনে সুন্দরি রাধা
মনেত কর হরিষে।
বাসলীচরণ শিরে বন্দীআঁ
গাইল বড়ু চণ্ডীদাসে ॥ ১৩ ॥

(১৭)

কোড়ারাগঃ ॥ একতালী ॥

বেদ উদ্ধারিলোঁ ক্রীড়া সাগরজলে
নীলাএ আহ্মে মুরারী।
দৈত্য দলিলোঁ আসুর সংহারিলো
শঙ্খ চক্র গদা ধরী ॥ ১
নটক কাহ্নাঞিঁ কপট মতী
কত না পাতসী মায়া।
তোহ্মার পরাণে বেদ উদ্ধারিল
সপত পাতাল গিআ ॥ ২
রামরূপেঁ রাবণ বধিলোঁ
লঙ্কা কইলোঁ ছারখার।
লক্ষণ সহাএঁ সাধিলোঁ মান
সীতার কইলোঁ উদ্ধার ॥ ৩
আকাশপ্রমাণ লঙ্কার গড়
তোহ্মার পরাণে তথাঁ জাই।
গরু রাখোআল গোঠে থাকহ
মিছা বোলহ দুঈ ভাই ॥ ৪
আহ্মে যে কৃষ্ণ হরি বনমালী
কৌতুকেঁ রাখিলোঁ গাই।
মিছা না বোলোঁ আপণ বলেঁ
দান সাধোঁ দুঈ ভাই ॥ ৫
আছিদর কাহ্নাঞিঁ বোল না বুঝসি
মুখত বজর বসে।
শুণিলেঁ কংস মরিআঁ জাইবি
আপন করমদোষে ॥ ৬

বরাহ রূপেঁ দান্তের আগে
তোলী ধিরলোঁ মহী।
নরসিংহ রূপেঁ হিরণ্য বিদারিলোঁ
তোহ্মে না জাণহ রাহী ॥ ৭
বুঝিল কাহ্নাঞিঁ তোহ্মার বিরত
মিছা না করহ দাপে।
আছুক তোহোর কথা হেন করিতেঁ
নারে তোর বাপে ॥ ৮
অবুধ গোআলিনী বোল না বুঝসি
মোর না জাণসি কূল।
ক্ষত্রিয় কুলে জরম আহ্মার
বীর পিতা শ্রীবসুল ॥ ৯
না কর জঞ্জাল যাওঁ মথুরা
ছাড়হ আহ্মার আশে।
বাসলীচরণ শিরে বন্দীআঁ
গাইল বড়ু চণ্ডীদাসে ॥ ১০ ॥

(১৮)

গুজ্জরীরাগঃ॥রূপকং॥

তোর রূপ দেখি গদাধর।
মদনে বেধিল আন্তর॥
তোর বস ভৈল বনমালী
বিমতি ছাড়হ চন্দ্রাবলী ॥১
কেহ্নে দুখ ভাবহ মনে।
দেহ মোরে সরস বচনে ॥ধ্রু
এ তোর উন্নত যৌবনে।
নিফল কর অকারণে॥
থিরমতী বুঝহ আপণে।
অনুচিত না বোল বচনে ॥২
তভোঁ নাহিঁ তেজোঁ তোহ্মারে।
যদি জাএ জীবন আহ্মারে॥
তোহ্মাত মজিল মোর মণে।
নিবারিব কাহার পরাণে॥৩

BANGLADARSHAN.COM

আঁচলে ধরিলোঁ রতি আশে॥
কেহ্নে মোর কর নিরাসে॥
মনসুখেঁ বৈশ মোর পাশে।
গাইল বড়ু চণ্ডীদাসে॥ ৪ ॥

-----

কৃষ্ণস্য বচনং শ্রুত্বা রাধিকাধিমতী সতী।
বেপমানতনুস্তন্বী জগাদ জরতীমিদং॥

-----

(১৯)

কোড়াদেশাগরাগঃ ॥ একতালী ॥

বোলেঁ প্রবোধিতেঁ সুন বড়ায়ি ল
বড় নটক কাহ্নাঞিঁ।
ঘরক জাইতেঁ মোর সুন বড়ায়ি ল
কিছু উপায় নাহিঁ ॥১
কাহ্নাঞিঁ বড় দুরুবার সুন বড়ায়ি ল
তোহ্মে কর প্রতিকার ॥ধ্রু
কাহ্নাঞিঁর হাথে পড়ী সুন বড়ায়ি ল
মোএঁ হারায়িলোঁ বুধী।
উদ্ধার পাইএ যেন সুন বড়ায়ি ল
তোহ্মে চিন্ত সেহী শুধী ॥২
না জাণাইহ কাহ্নাঞিঁকে সুন বড়ায়ি ল
তবেঁ নহে মোর ডর।
সুণিলেঁ সে আস পাইব সুন বড়ায়ি ল
কাহ্নু বড় আছিদর ॥৩
যুগতী করিউ এবেঁ সুন বড়ায়ি ল
তোর মোর একমনে
গাইল বড়ু চণ্ডীদাস সুন বড়ায়ি ল
বাসলীগণে ॥ ৪ ॥

(২০)

পাহাড়ীআরাগঃ ॥ একতালী ॥ লগনী॥

না জাইব আল রাধা মথুরা নগর।

বাটে দুরুবার কাহ্নাঞিঁ নান্দের সুন্দর ॥১
নিছন লইআঁ কাহ্নাঞিঁ থাকু এক বাটে।
আন পথে যাইব বিকে মথুরার হাটে ॥২
যে বাটে যাইবি হাত দধি ঘৃত লআঁ।
সবই কাহ্নাঞিঁ তোর খাইব তথা গিআঁ ॥৩
সেহো পথে যবেঁ কাহ্নাঞিঁ করে মোরে বল।
তোর মোর মেলিআঁ করিব তার ফল ॥৪
দধি দুধ খাইবেক ভাঁগিবেক ভাণ্ড ১৩।
হৃদের কাঞ্চুলী তোর করিবে খণ্ড খণ্ড ॥৫
কাহ্নাঞিঁ দেখিআঁ বড়ায়ি তোকে লাগে ডর।
মাগুকিলে মারোঁ আজি যবেঁ করে বল ॥৬
এথাঁসি সুন্দরি রাধা কর কাঠদাপ।
তথাঁ গেলেঁ হইবি যেহ্ন বাদিআর সাপ ॥৭
তোহ্মার বচনে বড়ায়ি মোতে ভৈল ভএ।
কি বুধি করিব এবেঁ বোলহ উপাএ ॥৮
দারুণ কাহ্নাঞিঁ দুরিত তার মন।
চল রাধা পথ এড়ি যাইউ বনে বন ॥৯
বনে যাইতেঁ বড়ায়ি কাহ্নাঞিঁ যবেঁ পাএ।
তবেঁ না করিব বড়ায়ি কমণ উপাএ ॥১০
দারুণ কাহ্নাঞিঁ যবেঁ লাগ পাএ বনে।
অপণেহি তবেঁ রাধা দিবোঁ মাহাদাণে ॥১১
নটক কাহ্নাঞিঁ যবেঁ নাহিঁ লএ দাণে।
তবে কি করিব বড়ায়ি চিন্তহ আপণে ॥১২
যে বুধি এড়ায়িএ রাধা সে বুধি করিব।
ঘরে গেলেঁ ভাল মন্দ কিছু না কহিব ॥১৩
যতনে চিন্তিহ বড়ায়ি কিছু পরকার।
যেমতেঁ আহ্মার হএ এবার উদ্ধার ॥১৪
বিণি রতি পাইলেঁ কাহ্নাঞিঁ না এড়িব তোরে।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীবরে ॥ ১৫ ॥

## (২১)

দেশবরাড়ীরাগঃ ॥ একতালী॥

অবুধ গোআলী না বুঝ মতিমোহে।

BANGLADARSHAN.COM

বিরহে বেআকুল কাহ্নাঞিঁ বেড়াএ বিছোহে॥
তোহ্মাত লাগিআঁ কাকুতি করে কাহ্ন।
তোহ্মার অন্তরে পথে সাধোঁ মাহাদান॥১
তোহ্মার আনুমতীএঁ মাণিকে হিরা বিন্ধে।
বিরহে বিকল কাহ্নাঞিঁ কাপড় না পিন্ধে ॥ধ্রু
তোহ্মাক চিন্তিআঁ কাহ্নাঞিঁ ভাত নাহি খাএ।
চারি পহর রাতি নিদ্রাহো না জাএ॥
আইস বোলোঁ গোআলিনী সুণ মোর বোল।
জিআঅ কাহ্নাঞিঁ রাধা দিআঁ চুম কোল ॥২
কণ্ণের কুণ্ডল তোর মাণিক উজলে।
সিসের সিন্দুর ভুজবলএ উজলে॥
সফল করহ দেহা দেহ আনুমতী।
কথাঁ না দেখিলী রাধা নারী হএ সতী ॥৩
কাহ্নাঞিঁর নেহা রাধা বড় পুনে পাইএ।
মইলেঁ মুকুতি কিবা সুরপুর জাইএ॥
এবোঁহো সুন্দরি রাধা পুর মোর আশ।
বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাস ॥ ৪ ॥

## (২২)

পাহাড়ীআরাগঃ ॥ ক্রীড়া ॥

কৃষ্ণস্য বচনং শ্রুত্বা রাধিকাধিমতী সতী।
বেপমানতনুস্তন্বী জগাদ জরতীমিদং॥
তোহ্মে যবেঁ বোল বড়ায়ি হেন সতন্তরে।
আহ্মার নিস্তার তবেঁ নাহিঁক দুতরে॥
সুণিলেঁ আইহন মোরে করিব আপোষ॥
তোহ্মে এক ভিতে হৈবেঁ আহ্মা লআঁ দোষ ॥১
এবেঁসি জানিলোঁ তোর ভাল নহে মনে॥
যবেঁ কাঢ়ায়িলি বাট দুসহ আরণে ॥ধ্রু
তোহ্মে বড়ায়ি বোলে চালে হআঁ যাবি পার।
আহ্মে ত করিব তথাঁ কৌণ পরকার॥
বল করি ছিণ্ডিবেক সাতেসরী হার।
দেখিআঁ বা কি বুলিব ঘরের গোআল ॥২
আকারণে এহা পথে আণায়িলী মোরে।

মিছেঁ ছাচেঁ কাহ্নাঞিঁ ভাণ্ডাআঁ যাই ঘরে॥
এবার ভাণ্ডাআঁ যবেঁ কাহ্নাঞিঁক জাইএ।
আর বার তবেঁ বড়ায়ি মথুরা না জাইএ ॥৩
তোঁ হেন বড়ায়ি ছিতে মোর হএ ডরে।
এ পুণি তোহ্মার লাজ বুঝাহ অন্তরে॥
এহা জানি যেহি যোগ্য সেহি থীর কর।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীবর ॥ ৪ ॥

-----

মদীয়মানসোল্লাসি সাধূক্তং রাধিকে ত্বয়া।
অথ স্মরশুচঃ পাহি দুঃস্বনং সর্ব্ব বর্ণনা॥

-----

(২৩)

কেদাররাগঃ ॥ রূপকং ॥

বনে বনে পালাইআঁ রাধা যবেঁ জাএ।
আগুছিআঁ বাটে তবেঁ কাহ্নাঞিঁ রহাএ॥
তাক দেখি বড়ায়ি পালটি অথবেথে।
অতিবড় ঠেঙ্গালি রহিলী মূল পথে ॥১
একসরী রাধা দেখি কাহ্নাঞিঁ মনে গুণে।
পালিল বড়ায়ি মোর পূর্ব্ববচনে ॥ধ্রু
বড়ায়ি বড়ায়ি বুলি অঝর নয়নে।
কান্দএ একসরী রাধা মাঝ বনে॥
লোহ মুছিআঁ কাহ্ন আপনে বসনে।
না করিহ ভয় রাধা বুলিল বচনে ॥২
এবেঁ দেখ মোর মুখ তুলী দুয়ি আখী।
এহা ঘোর বনে রাধা কেহো নাহিঁ সাখী॥
তোহ্মার আহ্মার রাধা প্রথম যৌবন।
সুরত সংভোগে করী সফল জীবন ॥৩
দূর করোঁ তোর হার ঘন পীন তনে।
আঅর সন্দেশ লওঁ বাহুর কঙ্কনে॥
এবেঁ রসমনে রাধা কর পরিহাস।
বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাস॥ ৪ ॥

BANGLADARSHAN.COM

(২৪)

মালবরাগঃ ॥ রূপকং ॥

যবেঁ জাওঁ আল কাহ্নাঞিঁ মথুরার হাটে।
আহ্মাক নেহালী তোহ্মে যাহা বাটে বাটে॥
তবেঁসি জাণিল আহ্মে দৈবের ঘটন।
আহ্মা না ছাড়িব কভোঁ নান্দর নন্দন ॥১
সুন্দর কাহ্নাঞিঁ তবেঁ যাওঁ তোর কোল।
কভোঁ না লঙ্ঘিভেঁ যবেঁ আহ্মার বোল ॥ধ্রু
মাথার মুকুট কাহ্নাঞিঁ ভাঁগি জুণি জাএ।
যোড় হাথ করি কাহ্ন বোলোঁ তোর পাএ।
ছিণ্ডি জুণি জাএ কাহ্নাঞিঁ সাতেসরী হারে।
আর নঠ না করিহ সব আলঙ্কারে ॥২
আতিশয় না চাপিহ আধর দাতেঁ।
সখি সব দেখিআঁ বুলিব দন্তঘাতে॥
নখঘাত না দিহ মোর পয়োভারে।
আইহন দেখিলেঁ মোর নাহিঁক নিস্তারে ॥৩
কোঁঅলী পাতলী বালী আহ্মে চন্দ্রাবলী।
ভএ কাম্পো যেহ্ন নব কদলীর বালী॥
আলিঙ্গন দিহ মোরে দয়া ধরী মনে।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীগণে ॥ ৪ ॥

-----

রাধিকানুমতিমাপ্য মাধবঃ সম্বরারিশরদূনমানসঃ।
অদ্ভুতক্রমমুদারবিক্রমো বল্লুমেবমকরোদ্রিপুক্রমং॥

-----

(২৫)

গুজ্জরীরাগঃ ॥ রূপকং ॥

আতী বুঢ়ী না দেখোঁ নয়নে॥
জায়িতেঁ নারোঁ ত্বরিত গমনে॥
পথ হারাইলোঁ বৃন্দাবনে।
তোহ্মাক তেজিলোঁ তেকারণে ॥১
তোহ্মে মোরেঁ না করিহ রোষে।
একসরী ভৈলোঁ দৈব দোষে ॥ধ্রু

তোহ্মে গেলা আহ্মার আগে।
দৈবযোগে কাহ্নু পায়িল লাগে॥
তোহ্মে দুখ না ভাবিহ মনে।
আপণা রাখিএ আপণে ॥২
হের তোর চুম্বওঁ বদনে।
তোহ্মে মোর দুয়জ পরাণে॥
তোক পাআঁ জীলোঁ একবারে।
বিধি মোর করিল নিস্তারে ॥৩
না দেখিআঁ তোর আভরণে।
যদি মোরেঁ পুছে আইহনে॥
তবেঁ কি বুলিব তার পাশে॥
গাইল বড়ু চণ্ডীদাসে ॥ ৪ ॥

(২৬)

দেশাগরাগঃ ॥ রূপকং ॥

যমুনার তীরে কদমের তলে
কাঞ্চুলী ভিজিআঁ গেল ঘামে।
হংসে যেহ্ন সরোবর বিগুতিল বড়ায়ি ল
তেহ্ন রাধা বিগুতিলে কাহ্নে ॥১
বুলিহ বিলিহ বড়ায়ি আইহনের ঘরে।
কাহ্নাঞিঁ রহাইল দানের ছলে ॥ধ্রু
হার কেয়ূর আর যত আভরণ সব
নিলে কাহ্নাঞিঁ মোর বলে।
যতেক যতেক তার আছিল মনের সন্তাপ
সুঝায়িল নিকুঞ্জতলে ॥২
বাহু মোর মোড়িআঁ বলয় সব ভাঁগিলেক
ভাঁগিলেক তনের আঞ্চলে।
শুন পান্তরে কাহ্নাঞিঁ লাগ পাইল।
বলেঁ নিআঁ করিলেক কোলে ॥৩
অনেক প্রকারেঁ কাকুতী করিল
না দিলোঁ সুরতীর আশে।
এহি তত্ত্ব বুইলোঁ এবেঁ জাই নিজ ঘর
গাইল বড়ু চণ্ডীদাসে ॥ ৪ ॥

# নৌকাখণ্ড

(১)

মালবরাগঃ ॥ রূপকং ॥ লগনী চিত্রকং ॥

রাধারতিরসন্যস্তমনাঃ কৃষ্ণো মনাগপি।
গতিমাতন্য নু ক্বাপি জগাদ জরতীং চিরাৎ॥

রাধাক না পাআঁ মোর বেআকুল মনে।
রাতি দিন নিন্দ না আইসে তাহার কারণে ॥১
উনমত ভৈলোঁ বড়ায়ি রাধার বিরহে।
তার দরশন বিণি প্রাণ না রহে ॥২
আইহনের রাণী রাধা বড় আছিদরী।
বোলেঁ চালেঁ তোর থান আণিতেঁ না পারী ॥৩
আপণেয়ি কিছু বোল বুদ্ধি পরকার।
সেহি মতেঁ করিবোঁ তোহ্মার উপকার ॥৪
আহ্মা হেতু রাধিকারে বুলিহ কপটে।
দধি দুধ বিচি নিআঁ মথুরার হাটে ॥৫
এবার তোহ্মাক লআঁ যাইব আন পথে॥
তবেঁ না পড়িব রাধা কাহ্নাঞিঁ র হাথে ॥৬
তোহ্মার বচন মোর লাগিল হৃদয়ে।
উপসন্ন হৈল হের বরিষা সমএ॥৭
আহ্মা রাধা লআঁ যাইব মথুরার হাটে।
নাঅ লআঁ থাক তোহ্মে যমুনার ঘাটে॥৮
তোহ্মার বচনে আহ্মে হরষিত মনে।
নাঅ বান্ধিতেঁ গিআঁ করিঊ যতনে ॥৯
গাছ চাহিতেঁ আহ্মে জাইএ বৃন্দাবনে।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীগণে॥১০ ॥

(২)

রামগিরীরাগঃ ॥ রূপকং ॥

আগু জাএ বড়ায়ি হাথত করী লড়ী।
পাছে গোআলিনী নৈল দধির চুপড়ী ॥
ধিরে ধিরে যাএ বড়ায়ি যমুনার ঘাটে।

BANGLADARSHAN.COM

যাত কাহ্ন মাহাদানী তেজিআঁ সে বাটে॥১
সব গোআলিনী যাএ বড়ায়ির সঙ্গে।
লাস হাস পরিহাস করি নানা রঙ্গে ॥ধ্রু
ষোল শত গোপীজন করি কোলাহল।
জায়িতেঁ হরষিত মণে গায়িতেঁ মঙ্গল॥
বড়ায়ির মুখ চাহি সব সখি গোআলিনী।
মথুরা লড়িলী বড়ায়ি হআঁ আগুআনী ॥২
কথো খনে গিআঁ যমুনার ঘাট পাইল।
সক্ষেই যমুনাঘাটে পসার নাম্বায়িল॥
সক্ষাঞিঁ যুগতি করি পুছিল বড়ায়ি।
পারকর মথুরাক ঘাটোআল কহী ॥৩
বুলিতেঁ লাগিলী বড়ায়ি শুন ল নাতিনী।
হোর আছে ঘাটোআল লআঁ নাঅখানী॥
ডাক দেহ চন্দ্রাবলী চিত্তের হরিষে।
বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাসে॥ ৪ ॥

(৩)

পাহাড়ীআরাগঃ ॥ প্রকীর্ণক লগনী ॥ লঘুশেখরঃ ॥

বোলেন্ত কাহ্নাঞিঁ নাঅ কুলত চাপাআঁ।
আইস সব গোআলিনী নাএ চড়সিআঁ ॥১
যমুনা দেখিআঁ মনে ডরায়িলী রাহী।
বুইল পার কর আগু মোর সব সহী ॥২
পাঞ্চ গুটী পাট নাঅ গঢ়ন আক্ষার।
একেঁ একেঁ সব সখি করি তোর পার ॥৩
দধি দুধ লআঁ যাব মথুরা নগর।
সাবধানে সব সখি ঝাঁট কর পার ॥৪
রাধার বচনে কাহ্নাঞিঁ হরষিত মনে।
ঝাঁট পার করায়িল সব সখিগণে ॥৫
সঙ্গে বড়ায়ি করী বোলে গোআলিনী।
ঝাঁট পার কর বড়ায়ি খর বড় পাণী ।৬
তীন ভরা না সহে নাখানী আক্ষার।
কেনমনে বড়ায়ি লআঁ রাধা হৈবেঁ পার ॥৭
এ বচন শুণী রাধা মন কৈল সার।

বুইল ঘাটিআল আগু বড়ায়ি কর পার ॥৮
নাঅত চড়িল যবেঁ একলী বড়ায়ি।
মনের উল্লাসে পার করিল কাহ্নাঞিঁ ॥৯
পাছে পার হয়িতেঁ রাধিকারে বড় ডর।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীবর ॥ ১০ ॥

(৪)
বেলাবলীরাগঃ ॥লঘুশেখরঃ ॥

পাঞ্চ পাটে নাখানী আহ্মার॥
আপণেই ধরিলোঁ কাঁঢ়ার॥
ভরা দিআঁ দধির পসার।
যাইতেঁ চাহ যমুনার পার ॥১
হের সুন বচন আহ্মার।
বিণি কড়ীএঁ না করোঁ মো পার ॥ধ্রু
তোর বোঁলে সব সখিজনে।
পার কইলোঁ হআঁ সাবধানে॥
যবেঁ তোহ্মা করিবোঁ মো পার।
বান্ধা দেহ সাতেসরী হার ॥২
দেখিআঁ তোহ্মার মুখচান্দে॥
যমুনাত পাতিলোঁ মো ফান্দে॥
এবেঁ বোল সরস বচনে।
তবেঁ পার করিবোঁ এখণে ॥৩
তোহ্মাত মজিল মোর মনে।
ভিড়ি দেহ আলিঙ্গন দানে॥
তাত মোর বড় পতিআশে।
গাইল বড়ু চণ্ডীদাসে॥ ৪ ॥

(৫)
পাহাড়ীআরাগঃ ॥ ক্রীড়া ॥

নাঅবাহিআঁ যমুনাজল বিশাল এ।
সরস বচন করি মান শৃঙ্গার
বচন আহ্মার পাল এ ॥১

BANGLADARSHAN.COM

ঘাটে ঘাঠিআল   তেজ নাগরাল
কিসক করহ কচালে।
পার কর মোর   দধির পসার
মখুরা যাইব সকালে ॥২
পুন্য নদী কূলে   পাপ ঘোসসী
এ তোর কমণ আচার এ।
পরার তিরীক   করসি পরিহাস
না জান ধর্ম্ম বিচার এ ॥৩
মদন বাণে   দেহ বিদগধ
কি মোর নদী কূল য়ে।
পাপ পুণ্য রাধা   দুই না মানিআঁ
ধরিবোঁ তোহ্মাক বলে এ ॥৪
ধরিবি বলে   মরিবোঁ হেলে
ঝাঁপ দিআঁ যমুনাএ য়ে।
বাত বরুণ   সুরুজ সাখি
এ বধ দিবোঁ তোহ্মায়ে এ ॥৫
কেলি করিতেঁ পরি-   হাস মরণ ইছসি
এ তোর কমণ বেভার এ।
উচিত ঘাট দান   দেহ ল রাধা
করিবোঁ যমুনাত পার এ ॥৬
এতেক সখিজন   পার কইলেঁ
কৌড়ী নীলেঁ তাহার এ।
আহ্মার থানত   দাম চাহসি
নিলজ বাপ তোহ্মার এ ॥৭
সহ্মার বন্ধক   রাখিলোঁ তোহ্মাক
পুরহ আহ্মার আসএ।
বাসলীচরণ   শিরে বন্দীআঁ
গাইল বড়ু চণ্ডীদাস এ ॥ ৮ ॥

(৬)
পাহাড়ীআরাগঃ ॥ প্রকীর্ণ ॥ লগনী ॥ একতালী॥

বচনেক বোলোঁ শুন চন্দ্রাবলী রাণী।
যাবত পবনে ঢেউ নাহিঁ বান্ধে পাণী ॥১

BANGLADARSHAN.COM

তাবত তোহ্মাক পার করোঁ না বাহিআঁ
দধির পসার নাএ চড়াহ আসিআঁ ॥২
আহ্মাক ছাড়িআঁ পার সব সখি গেলা।
হাট উখুড়িবে প্রচুর ভৈল বেলা ॥৩
হেন গুণী মনত চড়িলী রাধা নাএ।
দধির চুপড়ী রাধা থুইল ডহরাএ ॥৪
না জাণিআঁ তত্ব চড়িতেঁ বুইলোঁ নাএ।
হেন ভাঙ্গা নাএ চড়িতে না জুআএ ॥৫
এভোঁহো সুন্দরি রাধা মনে কর সার।
ও পার জাইবেঁ কিবা থাকিবেঁ এ পার ॥৬
ঝাঝর নাঅ মাঝত লএ পাণী।
হেন নাঅ তোহ্মার বচনে চক্রপাণী ॥৭
একলী চড়িলোঁ আর নাম্বায়িলোঁ পসার।
আতি সাবধানে কাহ্নাঞিঁ কর মোরে পার ॥৮
আহ্মার বচন শুন আইহনের রাণী॥
বুম্বুকে উথলে জল ঝাটঁ মার পাণী ॥৯
সত্বর হআঁ রাহি থাক মাঝনাএ।
এখনে করিবোঁ পার নাহিঁ কিছু ভএ ॥১০
মাঝযমুনাত বড় বাত ভআঁ গেল।
পর্ব্বত সমান ঢেউ নাঅত লাগিল ॥১১
বাহা বাহা করি তবেঁ রাধিকা ফুকরে।
বারেক কর মোর পরাণ উদ্ধারে ॥১২
আকাস পরসি যবেঁ ঢেউ আইসে।
রাধার বদন চাহাঁ কাহ্নাঞিঁ হাসে ॥১৩
কি বুধি করিবেঁ রাধা কোণ পরকার।
মাঝযমুনাত নাঅ না চলে আহ্মার॥
না জাণো দিশ বিদিশ লাগে বড় ডরে।
তিরীবধ দিবোঁ কাহ্নাঞিঁ তোহ্মার উপরে ।১৫
দশনেত তৃন করি  বোলোঁ মো তোহ্মারে।
যেই চাহ সেহি দিবোঁ কর মোরে পারে ॥১৬
সাবধান হআঁ মোর বোল শুণ রাহী।
তোহ্মে আহ্মে আছি এথাঁ আর কেহো নাহী ॥১৭
দুতরে তারিবোঁ তোক না করিহ ডর।

সরস শৃঙ্গার দেহ নাএর ভিতর ॥১৮
ধারেঁ ঝরেঁ রাধিকার নয়নের পাণী।
আধিক করুণা করে চন্দ্রাবলী রাণী ॥১৯
কাহ্নের বচনে রাধা পড়িলী তরাসে।
বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাসে ॥ ২০ ॥

-----

কৃষ্ণস্য বাচমাচম্য রাধা দরভয়াতুরা।
তত্যাজ যমুনানীরে ভূষণং বসন বসনন্তনোঃ॥

(৭)

ভাঠিআলীরাগঃ ॥লঘুশেখরঃ ॥ দণ্ডকঃ॥

যবেঁ রাধা গোআলিনী পাতল কৈল গাএ।
হেহে লহে।
তবেঁ হিঅ বুলী কাহ্ন বাহে নাএ॥
হেহে লহে লহে॥১
আকাশের তারা যেন ছুটি গেল নাএ।
অধ নদী গেলেঁ পুণি বহে খর বাএ ॥২
রাধাএঁ বুলিল কাহ্ন ঝাঁট বাহি যা।
ঢেউ দেখি মোর হালে সব গা॥৩
দুতরত পার কর একবার কাহ্ন।
পার হৈলেঁ তোর বোল না করিবোঁ আন ॥৪
নাঅ টলবলাএ আধিকে দামোদর।
দুগুন বাঢ়িল রাধিকার মণে ডর ॥৫
কাহ্নের মনত ভৈল মদনবিকার।
ছল করি টালিলেক রাধার পসার ॥৬
তখন ছাড়ায়িল ঘৃত দধি ঘোল।
ডর পায়ি রাধা কাহ্নাঞিঁকে মাঙ্গে কোল ॥৭
কোলে কর কাহ্নাঞিঁ বড়ায়ি জুনী জাণে।
বড়ায়ি জাণিলে জাণে কংস আইহনে ॥৮
এ বোল সুণিআঁ কাহ্নাঞিঁ মনের হরিষে।
নাঅ ডুবায়িআঁ রাধা কোলে করি ভাষে ॥৯
আলিঙ্গন পাইল কাহ্নাঞিঁ রাধার তরাসে।
বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাসে ॥ ১০ ॥

# ছত্রখণ্ড

ছত্রখণ্ড (ভার খণ্ডের অন্তর্গত)

(১)

মল্লাররাগঃ ॥ রূপকং ॥

উচিত বচন শুন মুরারী।
ভার বহিলেঁ নেহ মজুরী ॥
আন কাম আহ্মে করিতেঁ নারী।
এবার থাকহ মন নেবারী ॥১
বিবুধি তেজহ সুন্দর কাহ্ন।
বারেক রাখহ মোর সমান ।ধ্রু
দেখ সখি সব আহ্মার জাএ।
সবেঁ কহিব আইহনের মাএ॥
তবে করিবোঁ মো কমণ উপাএ।
তেসিঁ ঝাঁট ঘর জাইতেঁ জুআএ ॥২
কপট না বোলোঁ তোহ্মার থানে।
আপণে গুণিআঁ দেখহ মনে ॥
যেহেন সম্ভেদ হএ যখনে।
তার যোগ কাম করী তখনে ॥৩
এড় দামোদর জাওঁ মো ঘরে।
আন্তর হালএ সামীর ডরে॥
এখনে আরতী ফল না ধরে।
গাইল চণ্ডীদাস বাসলীবরে ॥ ৪ ॥

(২)

দেশাগরাগঃ ॥ একতালী॥

রাধিকায়া বচঃ শ্রুত্বা জরত্যা প্রতিপাদিতং।
জগাদ চতুরঃ কৃষ্ণঃ সতৃষ্ণো রাধিকামিদং॥

লাবণ্য জল তোর সিহাল কুন্তল।
বদন কমল শোভে আলক ভষল॥
নেত্র ঊতপল তোর নাসা ণাল দণ্ড।
গণ্ডযুগ শোভে মধুক অখণ্ড ॥১

BANGLADARSHAN.COM

সুন্দরি রাধা ল সরোবরময়ী।
দুসহ বিরহজলে জরিলা কাহ্নাঞিঁ ॥ধ্রু
হাস কুমুদ তোর দশন কেশর।
ফুণ্টিল বন্ধুলী ফুল বেকত আধার॥
বাহু তোর মৃণাল কর রাতা উতপল।
অপুরুব কুচ চক্রবাক যুগল ॥২
ঈষত ফুটিত পদ্ম তোর নাভি থানে।
কনকরচিত তোর ত্রিবল সোপানে॥
গরুঅ নিতম্ব পাট শিলা বিদ্যমানে॥
আরপিল হেম পাট শোভের জঘনে ॥৩
গরুঅ উরু নাল পদ হেম কমল।
তাত সুললিত রএ নূপুর ভষল॥
তোহ্মা ছাড়ী নাহিঁ জরহরণ উপাএ।
বাসলী শিরে বন্দী চণ্ডীদাস গাএ ॥ ৪ ॥

(৩)

ধানুষীরাগঃ ॥ লঘুশেখরঃ॥

কৃষ্ণস্য বচনং শ্রুত্বা রাধা সরসমানসা।
জগাদ জরতীমেব নিজাভিমতমাদরাৎ॥

অনেক  যতন করে মোরে চক্রপাণী।
কত না বুলিবোঁ তারে পরিহারবাণী॥
আপণ মাথার ছত্র ধরু মোর মাথে।
তবেঁ মো শৃঙ্গার বড়ায়ি দিবোঁ জগন্নাথে ॥১
আপনে বোলহ বড়ায়ি দেব গদাধরে।
ছত্র ধরিলেঁ বোল ধরিবোঁ তাহারে ॥ধ্রু
ঘৃত দধি দুধ বড়ায়ি সাজিআঁ পসার।
দধি বিকণী লআঁ হাটে মথুরার॥
দুই পহর হৈল নগর বিশালে॥
পরাণ বিকল হএ রবিকরজালে ॥২
বড়য়ী কোঁঅলী মোএঁ রৌদ্র পরবলে॥
তেকারণে দেহ মোর ঘামে তোলবলে॥
আন্তর পোড়এ মোর আর সব গাএ।

BANGLADARSHAN.COM

সত্যেঁ বড়ায়ি চলিতেঁ নারোঁ এখো পাএ ॥৩
ভালমতেঁ বুঝাইআঁ আহ্মার বচনে।
বোলহ বড়ায়ি তোহ্মে শ্রীমধুসূদনে॥
ছত্রি ধরি আইসু কাহ্নাঞিঁ দিবোঁ আলিঙ্গণে।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীগণে॥ ৪ ॥

BANGODARSHAN.COM

# বৃন্দাবন খণ্ড

(১)

কোড়ারাগঃ ॥ একতালী ॥

এবেঁ মলয় পবন ধীরেঁ বহে। ল
মনমথক জাগাএ ॥ ল
সুগন্ধি কুসুমগণ বিকসএ। ল
ফুটি বিরহহৃদয়ে ॥ ল ॥১
তোর দরশন বিণি রাধা ল
বড় বিকল কাহ্নাঞিঁ ল
তোর বিরহদহনে ॥ধ্রু
ঘর তেজি ঘোর বনে বসে কাহ্নাঞি ল
সুতে ধরণীশয়নে।
আহোনিশি তোর নাম সোঁঅরে ল
আতি বড়ই যতনে ॥২
এবেঁ সত্বর গমন করি রাধা ল
পুর কাহ্নাঞিঁর আশে।
বাসলীচরণ শিরে বন্দীআঁ ল
গাইল বড়ু চণ্ডীদাসে॥ ৩ ॥

(২)

মালবরাগঃ ॥রূপকং ॥ বিচিত্র লগনী ॥ দণ্ডকঃ॥

তোহ্মা না দেখিআঁ রাধা বিকল কাহ্নাঞিঁ।
এবেঁ আহ্মাক পাঠায়িল তোর ঠাই ॥১
তোহ্মাক বুয়িল কাহ্নাঞিঁ বিনয়বচনে।
বৃন্দাবন আসি মোরে দেউ দরশনে ॥২
আহ্মার সাসুড়ী বড়ায়ি বড় খরতর।
সব খন রাখে মোরে ঘরের ভিতর ॥৩
কেমনে জায়িবোঁ বড়ায়ি তার বৃন্দাবনে।
মনত গুণিআঁ বোল উপায় আপণে ॥৪
ব্রত ছল করি ফুল তুলিবাক তরেঁ।

বৃন্দাবন যাসি তোক কিছু নাহিঁ ডরে ॥৫
সখি সব সঙ্গে করি চলিহলি রাধা।
তবেঁ আইহনের মাএ মা করিব বাধা ॥৬
ব্রতের মরম আইহনের মাএ জাণে।
প্রবোধিতেঁ নারিবোঁ তাক এ সব বচনে ॥৭
আহ্মার হৃদয়ে বড়ায়ি আছে উপাএ।
সেসি প্রকারে বৃন্দাবনগতি হএ ॥৮
রাধার বদন চুম্বী বুইল বড়ায়ি।
আপণে উপায় তোহ্মে কহ মোর ঠায়ি ॥৯
তাহাক করিব আহ্মে বড়ায়ি যতনে।
সুখেঁ লআঁ যাইব তোক বৃন্দাবনে ॥১০
মোর সব সখির সাসুড়ি থান গিআঁ।
হেন বোল তা সমাক কিছু ভরছিআঁ ॥১১
রিকি নহে আইহনের মাএর কারণে।
তাক ভরছিলেঁ বহু ঝি দহী বিকণে॥১২
ভাল বুয়িলেঁ রাধা তোর গমন উপাএ।
এখনে হেনক কাম করিতেঁ জুআএ ॥১৩
এয়ি গিআঁ সাধোঁ কাম তোর উপদেশে।
বাসলী শিরে ধরী গাইল চণ্ডীদাসে ॥ ১৪ ॥

(৩)

গুজ্জরীরাগঃ ॥ যতি॥

অথাভিমন্যুজননীং জরতীলপিতানুগাঃ।
রোষাবেশবশাদেগাপ্যস্তদ্দূচুর্ব্বচনাশুগৈঃ।

গোপকুল নঠ হএ তোহ্মার কারণে।
কুবুধি কত উপজে তোহ্মার মণে॥
আপণা সদৃশ কেহ্নে দেখ সব নারী।
এ কালের বহু সব নহে সতন্তরী ॥১
ষোল সহস্র গোপী রাধা সঙ্গে যাএ।
তভোঁ তোর মণের সংশয় না পালাএ ॥ধ্রু
তোর কুবচন সব গোপীজন কহে।
তাক সুণী ঘরের বাহির কেহো নহে॥

দধি দুধ ঘৃত ঘোল হাটে না বিকাএ।
এবেঁ গোআলার গেল জীবন উপাএ ॥২
তোহ্মে এবেঁ গোআলত ভৈলা বড় জাতী।
আজি হৈতেঁ আহ্মারা হৈলাহোঁ একমতী।
আপণ আপণ বহু হাটক পাঠায়িব।
তোহ্মার ঘরত অন্ন পাণি না খাইব ॥৩
এ বোল সুণিআঁ ডরে আইহনের মাএ।
প্রণাম করিআঁ বুইল তা সহ্মার পাএ॥
কালি হৈতেঁ যাইবে রাধা মথুরা নগর।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীবর ॥ ৪ ॥

(৪)

দেশবরাড়ীরাগঃ। লঘুশেখরঃ॥

অবসরমধিগম্য সমাগেতং
সরভসমার্ত্তিভরাদুপেত্য রাধাং।
হরিচরিতবিশেষমুল্লিখন্তী
ব্যধিতমনোজবশাং রসেন বৃদ্ধা॥

তোর রতি আশেআশেঁ গেলা অভিসারে।
সকল শরীর বেশ করী মনোহরে॥
না কর বিলম্ব রাধা করহ গমনে।
তোহ্মার সঙ্কেতবেণু বাজাএ যতনে ॥১
কালিনীর তীরে বহে মন্দ পবনে।
তোহ্মাক চিন্তিতেঁ আছে নান্দের নন্দনে ॥ধ্রু
তোর তনুগত রেণু চলিল পবনে।
তাহাকো করএ কাহ্ন আতি বহুমানে॥
পাখি বসিতেঁ তরুপাতচলনে।
তোহ্মার গতি শঙ্কিআঁ রচয়ে শয়নে ॥২
চাহে দশ দিশ কাহ্ন চকিত নয়নে।
কত খনে আইসে রাধা এহি করী মণে॥
তেজহ সুন্দরি রাধা মুখর মঞ্জীর।
সত্বরেঁ চলহ কুঞ্জ এ ঘন তিমির ॥৩
কৃষ্ণের হৃদয়ে রাধা রতি বিপরীতে।

BANGLADARSHAN.COM

শোভে মেঘমালে যেহেন তড়িতে॥
গলিত বসন হীন রসন জঘনে।
আপণে আরোপ গিআঁ পল্লবশয়নে ॥৪
মানী বড় ভৈল কাহাঞিঁ শেষ রজনী।
তার পুর মনোরথ মোর বোল সুণী॥
এবেঁ আযুগত রাধা বিলম্ব গমনে।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীগণে ॥ ৫ ॥

(৫)
ধানুষীরাগঃ॥রূপকং॥

পথে জায়িতেঁ কথা কহে সুবুধী বড়ায়ি।
এবেঁ সুচরিত ভৈল সুন্দর কাহাঞিঁ॥
বাটদাণ হাটদান আর ঘাটদানে।
সব আধিকার তেজি বসে বৃন্দাবনে ॥১
এবেঁ সব লোকের সে করে উপকার।
ধরম দেখিআঁ সে তেজিল পরদার ॥ধ্রু
কাহাকো না বোলে কাহ্নায়িঁ এখো খরবাণী।
তাহার চরিত্র এবেঁ আহ্মে ভালেঁ জাণী॥
হাটুআ লোকেরেঁ তোষে দিআঁ ফুল ফলে।
আগু বাঢ়ায়িআঁ থোএ যমুনার কূলে ॥২
বড়ই সুন্দর এবেঁ দেখি দামোদর।
তাক না করিহ তোহ্মে সব কিছু ডর॥
তাহাক দেখিলেঁ মোর বোলে পায়িবেঁ সাখী॥
লাভে তাক দেখিআঁ জুড়ায়িবে দুই আখী ॥৩
এ সব কথা কহে বড়ায়ি মনের উল্লাসে।
সহ্মে মেলিলা গিআঁ বৃন্দাবন পাশে॥
বৃন্দাবনের ফুলে সহ্মার হৈল আশ।
বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাস ॥ ৪ ॥

(৬)
রামগিরীরাগঃ ॥ রূপকং॥

বৃন্দাবনকথা শুণী বড়ায়ির মুখে।

BANGLAPARSHAN.COM

গোআল যুবতী সব পাইল বড় সুখে॥
সক্ষাক লয়িআঁ রাধাঁ করিআঁ যুগতী।
বৃন্দাবন দেখিবার হৈলা একমতী ॥১
রাধা সব সখি সমে করিল গমনে।
তখণ সক্ষার মণে বেধিল মদনে ॥ধ্রু
আতি বড় পাইল রাধা মনত হরিষে।
বাট কাচায়িল বড়ায়ি বৃন্দাবন দিশে॥
আগু করী বড়ায়িক চন্দ্রাবলী জাএ।
চিত্তের হরিষে সব গোপী গতী গাএ ॥২
বৃন্দাবন জাএ রাধা রস পরিহাসে।
আড় নয়নে দেখে কাহ্নাঞিঁক পাশে॥
খসাআঁ বান্ধিল পুণী কুন্তলভার।
সঘন ছাড়িল রাধা হাম্বী আপার ॥৩
চুম্বন করিল রাধা সখির বদনে।
ভাল গীত গাএ বুলী পড়িল মদনে॥
হেনমতেঁ গেলী রাধা মাঝবৃন্দাবনে।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীগণে ॥ ৪ ॥

(৭)

রামগিরীরাগঃ ॥ রূপকং॥

অশরীররসাবেশবশান্বীক্ষ্য রসালসঃ।
সাকূতং মাধবঃ প্রাহরাধিকামিদমাদরাৎ॥

হের চন্দ্রাবলী রাধা মাঝবৃন্দাবনে।
কুসুমসমূহে শোভে সব তরুগণে॥
তাত সুললিত শুণী ভ্রমরের রোল।
আছুক মানুষ দেবলোক পড়ে ভোল ॥১
রাধা তোর মোর দেখি মাঝবৃন্দাবনে।
আজি সে সফল হউ নবীন যৌবনে ॥ধ্রু
শপথ করিআঁ রাধা বোলোঁ এ বচনে।
তোহ্মার আন্তরে কৈলোঁ এ বৃন্দাবনে॥
এক ঠায়ি থুয়িআঁ রাধা মাথার পসার।
ফুল পত্র ফল খাঅ ত্রিভুবনে সার ॥২

BANGLADARSHAN.COM

এহা বনে আদভুত আছে থানে থানে।
আহ্মা ছাড়ী তাক আন কেহো নাহিঁ জাণে॥
তোহ্মাক দেখাওঁ লআঁ কর আনুমতী।
তথাঁক না লইহ লোক কেহো সংহতী ॥৩
সকল শরীর মাঝেঁ তোহ্মে যেন সার।
তেহ্ন সব বন মাঝেঁ এ বন আহ্মার॥
এহাত উচিত হএ তোহ্মার বিলাস।
বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাস ॥ ৪ ॥

(৮)

গুজ্জরীরাগঃ ॥ রূপকং॥

তোর সঙ্গে জাইব মাঝ বনে।
আর সংহতী এড়িব কেনমণে॥
যত দেখ মোর সখিগণে।
কাহারো ভাল নহে মনে ॥ ল কাহাঞিঁ ॥১
তেহ্ন কর উপায় আপণে।
ভাল বোলে যেহ্ন সখিগনে ॥ধ্রু
ফুলেঁ ফলেঁ বৃন্দাবন শোভে।
তা দেখি সহ্মাতেয়ি লোভে॥
কেহো না এড়িবে তোর লাগে।
সহ্মে হয়িব তোর আগে ॥২
সামী সাসু দুইহো খরতর।
আর খল সকল নগর॥
সব তোর মোর দোষ চাহে।
তেসিঁ মোর মন থীর নহে ॥৩
মোর মনে হেন পড়িহাসে।
ফুল ফলের দিআঁ আশে।
সখিগণ নেহ চারি পাশে।
গাইল বড়ু চণ্ডীদাসে ॥ ৪ ॥

BANGLADARSHAN.COM

(৯)
দেশাগরাগঃ ॥ রূপকং ॥

রাধা ল।
আপণে কহিলে মোর মনের কথা।
সুণিআঁ খণ্ডিল সব বেথা॥
ষোল সহস্র তোর সখিগণ।
সন্মার তোষিব আহ্মে মন ॥১
রাধা ল।
করিআঁ বিবিধ তনু আহ্মে দেবরাজে।
বিলসিবোঁ গোপীসমাজে ॥ধ্রু
চির সময় সঞ্চিত উ ভয় তোর মণে।
খণ্ডায়িবোঁ আজি ভালমণে ॥
একেঁ একেঁ রাধা যত গোপীগণ দেখী।
আজি সে করায়িবোঁ তোর সখী ॥২
কেহো কাহাকো যেন না করে উপহাস।
তেহ্নমতেঁ করিব বিলাস ॥
তা সন্মার হৃদয় হরিআঁ নিল আহ্মে।
পাছে জনী রোষ কর তোহ্মে ॥৩
এ বোল বুলিআঁ কাহ্নাঞিঁ মণের উল্লাসে।
গেলা সব গোপীগণ পাশে ॥
সন্মাক বুইল কাহাঞিঁ রতি পতিআশে।
গাইল বড়ু চণ্ডীদাসে ॥ ৪ ॥

(১০)
বসন্তরাগঃ ॥ একতালী॥

লাজ ভয় তেজিআঁ সকল গোপীগণে।
মিলিআঁ বুইল গিআঁ গোবিন্দচরণে॥
আহ্মা না হেলিহ গোসাঞিঁ আনের বচনে।
আজি হৈতেঁ আহ্মে সহ্মে তোহ্মার শরণে॥১
তোহ্মে দেব বনমালী নান্দের নন্দন।
আজি হৈতেঁ গোপীর হৃদয়চন্দন ॥ধ্রু
আহ্মার ধরহ আর এক বচন।

কতো খন দেখি গোসাঞিঁ তোর বৃন্দাবন॥
এড়িতেঁ না ফুরে মন এখো খনে।
কমন আন্তরে তোহ্মে হরিলেহেঁ মনে ॥২
বুঝিবারে নারিল তোহ্মারে জগন্নাথ।
পাত পাতিআঁ কেহ্নে নাহিঁ দেহ ভাত॥
আসত নিফল দুখ সহন না জাএ।
ত্রিভুবনজনমন গোচর তোহ্মাএ ॥৩
এ বচন শুণী উল্লসিত ভৈল কাহ্নু।
আমৃতেঁ সিঞ্চিল আপনার দুঈ কান॥
গোপীগণমন তোষিবারে কৈল মন।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীগণ ॥ ৪ ॥

**(১১)**

কোড়ারাগঃ ॥ ক্রীড়া॥

বুঝিআঁ গোপীর মনে।
আল।
খণেক গুণিল কাহ্নে।
ষোল সহস্র গোপী তোষিবোঁ কেমনে॥
আনেক হয়িআঁ তখনে।
বিলসিল গোপীগণে।
যাহারে রমএ সেসি দেখে কাহ্নে ॥১
আল।
সব গোপীজন জাণে।
মোএঁ সে পায়িলোঁ এ বনে শ্রীমধুসূদনে ॥ধ্রু
ফুটিল কুসুম পুঞ্জে।
সরস ভ্রমর গুঞ্জে।
এক এক নারি লআঁ এক এক কুঞ্জে॥
চির মনোরথ পুরী।
রসময় মন করী।
বৃন্দাবন মাঝে রতি ভুঞ্জিল মুরারী ॥২
একেঁ একেঁ গোপীজনে।
সহ্মে জাণিল আপণে।
রাধাতে আধিক কাহ্নু মণে॥

কাহ্নাঞিঁ তাহাক জাণী।
কিছু না বুয়িল বাণী।
রাধা চন্দ্রাবলী মণে কৈল চক্রপাণী ॥৩
সংহবী সকল দেহে।
গোপী এড়ি কুঞ্জগেহে।
বিকল গোবিন্দ মুরারী রাধার নেহে॥
গেলা রাধিকার পাশে।
সুরতি রসের আশে।
গাইল বড়ু চণ্ডীদাসে ॥ ৪ ॥

(১২)

পাহাড়ীআরাগঃ ॥ক্রীড়া ॥ দণ্ডকঃ॥

বৃন্দাবনীয়প্রসবপ্রক৯প্তাং
পশ্যামি রাধে ভবতীং পুরস্তাৎ॥
বিশ্রাণয় ত্বং কুসুমান্ববায়ে
বামেথবা মোদবিধায়ি দেহং॥

তমাল কুসুম চিকুরগণে।
নীল কুরুবক তোর নয়নে ॥১
সুপুট নাসা তিলফুলে।
দেখি তোর গণ্ডযুগ মহুলে ॥২
আধর সুরঙ্গ বান্ধুলী ফুলে।
কণ্ণযুগ তোর এ বগহুলে ॥৩
মুকুলিত কুন্দ তোর দশনে।
খস্তরী কুসুম তোর বসনে ॥৪
ভুজযুগ হেমযূথিকামালে।
অশোকতবক করযুগলে ॥৫
মুকুলিত থলকমল তনে।
রোজরাজী তাত আতয়ীগণে ॥৬
গভীর নাভী নাগেশর ফুলে।
কনক কেতকী জংঘযুগলে ॥৭
চরণকমল থলকমলে।
আঙ্গুলী চম্পককলিকাজালে ॥৮

নখরনিকর দেখি গুলালে।
শিরীষ কুসুম তনু সকলে ॥৯
কনক চম্পক কুসুমপান্তী।
তোহ্মার সকল শরীরকান্তী ॥১০
নেআলী সেআলী মাহ্লী বিকসে।
তোহ্মার মধুর ঈষত হাসে ॥১১
দেখোঁ মোর তোর ফুলশরীরে।
গাইল চণ্ডীদাস বাসলীবরে ॥ ১২ ॥

(১৩)

দেশাগরাগঃ ॥ রূপকং॥

কাহ্নাঞিঁ ল
সকল পুরুষ মাঝেঁ তোহ্মে বড় নাগর
তোহ্মারে কে দিবেক উত্তর।
ছাড়হ অলঞ্জাল না কর কচাল
এড় যাওঁ মথুরা নগর ॥১
কাহ্নাঞিঁ ল
বুঝিল বুঝিল তোহ্মার মতী।
সম দেখ সকল যুবতী ॥ধ্রু
কিবা না করিল আহ্মে তোহ্মার এক বচনে
লাজে দিআঁ তিনাঞ্জলী।
নিজ পতি না চাহিলোঁ তোহ্মাক উপেখিলোঁ
সহিলোঁ সাসুনন্দগালী ॥২
বিষম পুরুষ জাতী কঠিন হৃদয় অতী
তাক নাহিঁ কিছু পরকার।
ছার তিরী যরম শিরীষ কুসুম মন
বড় মানে তিন উপকার ॥৩
তোহ্মার নেহ সকল কমলিনীদলজল
চঞ্চল দুঈহো পড়িহাসে।
এড়হ আহ্মার আশে চলি জাহা নিজ বাসে
গাইল বড়ু চণ্ডীদাসে॥ ৪ ॥

BANGLADARSHAN.COM

(১৪)

ককূরাগঃ॥রূপকং॥

তোহ্মাতে মজিল মোর মনে ল॥
আল হের সুন প্রাণ রাধা ল
কেহ্নে বোল নিঠুর বচনে॥
হের মোর বৃন্দাবনে ল।
আল হের সুণ প্রাণ রাধা ল
নিফল করহ কি কারণে ॥১
নানা ফুলে বুলে ভ্রমরে।
আল হের সুণ প্রাণ রাধা ল
তভোঁ কি মালতী পাসরে ॥ধ্রু
এ তোর নব যৌবনে ল
আহোনিশি জাগে মোর মণে।
তাহাত তোহ্মা রমণে ল
খেতি করে আহ্মার পরাণে ॥২
মন ঝুরে তোর নামে ল
সংসারত তোহ্মা কৈলোঁ সারে।
তোর বোলেঁ গোপীগণে ল
তুষিআঁ তেজিলোঁ পরকারে ॥৩
তোতে মন না বিচলে ল
বোল মোরে বৈশোঁ তোর পাশে।
খণ্ডুক আহ্মার দুখ হউক মন সুখ
গাইল বড়ু চণ্ডীদাসে ॥ ৪ ॥

(১৫)

ভাঠিআলীরাগঃ ॥ রূপকং॥

কৃষ্ণস্য প্রেমবচসা রাধা সাদরমানসা।
বসাভবদসাবাশু কুসুমাশুগসঙ্গতা॥

তিরীর সভাব মণে করে।
প্রাণ কাহ্নাঞিঁ ল
তাত রোষ না কর নাগরে॥
এ তোহ্মার বচনে।

BANGLADARSHAN.COM

প্রাণ কাহ্নাঞিঁ ল
সব কোপ খণ্ডিল এখনে ॥ এআ ॥১
আল হের
এহি জাগে তোহ্মার চরণে।
প্রাণ কাহ্নাঞিঁ ল
আহ্মা সম না করিহ আনে ॥ধ্রু
তোহ্মার আহ্মার দুঈ মণে।
এক করী গাস্থিল মদনে ॥
তার আনুরূপ বৃন্দাবনে।
তোর বোল না করিব আনে ॥২
বিধি কৈল তোর মোর নেহে।
একই পরাণ এক দেহে॥
সে নেহ তিঅজ নাহিঁ সহে।
সে পুণি আহ্মার দোষ নহে ॥৩
কে বুলিতেঁ পারে তোর গুণে।
একেঁ একেঁ বসে মোর মনে॥
এবেঁ আসি বৈশ মোর পাশে।
গাইল বড়ু চণ্ডীদাসে ॥ ৪ ॥

BANGODARSHAN.COM

# কালিয়দমন খণ্ড

(কালিয়দমন খণ্ড  যমুনা খণ্ডের অন্তর্গত)

(১)

মালবরাগঃ॥রূপকং॥দণ্ডকঃ॥

গোপীগণমন তোষিল দেব চক্রপাণী।
মথুরা নগর যাইতেঁ দিলান্ত মেলানী ॥১
তখন গুণিল কিছু মণে দামোদর।
বিলাস করিলোঁ মোঞেঁ বনের ভিতর ॥২
জলকেলি করিবারেঁ কাহ্ন কৈল মন।
খাণিএক শুণিল হৃদয়ে জনার্দ্দন ॥৩
বৃন্দাবন মাঝেঁ যমুনা নদী বহে।
তাহাত গম্ভীর আছএ কালীদহে ॥৪
কালীর নাম নাগ তাহাত বসে।
জলে মাছ কুলে গাছ মৈল তার বিষে ॥৫
কোহ্নো জন্তু তাত না করএ জল পান।
তাহাত আধিক নাহিঁ বিজন থান ॥৬
কালী দলিআঁ জল করিআঁ নির্ম্মল।
তাহাত করিবোঁ জলকেলি সকল ॥৭
হেন মনে চিন্তি গেলা দেব দামোদর।
কালীয়দহের কূল কদমের তল ॥৮
কদম্বতরুত চড়ী দহে দিল ঝাঁপ।
দেখি রাখোআল ডরেঁ উঠি গেল কাঁপ ॥৯
কোপিল কালীয় লাগ লআঁ পরিবারে।
দশনে দংশিল সব কাহ্নের শরীরে ॥১০
তিলেঁ তিলেঁ নাগকুলেঁ দংশিল কাহ্নাঞিঁ।
হাথ পাঅ গল জড়ী রাখিল তথাঞিঁ ॥১১
তখন বিষের জালে দগধ পরাণ।
আচেতন হয়িআঁ রহিলা দেব কাহ্ন ॥১২
হেনই সম্ভেদে সব গোপযুবতী।
বৃন্দাবন দিআঁ মথুরাক কৈল গতী ॥১৩
বিকল দেখিআঁ তথাঁ রাখোআলগণে।

BANGLADARSHAN.COM

পুছিল তোহ্মারা কেহ্নে তরাসিল মণে ॥১৪
সব গোপ রাখোআল গোপীগণ থানে।
বুইল কালীদহে ঝাঁপ দিল দেব কাহ্নে ॥১৫
এহা সুণী সব গোপী পাইল তরাসে।
বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাসে ॥ ১৬ ॥

(২)

ভাঠিআলীরাগঃ ॥ রূপকং॥

জাহাত লাগিআঁ নিজ পতি না চাহীল।
লোক ধরম ভয় কিছু না মানিল॥
হেন কাহ্ন মৈলা কালীদহে ঝাঁপ দিআঁ।
গোপযুবতী সব অনাথ করিআঁ ॥১
হৃদয়ত ঘাঅ দিআ রাধা গোআলিনী।
করএ করুণা বিনায়িআঁ চক্রপাণী ॥ধ্রু
কভোঁ না লঙ্ঘিব আর তোহ্মার বচন।
উঠ উঠ জলে হৈতেঁ নান্দের নন্দন॥
কি করিব ধন জন জীবন ঘরে।
কাহ্ন তোহ্মা বিণি সব নিফল মোরে ॥২
হা হা নিদয় বিধি কেহ্নে হেন কৈল।
কোঁয়ল কাহ্নাঞিঁ কেহ্নে বিষজালেঁ মায়িল॥
দেখিতেঁ রাপায়িল সব গোপীর পরাণে।
ত্রিভুবনে সুন্দর নাগর বর কাহ্নে ॥৩
রাধা এক রাখোআল পাঠাআঁ সত্বরে।
বারতা জাণায়িল নন্দ যশোদার ঘরে॥
সুণিআঁ নন্দ যশোদা ভৈলা আচেতন।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীগণ ॥ ৪ ॥

(৩)

দেশাগরাগঃ ॥ লঘুশেখরঃ॥

সকল গোআলকুল লআঁ ততিখনে।
নন্দ যশোদা ধায়িআঁ আইল সেই থানে॥
দেখিল কালীদহে পসিলা নারায়ণ।

নান্দ যশোদা মিলি জুড়িল কান্দন ॥১
কেহ্নে হেন কৈলেঁ কাহ্নাঞিঁ মোর আদিবসে।
তোহ্মে লাগি ভৈল আজি শুন দশ দিশে ॥ধ্রু
লোটাআঁ লোটাআঁ দুঈহো কান্দে একবারে।
কেহ্নে শুন কৈলেঁ মোর সকল সংসারে॥
খাণিএক উঠ দেখোঁ পুতা তোর মুখ।
আহ্মা দুখ দিআঁ পুতা কত পাইবেঁ সুখ ॥২
সকল গোআল কান্দে মাথে দিআঁ হাথে।
কেহ্নে আহ্মা মারি যাহা দেব জগন্নাথে॥
উঠিআঁ বোলহ কে বা কৈল কোণ দোষে॥
দহত পসিলা কাহ্নাঞিঁ কাহার রোষে ॥৩
বলভদ্র খাণিএক গুণিলান্ত মণে ॥
মোহো পায়িল কাহ্নাঞিঁ বিসরী আপণে॥
পুরূব জাণায়িআঁ আহ্মে করায়িউ চেতন।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীগণ ॥ ৪ ॥

(৪)

ধানুষীরাগঃ ॥ রূপকং॥

উঠিলা সত্বরে নারায়ণ।
বাহু ফাল করিআঁ তখন॥
যেন তৃন যাএ চণ্ড বাতে।
নাগবন্ধ গেলা তেহ্নমতেঁ ॥১
কালীয় দলিল দামোদর। আল।
যমুনাজলের ভিতর ॥ ল কাহাঞিঁ ॥ধ্রু
চড়িলা কালীয়নাগশীরে।
গরুড়বাহন মাহাবীরে॥
আতি ভরেঁ বদনে তাহার।
বাহিরাএ শোণিতের ধার ॥২
কালীয় নাগের মাহাফনে।
দামোদর জুড়িল নাচনে॥
এক এক চরণের ঘাএ।
কালীয় নাগের প্রাণ জাএ ॥৩
সামীর মরণকাল জাণী।

BANGLADARSHAN.COM

তার নেহে বিকলি সাপিনী॥
ভকতীএঁ কাহাঞিঁর পাএ।
তুতী কৈল চণ্ডীদাস গাএ॥ ৪ ॥

(৫)

রামগিরীরাগঃ ॥ আঠতালা॥

সদয় হৃদয় হআঁ বুইল দামোদরে।
সাঁকাল চল তোহ্মে দক্ষিণ সাগরে॥
তথাঁ সুখে থাক গিআঁ আহ্মার বচনে।
যমুনার বাস তেজি নির্ভয় মণে ॥১
এহে।
আণেক কাকুতী কৈল কালীয় নাগিনী॥
সুণিআঁ কৃষ্ণের হের দয়াযুত বাণী ॥ধ্রু
কৃষ্ণের আদেশ শুণী কালীয় নাগে।
প্রণাম করিআঁ বুইল কাহ্নাঞিঁর আগে॥
সাগরে রহিতেঁ আজ্ঞা ভৈল মোর ভাগে।
তথাঁ গরুড়ের ভয় মোক বড় লাগে ॥২
হেন সুণী কৃষ্ণ বুইল তোহ্মার মাথাতে।
কালীয় রহিব চিহ্ন মোর পদঘাতে॥
এহা দেখি গরুড় না খায়িব তোহ্মারে।
সকল সময় সুখেঁ বসহ সাগরে ॥৩
কাহ্নের আদেশ হেন পাআঁ নাগ কালী।
সাগরক গেলা সব পরিজনে মেলী॥
জলে হৈতেঁ হরিষেঁ উঠিলা জনার্দ্দন।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীগণ ॥ ৪ ॥

BANGLADARSHAN.COM

# যমুনা খণ্ড

(১)

পাহাড়ীআরাগঃ ॥ ক্রীড়া॥

রাধিকালাভলোভেন ভেজে স যমুনাতটং।
সা চ রাধাপি সঞ্চিন্ত্য সখীরম্বু পরা যযৌ॥

যাই যমুনার পাণিকে আইস
সখি মোর সঙ্গে।
যমুনা জলে কুম্ভ ভরিআঁ
আসিব এ বড় রঙ্গে॥
হেন বুলী রাধা কলসী লআঁ
জাএ গজগড়ি ছান্দে।
আলকেঁ শোভে বদন তাহার
যেমন কলঙ্ক চান্দে ॥১
আল।
পাইল রাধা কালীদহ কূল
লইআঁ সখি সমাজে।
ঘাটত ভেটিল নান্দের পো
কাজ না বুয়িল লাজে ॥ধ্রু
হাসিতেঁ খেলিতে গোপ নারীগণ
লাগিলা যমুনাতীরে।
কাহ্নাঞিঁর মুখ কমল দেখিআঁ
কেহো না ভরিল নীরে॥
কেহো না পারিল করেঁ ধরিতেঁ
খসিল দেহ বসনে।
ওহার এহার মুখ চাহে সব
কাহ্নো থির নহে মনে ॥২
তখন নয়ন নিমেষ না কৈল
দেখি প্রিয় বনমালী।
সকল গোআল যুবতী রহিলা
যেহ্ন কনক পুতলী॥

BANGLADARSHAN.COM

এখো পাঅ কেহো   চলিতেঁ নারে
বুলিতেঁ নারে বচনে।
কাহ্নাঞিঁ নাম   পৃথিবীর চান্দ
তাহাত লাগিল মনে ॥৩
আনেক যতন   করিআঁ রাধা
গেলি কাহ্নের সংমুখে।
বুইল কাহ্নাঞিঁরে   খাণিএক ঘুচ
সখি পাণি নেউ সুখে॥
পরিহাস রসেঁ   দেব দামোদর
যেহ্ন নাহিঁ পরিচএ।
তেহ্নমতে বুবিল   রাধাক উত্তর
বড়ু চণ্ডীদাস গাএ ॥৪

(২)

কোড়ারাগঃ ॥ ক্রীড়া লগনীঃ ॥ দণ্ডকঃ॥

কাহার বহু তোঁ কাহার রাণী।
কেহ্নে যমুনাত তোলসি পাণী ॥১
বড়ার বহু মো বড়ার ঝী।
আহ্মে পাণি তুলী তোহ্মাত কী ॥২
কাখের কলস নাম্বাঅ তোহ্মে।
কথা চারি পাঁচ কহিব আহ্মে ॥৩
যার কান্ধ বসে দোষর মাথা।
সেসি আহ্মা সমে কহিবে কথা ॥৪
তাম্বুলে নেহ আইহনের রাণী।
তোর বচনে জীএ চক্রপাণী ॥৫
তাম্বুল দিআঁ মোরে কি বোলসী।
খুদ বড়সিএঁ রুহী বান্ধসী ॥৬
এহা যমুনাত মো অধিকারী।
আহ্মার বচন সুণ সুন্দরী ॥৭
তোর মোর আর বচন নাহীঁ।
বুঝিল তোহ্মার মতী কাহ্নাঞিঁ ॥৮
সুদ্ধ সুবন্নের মোর কিঙ্কিনী।

BANGLADARSHAN.COM

এহা নেহ মোর ধরহ বাণী ॥৯
গোআলিনী আহ্মে নহোঁ নাচুনী।
মোর কাজ নাহিঁ তোর কিঙ্কিনী ॥১০
হের ষোল হাথ মোর পাটোল।
এহা নেহ মোর ধরহ বোল ॥১১
সুদ্ধ সুবন্নের মোহোর বাশী।
এহা নেহ রাধা পাসত বসী ॥১২
তোর বাশী মোএঁ ঘসি না ঘাটোঁ।
তাক হাথে করী দুধ না আউটোঁ ॥১৩
তোর পাটোলের সুণ কথা।
সে মোহোর ঘৃতভাণ্ডের নাথা ॥১৪
মাথার মুকুট জলে রতনে।
এহা নেহ রাধা রাখহ সমানে ॥১৫
বাহিরেঁ ভিতরেঁ তোঁ কাহ্ন কাল।
মুকুট ধুয়িআঁ আহুকিতেঁ ভাল ॥১৬
ডালিম সদৃশ তন তোহ্মারে।
তাহাত মজিল মন আহ্মারে ॥১৭
মাহাকাল ফল আহ্মার তনে।
দেখিতেঁ ভাল ভখিতেঁ মরণে ॥১৮
রাধার নিঠুর সুণিআঁ বাণী।
মনত ভয় পাইল চক্রপাণী ॥১৯
রস রাখে রাধা না দিল আশে।
বাসলী বন্দী গায়িল চণ্ডীদাসে ॥ ২০ ॥

(৩)

দেশবরাড়ীরাগঃ ॥ লঘুশেখরঃ॥

বাহু তুলিলেঁ কেশ বন্ধন ছলে।
ঘন ঘন বিকাশিলেঁ বদন কমলে॥
আঙ্গভঙ্গ কৈলে কেহ্নে মোর বিদ্যমানে।
এবেঁ আলিঙ্গন দিআঁ রাখহ পরাণে ॥১
কিসকে ঘুচায়িলেঁ রাধা নেতের আঞ্চল।
দেখায়িলেঁ কুচভার করায়িলেঁ বিকল ॥ধ্রু

যমুনার তীরে রাধা কদমের তলে।
তরল করিলেঁ কেহ্নে নয়নযুগলে॥
আধ মুখ ঢাকিলেঁ সরুঅ বসনে।
তে কারণে রাধা ধরিতেঁ নারোঁ মনে ॥২
যমুনা নদীর রাধা তুলিতেঁ পাণী।
কেহ্নে ধীরেঁ ধীরেঁ বুইলেঁ মধুরসবাণী॥
তোহ্মার কারণে রাধা রাখোঁ মো গোকুল।
তোহ্মে জাণ কাজের আহ্মার আদিমূল ॥৩
বাতল হয়িলোঁ মো তোহ্মার দোষে।
তোরে করিতেঁ জুআএ মোর পরিতোষে॥
যমুনার তীরে থাকোঁ তোর পতিআশে।
বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাসে ॥ ৪ ॥

(৪)

রামগিরীরাগঃ ॥ রূপকং॥

আঊলাইল কুন্তল মোর সত্বর গমনে।
করযুগ তুলী তার করিলোঁ বন্ধনে॥
শ্রমের কারণে হাস্তী হেল ঘন ঘনে।
গাঅ মোড়িএ কাহ্নাঞিঁ আলস্য কারণে ॥১
তোহ্মা দেখি যদি মোর বিচলিত মনে।
তবেঁ মোর জীতেঁ না জুআএ এখনে ॥ধ্রু
পবনে চলিল মোর হৃদয়বসনে।
দৈবযোগেঁ তাত তোর পড়িল নয়নে॥
লাজ ভএঁ ভৈল মোর তরল নয়নে।
সত্বরে ঢাকিলোঁ মুখ দেহের বসনে ॥২
যমুনা নদীর আহ্মে তুলিল পাণী।
এহো দোষ নহে যেন বুয়িলোঁ খর বাণী॥
জীবার আন্তরে কাহ্নাঞিঁ রাখহ গোকুল।
পাপ পামর তোর জাণোঁ আদিমূল ॥৩
আপদ পাএ যাক না চিহ্নে আপণা।
এহা জাণী তেজ কাহ্নাঞিঁ নাগরপণা॥
পাগল হৈলা কাহ্নাঞিঁ নিজ মতিমোষে।

বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাসে ॥ ৪ ॥

(৫)

মালবরাগঃ ॥ রূপকং॥

রাধা ল।
তোর মোর সুদৃঢ় নেহা ল।
ভৈল একই পরাণ একই দেহা॥
ল রাধা।
কিছু নাহিঁ করোঁ আপরাধা।
তভোঁ কোপ তোর এ বড় ধান্ধা ॥১
না বোল না বোল রুখ বাণী।
তোর যৌবনের বস চক্রপাণী ॥ধ্রু
আহ্মে তোর প্রিয় বনমালী।
তারে না বুঝিলেঁ চন্দ্রাবলী ॥
সুণ সুণ রাধা চন্দ্রাবলী।
এবেঁ মোর দৈব বড় বলী ॥২
সে কারণে যমুনার জলে।
সুদ্ধ কৈল তাক জাণহ সকলে॥
বুঝ ভাবী আপণ আন্তরে।
আজি কর এহা জল সফলে ॥৩
আধিকার জাণায়িলোঁ রাধা।
তোকে মরমেঁ না কৈলোঁ বিরোধা॥
কান পাত করলোঁ মো উত্তরে।
গাইল চণ্ডীদাস বাসলীবরে ॥ ৪ ॥

(৬)

রামগিরীরাগঃ ॥ প্রকীন্নক ॥ চিত্রকং॥
লগনী ॥ একতালী ॥ দণ্ডকঃ॥

হরিষেঁ আইলা রাধা তোহ্মে এহা তীরে।
আজি সফল হৈব যমুনার নীরে ॥১
উপস্থিত হৈল হের গিরীশ সমএ।
শীতল গম্ভীর জলে রহিতেঁ সুখাএ ॥২

BANGLADARSHAN.COM

পুরুবেঁ আছিল এহো দহে নাগগণে।
এহাত নাহিতেঁ ভয় লাগে তেকারণে ॥৩
নাহিবারেঁ সখিগণ চাহে এহা জলে।
তবেঁ নাহিঁ নাহে ডরে পাণী লআঁ চলে ॥৪
কালীনাগ পাঠায়িল সাগরের পার।
এবেঁ মিছা ডর কর জলে যমুনার ॥৫
আহ্মার বচন সুন্দরী রাধা ধর।
আহ্মে আগেঁ লাম্বী তবেঁ জলের ভিতর ॥৬
কুবুধি তেজিআঁ যবেঁ ণাম্ব এহা জলে।
তবেঁ আহ্মে ণাম্বি লআঁ এ সখি সকলে ॥৭
জলত ণাম্বিল কাহ্নাঞিঁ দেখে সখিগণে।
উনমত নহিহ মোর বিরহ বচনে ॥৮
আনুমতি দিআঁ কাহ্নাঞিঁ ণাম্বয়িল জলে।
পাছত করিআঁ রাধা আর গোপীকুলে ॥৯
জলকেরি করে কাহ্নাঞিঁ আপণার সুখে।
মনমথ ভাবেঁ দেখে সব গোপী মুখে ॥১০
কাহ্নাঞিঁক দেখি রাধা উল্লসিত মনে।
আর তাক দেখি থীর নহে গোপীগণে ॥১১
সহ্মার জলকেলিত লাগিল মনে।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীগণে ॥ ১২ ॥

(৭)
ভাঠিয়ালীরাগঃ ॥ রূপকং ॥

জলত ণাম্বিল কাহ্নাঞিঁ মোর পরতেখ।
এখনে কেমনে বড়ায়ি হয়িল আদেখ॥
আকাশে উঠিল কিবা পসিল পাতালে।
কিবা মরি গেল কাহ্নাঞিঁ যমুনার জলে ॥১
বোলহ পরাণ বড়ায়ি সরূপেঁ আহ্মার।
কমণ উপাএ পায়িব দেব দামোদরে ॥ধ্রু
ষোল সহস্র গোপী একলা দামোদরে।
ডুবিআঁ মাইলেন্ত কাহ্নাঞিঁ জলের ভিতরে ॥
হেন বুলি সব লোকেঁ দুসহ উত্তরে।

তাহাক গুণিতেঁ ভৈল দগধ আন্তরে ॥২
সব গোপী মিলি চাহিআঁ বনমালী।
কথাঁহো না পায়িলোঁ তাক ভয়িলোঁ স বিকলী॥
সরূপেঁ লক্ষিএ বড়ায়ি কাহ্নের মরণ।
এতেকেঁ হারায়িল বুধী সব গোপীগণ ॥৩
জীয়ন্ত থাকিত যবেঁ নান্দের নন্দনে।
এত খনে আবসই হৈত দরসনে॥
আপণেঞিঁ করহ সে বুধি পরকারে।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীবরে ॥ ৪ ॥

(৮)

ধানুষীরাগঃ ॥একতালী॥

আল রাধা
তোর মুখে শুণী হেন বাণী।
এহা জলে মৈল চক্রপাণী ॥ল
আল রাধা
বড় দুখ উপজিল মনে।
শরীরত হরিলোঁ চেতনে ॥১
আল রাধা
যাবত কেহো নাহিঁ সুনে।
তাবত করি ঘর গমনে ॥ধ্রু
সখিসব নিষেধ যতনে।
কেহো তার না কহিএ মরণে ॥
এ বারতা যবেঁ বাহিরাএ।
সন্ধ্যার পরাণ তবেঁ জাএ ॥২
একইতি মাএর ছাওআল।
সুন্দর বাল গোপাল॥
তোত লাগি যমুনাত মৈল।
এবেঁ তোর মণে সুখ ভৈল ॥৩
কালী সক্ষে হয়িআঁ এক ঠায়ি।
ভালমতেঁ চাহিব কাহ্নাঞিঁ ॥
তবেঁ তার পায়িব উদ্দেশে।
গাইল বড়ু চণ্ডীদাসে ॥ ৪ ॥

(৯)
মল্লাররাগঃ ॥ রূপকং॥

সখী সখীবৃতা রাধা বৃন্ধাবচনংসংযতা।
জগামাগারমাগারং বহন্তী মানসং শুচঃ॥

রাধা ঘর গেলি দেখিআঁ কাহ্নে।
জলত হৈতেঁ ঊঠিল তখনে॥
গুপতেঁ রহিলা সে বৃন্দাবনে॥
কেহো না জাণিল দৈব ঘটনে ॥১
নাগর কাহ্নাঞিঁ কইল কপটে।
রস ভুঞ্জিবারেঁ যমুনা তটে ॥ধ্রু
যবেঁ গেল রাতী এক পহর।
তবেঁ সে কাহ্নাঞিঁ গেল নিজ ঘর॥
রাধার রূপ সোঁঅরী গোবিন্দে।
সকল রজনী না গেল নিন্দে ॥২
তাম্বাচূড়া রাএ হৈল বিআণ।
যমুনা তীরেঁ চলিলা কাহ্ন॥
কদম্ব গাছে চড়ী বনমালী।
রহিলা রাধার পন্থ নেহালী ॥৩
মনে মনমথ সর আরতী।
রসিক কাহ্নাঞিঁ কইল যুগতী॥
রাধার করিবোঁ পাঞ্চ সঙ্গতী।
গাইল চণ্ডীদাস বাসলীগতী ॥ ৪ ॥

(১০)
রামগিরীরাগঃ ॥ একতালী ॥ দণ্ডকং॥

অধিরজনিবিরামং রামরম্ভারিপুরূ-
ররমভজত রাধা মাধবান্বেষণায়।
অতনুমতনুবাণব্যূহদাহং বহন্তী
তটমনু যমুনায়াঃ স্তূয়মানা সখীভিঃ॥

বড়ায়ীর বচন ধরিআঁ রাধা মনে।

ডাক দিআঁ সখিগণ আণায়িল তখনে॥
কাখেত কলসী করি বড়ায়ি তূলে॥
চলী ভৈলী চন্দ্রাবলী যমুনার কূলে ॥২
নাহিবার কাল নহে বড়ায়ি বিহাণে।
তেঁ না নিল কেহো গোপী দুঅজ বসনে ॥৩
চারী ভীত চাহি রাধা বুইল বচনে।
কুলত কাপড় থুয়িআঁ জলে চাহি কাহ্নে ॥৪
সব সখি বুইল রাধা ভাল বুয়িলেঁ কাজ।
কেহো ত পুরুষ নাহিঁ এথাঁ কিসে লাজ ॥৫
হেন পরিভাবি রাধা লয়িআঁ গোপীকুলে।
বসন তেজি নাম্বিলী যমুনার জলে ॥৬
রাধিকা চাহিল কাহ্ন আলোড়িআঁ জলে।
তাক না পাইআঁ ভৈলী হৃদয়ে বিকলে ॥৭
সব সখি সম্বোধিআঁ রাধা বুইল বাণী।
আক্ষাক মারিআঁ কথাঁ গেলা চক্রপাণী ॥৮
সখিসব মিলী রাধা বড়ায়ির পাএ।
বুইল কাহ্ন পায়িব বড়ায়ি কমণ উপাএ ॥৯
তরু হৈতেঁ তখনে ণাম্বিলা দামোদর।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীবর ॥ ১০ ॥

## (১১)

পাহাড়ীআরাগঃ ॥ ক্রীড়া॥

আহা।
গোপীর বসন হার লয়িআঁ দামোদর।
উঠিলা গিআঁ কদম্ব তরুর উপর॥
তথাঁ থাকী ডাক দিআঁ বুইল বনমালী।
কি চাহি বিকল হঅ সকল গোআলী ॥১
নিকট আইস মোর সব গোপীগণে।
আজি কথা সুণ মোর মরণ জীবণে ॥ধ্রু
দেখিল হরষে তা সব গোপ যুবতী।
গাছের উপরে কাহ্নাঞিঁ উল্লসিত মতী॥
হরিআঁ গোপীর হার আঅর বসনে।
হাসে হাসি খলখলি কাহ্নাঞিঁ গরুঅ মনে॥২

কুলে পরিধান নাহিঁ দেখি গোপনারী।
হৃদঞঁ জাণিল তবেঁ নিলেক মুরারী॥
তবেঁ বড় গল করী বুইল জগন্নাথে।
তোহ্মার বসন হের আহ্মার হাথে ॥৩
যাবত না উঠিবেঁহে জলের ভিতর।
তাবত বসন নাহিঁ দিব দামোদর॥
এহা জাণী তড়াত উঠিআঁ নেহ বাস।
বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাস॥ ৪ ॥

BANGODARSHAN.COM

# বাণ খণ্ড

(১)
দেশাগরাগঃ॥রূপকং॥

রাধাকুচরিতং স্মৃত্বা প্রকুপ্য মধূসূদনঃ।
জগাদ জরতাং তস্যাঃ করিষ্যন্নু চিতং ফলং॥

গোচরিল রাধা মোর মাএর চরণে।
তেকারণে পায়িল আপমাণে॥
বড়ায়ি ল।
আজি হৈতেঁ রাধিকাত নিবারিলোঁ মণে।
সরূপেঁ কহিলোঁ তোর থানে ॥১
বড়ায়ি ল।
আহ্মার করিল রাধা বড়ুয়ি খাঁখার।
আবসি করিবোঁ প্রতিকার ॥ধ্রু
আপণে করিব আহ্মে তেহেন উপাএ।
যেহ্ন রাধা পড়ে মোর পাএ॥
মরমেঁ হাণিবোঁ তারে মনমথবাণে।
নিবেদিলোঁ তোহ্মার চরণে ॥২
সব লোকেঁ হাসে যেহ্ন দিআঁ করতালী।
তেহ্ন তারে করায়িবোঁ বিকলী॥
আহ্মার মনত জাগে আতি বড় রোষে।
তোহ্মে মোক নাহিঁ দিহ দোষে ॥৩
হেন মণে করে লওঁ রাধার পরাণে।
নাহিঁ করোঁ তোহ্মার কারণে॥
আজি হৈতেঁ রাধিকাত নিবারিলোঁ আশে।
গাইল বড়ু চণ্ডীদাসে॥ ৪ ॥

(২)
আহেররাগঃ॥একতালী॥

আহ্মার বচন শুণ কাহ্নাঞিঁ গোআল।

BANGLADARSHAN.COM

গোআলিনী রাধা পাতে আশেষ জঞ্জাল॥
হাণ পাঁচ বাণে তাক না করিহ দয়া।
গোআলিনী রাধার খণ্ডুক সব মায়া ॥১
শুনহ কাহাঞিঁ তোহ্মে আহ্মার বচনে।
রাধাক হাণ ফুলের পাঁচ বাণে ॥ধ্রু
পুরুবেঁ রাধাক দিলোঁ মো তোহ্মার তাম্বুলে।
কোণো পরকারেঁ না শুণিল মোর বোলে॥
কোন কাম না কৈলো তোহ্মাত লাগিআঁ।
আপণা বোলায়িল সতী আহ্মাক মারিআঁ ॥২
বিলম্ব না কর কাহ্নু মোর বোল শুন।
ঝাটঁ করী ফুলের ধনুত দেহ গুন॥
স্তম্ভন মোহন আর দহন শোষণে।
ঊছাটিণ বাণে লঅ রাধার পরাণে॥
ত্রিজগতনাথ তোহ্মে দেব বনমালী।
তোহ্মাকে না করে ভয় রাধা চন্দ্রাবলী॥
উলটিআঁ সে যাচু তোহ্মাক যতনে।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীগণে ॥ ৪ ॥

(৩)
পাহাড়ীআরাগঃ॥ক্রীড়া॥

কৃষ্ণোহনুমতিমাসাদ্য জরত্যা কৃতমণ্ডন।
পঞ্চবাণশরৈশ্চক্রে রাধিকামারণে মতিম্॥

ময়ূর পুছেঁ বান্ধিআঁ চুড়া
তাত কুসুমের মালা
চন্দন তিলকেঁ শোভিত ললাট
যেহ্ন চাঁদ ষোলকলা॥
কাজলেঁ উজল নয়নযুগল
খঞ্জনকে উপহাসে।
ঈষত হাসত ভুবন মোহন
যেহ্ন কমল বিকাসে ॥১
ফুলের ধনু হাথে করী কাহ্নু
গেলা বৃন্দাবন পাশে।

রাধার বচন আনলেঁ দগধ
মনত করিআঁ রোষে ॥ধ্রু
হিরাঞঁ জড়িত রতন কুণ্ডল
মণ্ডিত গণ্ড যুগলে।
সিন্দুর লুলিত মুকুতা পাঁতী
সম দশন উজলে॥
মনোহর হার কেয়ূর পহ্নী
আঙ্গদ যুগল হাথে।
রতন কঙ্কন আতি বিতপন
পহ্নীল জগতনাথে ॥২
সকল শরীর চন্দনে লেপিল
নেত ধড়ী পরিধানে।
তাহার উপর মণি বিরচিত
কিঙ্কিনী বান্ধিল কাহ্নে॥
কর্পুর বাসিত তাম্বুল বদনে
হাথে কনকের বাশী।
কদম তলাত কোমল পাতত
থাকিলা কাহ্নাঞিঁ বসী ॥৩
শীতল শরীর জন মনোহর
কোকিল পঞ্চম গাএ।
সব তরুগণ বিকাস কুসুম
ভ্রমর কাঢ়এ রাএ॥
আতি রূষ্ট হআঁ রহিলা কাহ্নাঞিঁ
রাধা মারিবার আশে।
বাসলীচরণ শিরে বন্দিআঁ
গাইল বড়ু চণ্ডীদাসে॥ ৪ ॥

(৪)
গুজ্জরীরাগঃ॥যতিঃ॥

দামোদরস্য বচসা তরসা জরতী ততঃ।
রাধায়াঃ সবিধং গত্বা নিভৃতং নিজগাদ তাম্॥

তোহ্মার চরিতেঁ রাধা পাআঁ আপমাণে।

BANGLADARSHAN.COM

আসুখিল হআঁ মোক পাঠায়িল কাহ্নে॥
হেন বুয়িল তাত লাগি কইলোঁ যত কাজ।
তাক আন করি পাড়িলেঁ মুণ্ডে বাজ ॥১
এবেঁ সে জাণিলোঁ ভালেঁ রাধার বেভার।
মাঅক জাণাআঁ মোর করিল খাঁখার ॥ধ্রু
বিথর সহিলোঁ তার গালি বচনে।
ভার বহিল আহ্মে তাহার কারণে ॥
তভোঁ সুখ না ভৈল তাহার মণে।
কেমনে তোষিব আর হেন নারীজনে ॥২
এতেকেঁ লখিলোঁ রাধা কাহ্নাঞিঁর মণে।
বড় রোষ উপজিল তোহ্মার কারণে ॥
সরূপেঁ ফুলের ধনু জুড়িল পাঁচ বাণে।
হাণিআঁ লৈবেক রাধা তোহ্মার পরাণে ॥৩
পরাণ নাতিনী মোর ধরহ বচন।
আপণে আসিআঁ ধর কাহ্নের চরণ ॥
তবেঁ সে রাখিব কাহ্নাঞিঁ তোহ্মার পরাণে।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীগণে ॥ ৪ ॥

(৫)

ধানুষীরাগঃ ॥ লঘুশেখরঃ॥

খোঁপা পরতেখ মোর ত্রিদশ ঈশ্বর হর
কেশপাশে নীল বিদ্যমানে। এআ
সিসের সিন্দূর সূর ললাটে তিলক চাঁদ
নয়নত বসএ মদনে ॥এআ ॥১
সুণ বড়ায়ি ল
বোল গিআঁ গোবিন্দক বাতে। এআ
তীন ভুবন বীর রাখ এ যৌবন ধন
কি করিতেঁ পারে জগন্নাথে ॥ এআ॥ ধ্রু
নাসা বিনতানন্দন পাণ্ডু গণ্ড পাশে কণ্ন
বিম্ব ওষ্ঠ পুষ্প দন্ত সঙ্গে।
কুচযুগ যুধিষ্ঠির বাহু দণ্ড মনোহর
সুগ্রীব শরীর বসে রঙ্গে ॥২

বলি বসে নাভীতলে পৃথু নিতম্ব যুগলে
মাঝ দেশে সিংহ বিদ্যমানে।
জঘনে বসে নৃপুরু আতিশয় রূচি গুরু
পদনখ নক্ষত্রগণে ॥৩
হাথে ধরী ধনু বাণে কাহ্ন আসু বিদ্যমানে
তভোঁ তাক নাহিঁ মোর ডরে।
বোল দূতা কাহ্ন পাশে গাইল বড়ু চণ্ডীদাসে
দেবী বাসলীর বরে ॥ ৪ ॥

(৬)
বসন্তরাগঃ॥একতালী॥

কালী দলিল আহ্মে সলিল শোধিল।
কংস মারিবারে আহ্মে আবতার কৈল॥
মামা বধ করিবোঁ মো লিখিত করম।
তেকারণে গোপকুলে লভিল জরম ॥১
পসরিলহে মদন পাঁচ বাণে।
কে তোর রাখিবে রাখঊ পরাণে ॥ধ্রু
হের ফুলের ধনু ফুলের পাঁচ বাণ।
এই ফুলেঁ আজি তোর লইবোঁ পরাণ॥
আহ্মার খাঁখার কৈলেঁ সব জন থানে।
তেকারণে রাধা তোক যোড়োঁ পাঁচ বাণে ॥২
হেন পাঁচ বাণে কাহ্ন মারে পরতিরী।
আহ্মা ন চিহ্নসি রাধা বড় আছিদরী॥
পুরুবে দূতী মারিলি কমণ কারণে।
এবেঁ তোর ফল হের দেওঁ এহি বাণে ॥৩
বাম হাথে ধনুক ডাহিণ হাথে বাণ।
রাধার হিআত মাইল সুদৃঢ় সন্ধান॥
পড়িলী হালিআঁ রাধা ফুলের শরে।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীবরে॥ ৪ ॥

(৭)
রামগিরীরাগঃ॥আঠতালা॥

BANGLADARSHAN.COM

কৃষ্ণ পরশিল করে শরীর রাধার।
বিহড়িল আষ্ট ধাতু আয়িল তাহার॥
ধেআন করিআঁ করেঁ ঝাড়ে বনমালী।
ধীরেঁ ধীরেঁ গাঅখানী তোলে চন্দ্রাবলী ॥১
মরিআঁ জিলী রাধা গোকুল সমাজে।
তিরীবধে উদ্ধার পাইল দেবরাজে ॥ধ্রু
তালের বিণিঞঁ রাধাক বোচি কাহ্ন।
নির্ম্মল যমুনা জল করায়িল পান॥
জিআঁ ঊঠিলী রাধা পরম হরিষে।
সখিজন হুলাহুলী পাড়ে চৌদিশে ॥২
রাধা বস করি কাহ্ন গেলা বৃন্দাবনে।
তার পাছে গেলী রাধা বিকলী মদনে॥
বৃন্দাবনে ভ্রমর কোকিল কাঢ়ে রাএ।
বিকসিত কুসুম দক্ষিণ বহে বাএ ॥৩
আচম্বিত লুকাইলা কাহ্নাঞিঁ বৃন্দাবনে।
নব কিশলয়গণে রচিআঁ শয়নে॥
তার মাঝেঁ বসিআঁ থাকিলা নারায়ণে।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীগণে ॥ ৪ ॥

BANGODARSHAN.COM

# বংশী খণ্ড

(১)

পাহাড়ীআরাগঃ ॥ একতালী ॥ দণ্ডকঃ॥

অনঙ্গসঙ্গরে রাধা ভঙ্গং প্রাপ্য কুরঙ্গদৃক্।
অলসাঙ্গলতা রঙ্গাৎ জরতীসহিতা যযৌ॥

বড়ায়ি লইআঁ রাহী গেলী সেই থানে।
সখীসবে বুইল রাধা লড়িউ সিনানে ॥১
ষোল শত গোপী গেলা যমুনার ঘাটে।
তা দেখিআঁ কাহ্নাঞিঁ পাতিল নাটে ॥২
খনে করতাল খনে বাজাএ মৃদঙ্গ।
তা দেখি রাধিকার সখিগণে রঙ্গ ॥৩
আর যত বাদ্যগণ আছের কাহ্নাঞিঁ।
পতিদিনে নানা ছান্দে বাএ সেহি ঠাই ॥৪
তা দেখিআঁ না ভুলিলী আইহনের দাসী।
সৃজিল কাহ্নাঞিঁ তবেঁ মোহন বাঁশী ॥৫
সাত গুটি বিদ্ধ তাত করি আনুপাম।
সুবর্ণ্ণের সাম্বী হিরার বান্ধিল কাম ॥৬
হরিষে পুরিআঁ কাহ্নাঞিঁ তাহাত ওঁকার।
বাঁশীর শবদেঁ পারে জগ মোহিবার ॥৭
যমুনার ঘাটে রাধা বাঁশীনাদ সুণী।
জল লআঁ ঘর আয়িলী আইহনের রাণী ॥৮
বৃন্দাবনে বাঁশী বাএ নান্দের নন্দন।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীগণ ॥ ৯ ॥

(২)

কেদাররাগঃ ॥ রূপকং॥

নিপীয় বংশনিনদং রাধা কংসভয়াতুরা।
বেদিতুং বাদকন্তস্য জগাদ জরতীমিদং॥

কে না বাঁশী বাএ বড়ায়ি কালিনী নইকুলে।

BANGLADARSHAN.COM

কে না বাঁশী বাএ বড়ায়ি এ গোঠ গোকুলে॥
আকুল শরীর মোর বেআকুল মন।
বাঁশীর শবদেঁ মো আউলাইলোঁ রান্ধন ॥১
কে না বাঁশী বাএ বড়ায়ি সে না কোন জনা।
দাসী হআঁ তার পাএ নিশিবোঁ আপনা ॥ধ্রু
কে না বাঁশী বাএ বড়ায়ি চিত্তের হরিষে।
তার পাএ বড়য়ি মোঁ কৈলোঁ কোণ দোষে॥
আঝর ঝরএ মোর নয়নের পাণী।
বাঁশীর শবদেঁ বড়ায়ি হারায়িলোঁ পরাণী ॥২
আকুল করিতেঁ কিবা আহ্মার মন।
বাজাএ সুসর বাঁশী নান্দের নন্দন॥
পাখি নহোঁ তার ঠাই উড়ী পড়ি জাওঁ।
মেদনী বিদার দেউ পসিআঁ লুকাওঁ ॥৩
বন পোড়ে আগ বড়ায়ি জগজনে জাণী।
মোর মন পোড়ে যেহ্ন কুম্ভারের পণী॥
আন্তর সুখাএ মোর কাহ্ন আভিলাসে।
বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাসে ॥ ৪ ॥

(৩)

শ্রীরাগঃ॥ক্রীড়া॥

নিশম্য কৃষ্ণবচনং স্মরজ্বরভরাতুরা।
যমুনাতীরমাগত্য রাধ হ জরতীমিদম্॥

সুসর বাঁশীর নাদ সুণী আইলোঁ
মো যমুনাতীরে।
শোভন কলসী করে ধরিআঁ
পারিলোঁ যমুনানীরে॥
বড়ায়ি ল।
বাঁশীর নাদ না শুণী এবেঁ
কাহ্ন গেলা কিবা দূরে।
প্রাণ বেআকুল ভৈল এবেঁ
কিমনে জায়িবোঁ ঘরে ॥১
বড়ায়ি ল।

BANGLADARSHAN.COM

তোহ্মে কি দেখিলেঁ জায়িতেঁ পথে।
কাল কাহ্নাঞিঁ চাঁচর কেশে
কুসুম শোভিত মাথে ॥ধ্রু
আহোনিশি মো আন না জাণো
এত দুখ কহিবোঁ কাএ।
কাহ্নের ভাবেঁ চিত্ত বেআকুল
লাজে মোঁ না কান্দো রাএ॥
যমুনাতীরে কদমের তলে
কাহ্ন মোরে দিলে কোলে।
তাহা সুঁ অরিআঁ বিকলী ভৈলোঁ
কাহ্ন বিরসিল ভোলে ॥২
চারি দিগেঁ তরু পুষ্প মুকুলিল
বহে বসন্তের বাএ।
আম্বডালে বসী কুয়িলী কুহলে
লাগে বিষবাণ ঘাএ॥
চান্দ সুরুজের ভেদ না জাণো
চন্দন শরীর তাএ।
কাহ্ন বিণি মোর এবেঁ এক খন
এক কুল যুগ ভাএ ॥৩
বাঁশীর শবদেঁ প্রাণ হরিআঁ
কাহ্ন গেলা কোণ দিশে।
তা বিণি সকল আন্তর দহে
যেন বেআপিল বিষে॥
এবেঁ আণিআঁ দেহ নান্দের নন্দন
পুর ত আহ্মার আশে।
বাসলীচরণ শিরে বন্দিআঁ
গাইল বড়ু চণ্ডীদাসে ॥ ৪ ॥

(৪)

শ্রীরাগঃ ॥ যতিঃ॥

এবেঁ বড় নয়নে মো না দেখোঁ সুন্দরী।
কথাঁ গেলেঁ পাইব আহ্মে শ্রীকৃষ্ণ হরী ॥

BANGLADARSHAN.COM

হেনক উপায় মোক বোল চন্দ্রাবলী।
তবেঁ মো তোহ্মাক আণি দিবোঁ বনমালী ॥১
যত কিছু বুয়িলেঁ মোর পরাণনাতিনী।
বড় দুখ উপজিল মণে তাক সুণী ॥ধ্রু
যমুনা নদীতে মো কেমনে হৈবোঁ পার।
ঘড়িআল কুম্ভীর তাহাত অপার॥
শকতিঞঁ পার হয়িলা চন্দ্রাবলী রাণী।
তথাঁ বা কেমনে পায়িব দেব চক্রপাণী ॥২
সেহি বৃন্দাবন মাহা ঘোর ভয়ঙ্কর।
বাঘ ভালুক তাএ বসে বিথর ॥
তাহাত আগত রাধা এড়ায়ি কেমনে।
হেনক উপায় তোহ্মে কহ মোর থানে ॥৩
ভরিল যযুনাত তোহ্মা কৈল পার।
তোহ্মা হেতু কান্ধে বহিল দধিভার॥
তভোঁ তোর ভালমতেঁ না পুরিল আশ।
বাসলীচরণ শিরে বন্দী গাইল বড়ু চণ্ডীদাস ॥ ৪ ॥

(৫)

কোড়ারাগঃ ॥ রূপকং॥

আইস ল বড়ায়ি মোর রাখহ পরাণ।
সহিতেঁ না পারোঁ মদন পাঁচ বাণ॥
সরস বসন্ত ঋতু কোকিল রাএ।
আধিক বিরহশিখি হৃদএ জলএ ॥১
কি বুধি করিবোঁ বড়ায়ি বোলহ এখন।
কি বুধি করিলেঁ রহে আহ্মার জীবন ॥ধ্রু
কে বোলে চন্দন চাঁদ আতি সুশীতল।
আহ্মার মনত ভাএ যেহেন গরল॥
নব কিশলয় ভৈল দহন সমান।
ঘাঅত উপরে ঘাঅ বাঁশীর সান ॥২
নানা তরু লতা বন ঘোর আন্ধকার।
বৃন্দাবন চল বড়ায়ি ত্রিভুবনে সার॥
ধরণ না জাএ বড়ায়ি আহ্মার যৌবন।

BANGLADARSHAN.COM

প্রাণ রাখ আণি দেহ নান্দের নন্দন ॥৩
আহ্মার বচন শুণ তোহ্মে বড়ি মা।
না জাণো কেমন করে আহ্মার গা॥
বিণি কাহ্নে চঞ্চল আহ্মার জীবন।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীগণ ॥ ৪ ॥

(৬)
রামগিরীরাগঃ॥যতিঃ॥

আষাঢ় শ্রাবণ মাসে মেঘ বরিষে যেহ্ন
ঝরএ নয়নের পাণী।
আল বড়ায়ি।
সংপুটে প্রণাম করি বুইলোঁ সব সখিজনে
কেহো নান্দে কাহ্নাঞিঁকে আণী ॥১
আল বড়ায়ি চাহা চাহা।
কোণ দিগেঁ মৌহারী বাজে ॥ধ্রু
রূপস দেখিএ যথাঁ নানা ফুল ফল গড়া
সেই সে কাহ্নাঞিঁর দেশ।
নান্দের নন্দন কাহ্ন --- --- ---
সোঁঅরিতেঁ পাঞ্জর শেষ ॥২
কাহ্নাঞিঁ বিহাণে মোর সকল সংসার ভৈল
দশ দিগ লাগে মোর শূন।
আঞ্চলের সোনা মোর কে না হরি লআঁ গেল
কিবা তার কৈলোঁ অগুণ ॥৩
তোহ্মার আগত সত্যেঁ বুয়িলোঁ বড়ায়ি
তোর বোল না করিবোঁ আনে।
আণিআঁ কাহ্নাঞিঁ দেহ বড়ু চণ্ডীদাস গাএ
বন্দিআঁ বাসলীচরণে ॥ ৪ ॥

(৭)
গুজ্জরীরাগঃ॥যতিঃ॥

উত্তম গোআলকুলে তোহ্মার জরম।
তোহ্মাকে জুগত নহে এ সব করম॥

BANGLADARSHAN.COM

দুচারিণী যার মা তার হেন গতী।
সেসি পর পুরুষের বাঞ্ছএ সুরতী ॥১
সুণহ নাতিনী তোক কিছু নাহিঁ বুধী।
কথাঁ গিআঁ পাইব আহ্মে কাহ্নাঞিঁর সুধী ॥ধ্রু
এ সব কামত যে বা উপসন্ন হএ।
পাপ বেআপিত সে ধরম করে খএ॥
আপণা চিহ্নিআঁ থাক আইহনের রাণী।
লোকেঁ জণি সুণে তোর এসব কাহিণী ॥২
শিশু হয়িতেঁ জাণো তোর মাএর চরীত।
তার ঝিউ হআঁ তোর কেহ্নে হেন চীত॥
পুরুবে যে কাজ হৈল সে ভৈল গুপতে।
এবেঁ তোর মন তাক বেকত করিতেঁ ॥৩
সুণহ সুন্দরি তোহ্মে আইহনের দাসী।
এ সব করমে কেহ্নে ভয় না বাসসী॥
হেন কাম করিলেঁ নাসিবোঁ তোর পাশে।
বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাসে ॥ ৪ ॥

(৮)

রামগিরীরাগঃ॥রূপকং॥

মো জে সখি সব সঙ্গে করিবোঁ।
মাহ্লী মালতী ফুল গাথিবোঁ।
দূতা তোক লয়িআঁ কাহ্নের মুখ দেখিবোঁ।
খাট পালঙ্কি গঢ়ায়িবোঁ।
আল সুবর্ণ্ণে মঢ়ায়িবোঁ।
কাহ্নাঞিঁ লইআঁ রাতিএঁ পোহাইবোঁ॥
এবেঁ না শুণিআঁ বাঁশীর ধুনী।
আল মরিবোঁ জালী আগুনী।
কাহ্নের সকল দোষ খণ্ডিবোঁ আপুণী ॥১
তোরে মো না এড়িবোঁ দূতী ল।
বোলহ কাহ্নেরে রাধাক দেউ সমতী ল ॥ধ্রু
মো জে সখি সব সঙ্গে করিবোঁ।
মাহ্লী মালতী ফুল গাথিবোঁ।
দূতা তোক লয়িআঁ কাহ্নের মুখ দেখিবোঁ।

BANGLASAHITYA.COM

মো জে কস্তুরী কপুর খাইবোঁ।
কিশলয় শয়ন বিছাইবোঁ।
কাহ্নু আলিঙ্গিআঁ সকল দেহ জুড়ায়িবোঁ ॥২
তাঁর বাঁশীর শবদ শুণী।
পরাণ জাএ মোর গুণী।
সুণ তোঁ দূতা আণি দেহ চক্রপাণী॥
দেবের বর যদি পাওঁ।
এখনে তবেঁ পাখি হওঁ।
আপণে উড়িআঁ কাহ্নের ঠাই জাওঁ ॥৩
সে গোবিন্দ গোপনন্দনে।
মোর কুচযুগের চন্দনে।
সব সখি লআঁ তার করিবোঁ বন্দনে॥
আন বড়ায়ি কাহ্নু মোর থানে।
সঙ্গে জাইউ বৃন্দাবনে।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীগণে॥ ৪ ॥

(৯)

ধানুষীরাগঃ॥একতালী॥

আল রাধা।
কিসক মরিতেঁ চাহ তোহ্মে।
চাহিআঁ কাহ্নাঞিঁ আণি দিব আহ্মে॥ল
বুঝাইআঁ বুলিবোঁ তারে বাণী।
যেহ্নু সে আইসে চক্রপাণী ॥ ল ॥১
আল রাধা।
বৃন্দাবনে কাহ্নাঞিঁ আণিবোঁ।
তোর সঙ্গে সুরতী করায়িবোঁ ॥ ল ॥ ধ্রু
যত দুখ দেখিলোঁ তোহ্মারে।
একেঁ একেঁ কহিবোঁ কাহ্নেরে॥
আবসি সোঁঅরি তোর নেহে।
কাহ্নাঞিঁ আসিব কুঞ্জগেহে ॥২
যত কিছু বসে তোর মণে।
নিবেদিহ কাহ্নের থানে ॥
তবেঁ তোক না ছাড়িব কাহ্নে।

সরূপেঁ বুইলো তোর থানে ॥৩
হেন বেলে মাঝ বৃন্দাবনে।
কাহ্নাঞিঁ বাঁশীত দিল সানে॥
সুণী রাধা পাইল হরিষে।
গাইল বড়ু চণ্ডীদাসে ॥ ৪ ॥

(১০)
দেশাগরাগঃ ॥ ক্রীড়া ॥ লগনী॥দণ্ডকঃ॥

বংশীনিনাদতরলা তরলাঞ্চললোচনা।
জগাদ রুচিরং রাধা ভারতীং জরতীং প্রতি॥

বড়ায়ি।
হাথে ভাণ্ড মাথে করী চান্দ
চন্দন চর্চ্চিত গাএ।
যমুনার তীরে কদমের তলে
কে না বাঁশী বোলাএ ॥১
রাধা।
পাএ মগর খাড়ু হাথে বলয়া
মাথে ঘোড়াচুলা।
ধূলাএ ধুসর নীল কলেবর
সেই সে নান্দর বালা ॥২
তোর সঙ্গে বড়ায়ি মথুরাক জাইএ
তোর সঙ্গে নিতি আসী।
গোকুলত থাকে বাছাক রাখে
কথাঁ পাইলে হেন বাঁশী ॥৩
রাধা তোঞঁ মুগধী আবালী গোআলী
না জাণ কাহ্নের শুধী।
তোহোর আন্তরে চতুর কাহ্নাঞিঁ
পাতএ আশেষ বুধী ॥৪
আতি মনোহর বাজাএ সুসর
সুণিআঁ পরাণ জাএ।
কিরূপ বাঁশী বোল বড়ায়ি
কেমণে তাক বাজাএ ॥৫

BANGLADARSHAN.COM

বাঁশীর বিন্দত		মুখ সংযোজিআঁ
সপত সর বাজাএ।
নাগর শেখর		নান্দের সুন্দর
বড়ু চণ্ডীদাস গাএ ॥ ৬ ॥

(১১)

কোড়ারাগঃ ॥ লঘুশেখরঃ॥

এতাং শ্রুত্বা রূপসরোহংসী বংশীকথামথ।
জগাদ রাধা মধুরাং ভারতীং জরতীং প্রতি॥

ঘরেত বাহির হইআঁ		নাগর কাহ্নাঞিঁ
কোণ দিগেঁ সার নীসারে।
বাঁশীর শবদেঁ চিত্ত		বেআকুল বড়ায়ি
জাইবোঁ তার আনুসারে ॥১
দুখ বাঁশীর শবদেঁ গো বড়ায়ি।
ঘোলে ঘরত মাথানি না বুলে ॥ধ্রু
বৃন্দাবন পসিআঁ		সুন্দর কাহ্নাঞিঁ
বাঁশী বাএ সুললিত ছান্দে।
হার কঙ্কন বড়ায়ি		সব তেআগিবোঁ
সুণী তাক বুক কে বা বান্ধে ॥২
চলি জাইতেঁ চাহোঁ বড়ায়ি		পাঅ নাহিঁ চলে
হারায়িলোঁ সখিজন সঙ্গে।
এবেঁ বাঁশীনাদ সুণী		দেহ কাহ্ন আণী
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীচরণে ॥ ৩ ॥

(১২)

গুজ্জরীরাগঃ ॥ রূপকং॥

রাধয়া প্রেরিতা বৃদ্ধা হরেরন্বেষণং প্রতি।
ইদং জগাদ বচনং রাধিকামাধিকাতরাম্॥

খনে বসী থাকে কাহ্নাঞিঁ যমুনীর তীরে।
গেণ্ডুআ খেলাএ খনে গোকুল ভিতরে ॥১
কথাঁ গিআঁ চন্দ্রাবলী চাহিব কাহ্নাঞিঁ।

BANGLADARSHAN.COM

সরূপ করিআঁ বোল আহ্মার ঠাই ॥ধ্রু
খণে বৃন্দাবনে খনে বাঁশী বোলায়িতেঁ॥
নিশ্চল বোলহ লাগ পাইব কেনমতেঁ ॥২
তাহার উদ্দেশে কত বেড়ায়িব আহ্মে।
বুঢ়া মানুষক দয়া না করহ তোহ্মে ॥৩
কাকুতী করিআঁ বোলোঁ খেমা কর মনে।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীগণে ॥ ৪ ॥

(১৩)
রামগিরীরাগঃ ॥ আঠতালা॥

কাল কোকিল রএ কাল বৃন্দাবনে।
এবেঁ কাল হৈল মোকে নান্দের নন্দনে॥
প্রাণ আকুল ভৈল বাঁশীর নাদে।
এবেঁ আসিআঁ কাহ্নাঞিঁ দরশন নাঁদে ॥১
আহ্মা উপেখিআঁ গেলা নান্দের নন্দন।
তাহাত মজিল চিত না জাএ ধরণ ॥ধ্রু
আগর চন্দনে বড়ায়ি শরীর লেপিআঁ।
কেলি কৈল যেই বৃন্দাবনত পসিআঁ॥
নাগর কাহ্নাঞিঁ  সমে বিবিধ বিধানে।
এবেঁ লআঁ চল বড়ায়ি সেই বৃন্দাবনে ॥২
বড়ার বৌহারী আহ্মে বড়ার ঝী।
কাহ্ন বিণি মোর রূপ যৌবনে কী॥
এ রূপ যৌবন লআঁ কথাঁ মোএঁ জাওঁ।
মেদনী বিদার দেউ পসিআঁ লুকাওঁ ॥৩
মন্দ পবন বহে কালিনী নইতীরে।
কাহ্নাঞিঁ সোঁঅরী মোর চিত নহে থীরে॥
এবেঁ আকুল কৈলে মোরে নন্দের নন্দনে।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীগণে ॥ ৪ ॥

(১৪)
মালবরাগঃ॥রূপকং॥

যবেঁ আহ্মা দিআঁ কাহ্নাঞিঁ পাঠায়িলে তাম্বুল।

BANGLAPASHA.COM

তখন কি বুঝিআঁ না কৈলে আণুকূল ॥১
পুনরপি কান্ধে বহিলেঁ দধিভার।
তবেঁ কেহ্নে না পালিলে বচন তাহার ॥২
যখন শরতরৌদে ধরিলেক ছাতী।
তখন বোলায়িলেঁ রাধা আপণাক সতী ॥৩
তোহ্মা সমে করিব যমুনাজলে কেলী।
হেন বুঝী কালীয় দলিল বনমালী ॥৪
নানা ফুল আরোপিল নির্ম্মিল বৃন্দাবন।
তোহ্মার বিলাস হেতু নান্দের নন্দন ॥৫
তোহ্মাত লাগিআঁ এত কৈল দামোদরে॥
তভোঁ তাক দোষ দেসি তোঞঁ বারে বারে ॥৬
এখন বোলহ রাধা আহ্মার মরন।
এবেঁ কথাঁ পাইব আহ্মে নান্দের নন্দন ॥৭
মোর বোল শুন রাহী ছাড় তার আশ।
বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাস ॥৮

**(১৫)**

কোড়ারাগঃ ॥ একতালী॥

সুসর বাঁশীর নাদ শুণিআঁ বড়ায়ি
রান্ধিলোঁ যে সুনহ কাহিনী।
আম্বল ব্যঞ্জনে মো বেশোআর দিলোঁ
সাকে দিলোঁ কানাসোআঁ পাণী ॥১
রান্ধনের জুতী হারায়িলোঁ বড়ায়ি
সুণিআঁ বাঁশীর নাদে ॥ধ্রু
নান্দের নান্দন কাহ্ন আড়বাঁশী বাএ
যেন রএ পাঞ্জরের শুআ।
তা সুণীআঁ ঘৃতে মো পরলা বুলিআঁ
ভাজিলোঁ এ কাঁচা গুআ ॥২
সেই ত বাঁশীর নাদ সুণিআঁ বড়ায়ি
চিত্ত মোর ভৈল আকূল।
ছোলঙ্গ চিপিআঁ নিমঝোলে খেপিলোঁ
বিণি জলেঁ চড়াইলোঁ চাউল ॥৩
যমুনার তীরে কদম তরুতলে

তহি বসি কাহ্নু বাএ বাঁশে।
তাক আণিআঁ বড়ায়ি রাখহ পরাণ
গাইল বড়ু চণ্ডীদাসে॥ ৪ ॥

(১৬)
গুজ্জরীরাগঃ॥রূপকং॥

আজি ভাল না শুণো মো তোহ্মার বচন।
আপণার গুণ কহ আউলাআঁ রান্ধন ॥১
আপণার সুখে কাহ্নাঞিঁ ভ্রমে বৃন্দাবনে।
লাজ না বাস বুলিতেঁ হেন বচনে ॥ধ্রু
তাহাক আণিতেঁ তোহ্মে নাম্বায়িলেঁ আম্বলে।
ছোলঙ্গ চিপিআঁ রস দিলেঁ নিমঝোলে ॥২
চল চাহা গিআঁ রাধা বৃন্দাবন পাশে।
তথাঁ কাহ্নাঞিঁ গাইল চণ্ডীদাসে ॥ ৩ ॥

(১৭)
কোড়ারাগঃ ॥ রূপকং॥

নিধায় কলসং কুক্ষৌ বৃদ্ধয়া সহ রাধিকা।
জগাম যমুনাতীরং কৃষ্ণান্বেষণতৎপরা॥

কাখেত কলসী বড়ায়ি জাওঁ ধীরে ধীরে।
চতুর্দ্দিশ চাহোঁ বড়ায়ি যমুনার তীরে॥
বাঁশীনাদ সুণী কাহ্নু দেখিতে না পাওঁ।
মেদনী বিদার দেউ পসিএঁা লুকাওঁ ॥ ল ॥১
চাহা চাহা আল বড়ায়ি যমুনাক তীরে।
বাঁশীর শবদেঁ প্রাণ কেহ্নু জণি করে ল ॥ধ্রু
শীতল মনোহর বাঁশী কে না বাএ।
ডালত বসিএঁা যেহ্নু কুয়িলী কাঢ়ে রাএ॥
উল্লসিত হইলো বড়ায়ি তার নাদ সুণী।
না পায়িএঁা কাহ্নাঞিঁ বড়ায়ি তেজিবোঁ পরাণী ॥২
যমুনার তীরে বড়াই কদমের তলে।
পূর্ণ ঘট পাতী বড়ায়ি চাহি ত মঙ্গলে॥

মঙ্গল পায়িলে হয়ে চিত্তের সোআথে।
তবেসি মেলিব এথাঁ প্রিয় জগন্নাথে ॥৩
এবে মঙ্গল চাহীঞাঁ দেখিলোঁ বড়ায়ি।
কাহ্নাঞিঁ পায়িবাক তাত এক চিহ্ন নাহী॥
এখন বড়ায়ি মোরে বোলহ উপাএ।
বাসলী শিরে বন্দী চণ্ডীদাস গাএ ॥ ৪ ॥

(১৮)
গুজ্জরীরাগঃ ॥ যতিঃ॥

অনেক প্রকারে চাহিল বৃন্দাবনে।
কথাহো না পায়িল কাহ্নের দরশনে॥
আজি সুন্দরী রাধা চলি জায়ি ঘর।
এবে মন নিবারি মোহোর বোল ধর ॥১
এখণ আর কিছ উপায় নাহী।
কালী পরভাতে আসি চাহিব কাহ্নাঞিঁ ॥ধ্রু
বিহাণ আইলাহোঁ হৈল সঁঝ উপসন।
গোঠে হৈতেঁ ঘর আজি আসিআঁ আইহন॥
তোহ্মাক না দেখিআঁ রোষিব আহ্মারে॥
না জাণো আয়র কিবা করএ আহ্মারে ॥২
কোপছলেঁ পরিখে  তোহ্মার মতি কাহ্নে।
এখন পায়িবাক তাক না কর যতনে॥
বিরহেঁ বিকল হআঁ তোহ্মার থানে।
আপণে মেলিব আসি নাগর কাহ্নে ॥৩
আহ্মাত আধিক তোর কে করিবে হিত।
সব খন তোর কাজে জাগে মোর চিত॥
হেন বুলী বড়ায়ি লয়িআঁ গেলী ঘর।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীবর ॥ ৪ ॥

(১৯)
ভৈরবীরাগঃ ॥ যতিঃ॥

প্রথম পহরে গোআল গেলা নিন্দ।

BANGLADARSHAN.COM

আচম্বিত বাঁশীধ্বনী করিল গোবিন্দ॥
উত্তরলী হয়িলী রাহী বাঁশীর নাদে।
বিরহেঁ বিকলী হআঁ গোআলিনী কান্দে ॥১
শ্রীনন্দনন্দন গোবিন্দ হে।
অনাথী নারীকে সঙ্গে নে ॥ধ্রু
দুঅজ পহরে নিন্দে আকুল আইহন।
নাছে গিআঁ চাহে রাহী নান্দের নন্দন॥
চারি পাশ চাহে রাহী চমকিত মনে।
কথাঁহো না পায়িল কাহ্নের দরশনে ॥২
তিঅজ পহর রাতী কোকিল রএ।
বেআকুলী গোআলিনী মনত গুণএ॥
এভোঁ নাইল সে ত নান্দের পূত।
কোকিলের নাদ মোকে যেহ্ন যমদূত ॥৩
চৌঠ পহরে গুণিআঁ পাঁচ সাতে।
বিরহেঁ মুরুছা গেলী রাধিকা প্রভাতে॥
মুখে জল দিআঁ বড়ায়ি করায়িল চেতন।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীগণ ॥ ৪ ॥

(২০)

রামগিরীরাগঃ ॥ একতালী ॥ দণ্ডকঃ ॥ লগনী॥

অথ রাধাং পূরো বীক্ষ্য স্মরজ্বরভরাতুরাং।
চতুরা জরতী প্রাহ যমুনাগমনং প্রতি॥

সুণহ সুন্দরী রাধা বচন আহ্মার।
যমুনাক যাই ছলে পাণী আণিবার ॥১
তোহ্মার বচনে যমুনাক আহ্মে জাইব।
তথাঁ গেলেঁ কেমনে কাহ্নাঞিঁর লাগ পাইব ॥২
তথাঁ বাঁশী চোরায়িতেঁ করিঊ যতনে।
যমুনার তীরে সব খন থাকে কাহ্নে ॥৩
তার বাঁশী নিলেঁ হিত কি হয়িব মোর।
সরূপ করিআঁ কহ পাএ ধোরোঁ তোর ॥৪
বাঁশীত লাগিআঁ তোকে নান্দের নন্দন।
আপুণী বুলিব আসী কাকুতীবচন ॥৫

BANGLADARSHAN.COM

কদমের তলে যবেঁ কাহ্নু থাকে বসী।
তবেঁ তার কেনমতেঁ চোরায়িব বাঁশী ॥৬
নিন্দাউলী মন্ত্রে তাক নিন্দআইব আহ্মি।
তবেঁ তার বাঁশী লআঁ ঘর জাইহ তুহ্মি ॥৭
কেহো যবেঁ বাঁশী হাথে দেখিব আহ্মারে।
তবেঁ তাক সম্বোধিব কমণ উত্তরে ॥৮
বাঁশীগুটি থুইহ তোহ্মে কলসি ভীতর॥
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীবর ॥ ৯ ॥

(২১)

পাহাড়ীআড়াগঃ ॥ ক্রীড়া॥

গত্বা রাধাযুতা বৃদ্ধা মাধবং যামুনে তটে।
নিদ্রালুং বিদধে মন্ত্রৈর্বংশাপহরণাশয়া॥

যমুনার তীরে কদম তরুতলে
বাও বহে সুশীতলে
তথাঁ বশিআঁ সে দেবরাজ
পুরিল বাঁশীত শরে॥
নিদ্রাহো আসিআঁ চাপিল কাহ্নে
তেসিঁ না গেলা ঘরে।
নব কিশলয় শয়নে সুতিল
বাঁশীত দিআঁ সিঅরে ॥১
আল।
কাহ্নু নিন্দ গেলা হেলে।
দৈব নিবন্ধন খণ্ডন না জাএ
বাঁশী হারায়িল ভোলে ॥ধ্রু
সকল সখিগনে যমুনাক গেলা
আণিবারেঁ পাণী।
কদম তলাত নিন্দ গেল কৃষ্ণ
দেখিল আইহনরাণী॥
ধীরে ধীরে তার নিকট গিআঁ
বাঁশী চোরায়িআঁ সত্বরে।
কাখের কুম্ভত ভিতর থুয়িআঁ

BANGLADARSHAN.COM

রাধা লড়িলা ঘরে ॥২

ঘরত গিআঁ সে চন্দ্রাবলী
ভূমিত থুয়িআঁ কলসী।
উল্লসিত মনে বাহির করিআঁ
পুণি পুণি চাহে বাঁশী॥
পাছে লুকায়িল রাধিকা বাঁশী
যথাঁ নাহিঁ জাএ আনে।
মনত গুণিআঁ সার কৈল
আর নাহিঁ দিব কাহ্নে ॥৩
নিদ্রা ভঙ্গিআঁ সত্বর হয়িআঁ
কাহ্নাঞিঁ তুলীল গাএ।
বেআকুল হয়ি বড়ায়ি দেখিআঁ
বিলপিলা শ্রীনিবাসে।
বাসলীচরণ শিরে বন্দিআঁ
গাইল বড়ু চণ্ডীদাসে ॥ ৪ ॥

(২২)

কোড়ারাগঃ ॥ যতিঃ॥

আনেক যতন করি আলোচিআঁ কাজে।
বাঁশী নির্ম্মিল আহ্মে গোকুলসমাজে॥
শোভে রতনজড়িতে বাঁশী আহ্মারে।
নাদে মোহো জাএ সকল সংসারে ॥ ল ॥১
বাঁশী হারায়িলোঁ বড়ায়ি ল
আল গোকুলে আসিআঁ।
হাকান্দ করুণা করোঁ ভূমিত লোটায়িআঁ ॥ধ্রু
এবেঁ কে না নীল মোহন বাঁশে।
মুকুতার ঝারা পাটথোপ দুই পাশে॥
মাণিকে খঞ্চিল তথি সোনার পাতা।
সুরপতী জাণে মোর বাঁশীর বারতা ॥২
বাঁশী হারায়িআঁ কাহ্ন মনে খেদ করে।
তাহাক চাহিআঁ কাহ্ন বুলে ঘরে ঘরে॥
মাথাত হাথ দিআঁ কান্দন্তি গদাধরে।
তাহাক শুণিআঁ রাধা পায়িল বড় ডরে ॥৩

মণত গুণিআঁ পাছে দেব চক্রপাণী।
দুঈ হাতে মুছিলান্ত নয়নের পাণী॥
তবেঁ সবে কহিলান্ত বড়ায়ির থানে।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীগণে ॥ ৪ ॥

(২৩)

মল্লাররাগঃ॥রূপকং॥

না কান্দ কাহ্নাঞিঁ সুণহ বচনে।
কাতর কিকে হয় কমললোচনে॥
আযাত্রাঞঁ গোকুল কইলেঁ গমনে।
শিয়রত বাঁশী হারায়িল তেকারণে ॥১
সুণহ সুণহ কাহ্ন না কর আতোষে।
আহ্মে সব কহিআঁ দিব বাঁশীর উদ্দেশে ॥ধ্রু
আহ্মার বচনে তোহ্মে কর অবধান।
গোপীকুলের তোহ্মে কৈলেঁ আপমান॥
তেকারণে এবেঁ আহ্মে করি আনুমান।
তেঁ সহ্মে চোরায়িল বাঁশি তোর কাহ্ন ॥২
বাঁশীর উদ্দেশ তোক কহিল মুরারী।
গোপী মাঝেঁ বাঁশী তোর কেহো কৈল চুরী॥
ষোল শত যুবতীক কর যোড় হাথ।
তবেঁ বাঁশী পায়িবেঁ শুন জগন্নাথ ॥৩
যোড়হাথে কাকুতী কৈল বনমালী।
তা দেখিআঁ ঈষত হাসিলী চন্দ্রাবলী॥
বুঝিআঁ রাধাক বাঁশী মাঙ্গিল কাহ্নে।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীগণে ॥ ৪ ॥

(২৪)

বেলাবলীরাগঃ॥রূপকং॥

আহ্মার বাঁশীর শবদেঁ ল।
আল হের রাধা
খণ্ডএ সকল আপদে।
আল রাধে জার ধুনী সরগদুআরে ॥ ল ॥১

মোরে বাঁশীগুটী দিআঁ মেণ দাণে।
আল হে রাধা
বারেক রাখহ সমানে ল ॥ধ্রু
বাঁশী পাইল হর গৌরী বরে।
দেখিতেঁ আতি মনোহরে।
যার নাদেঁ গোকুল রহে ॥২
সুণ তোঁ আইহনের গোআলী।
আকুল না কর বনমালী॥
বাঁশী দেহ তেজিআঁ জঞ্জালে।
হের তোর ধরিলোঁ আঁচলে ॥৩
সুণী কি বুলিহে বাপ নান্দে।
বাঁশী হারায়িলোঁ মো নিন্দে॥
বাঁশী দিআঁ পুর মোর আশ।
গাইল বড়ু চণ্ডীদাস ॥ ৪ ॥

(২৫)
ভাঠিআলীরাগঃ ॥ একতালী॥

কৃষ্ণস্য বচনং শ্রুত্বা রাধিকাধিমতী সতী।
বেপমানতনুস্তন্বী জগাদ জরতীমিদং॥

ঘৃত দধি দুধে বড়ায়ি পসার সাজিলোঁ গো
বিকে জাইতেঁ মধুরা নগরী।
আঞ্চলে ধরিআঁ মোক কাহ্নাঞিঁ রহাএ গো
বোলে তোঞঁ বাঁশী কৈলী চুরী ॥১
আল হের না জাণো বাঁশীর শুধী।
আল ল বড়ায়ি।
ছাওআল কাহ্নাঞিঁ বল করে ॥ধ্রু
তেজিলোঁ মো তার চীর নূপুর কঙ্কন বড়ায়ি
তেজিলোঁ মো সব আভরণে।
বারে বারে কাহ্নাঞিঁ মোকে ধিকাধিক বোলে গো
যত কিছু তোহ্মার কারণে ॥২
গলাত পাথর বান্ধি দহে পইসওঁ
কিবা মরোঁ আনলে পুড়িআঁ।

তবেঁ বা মোঞঁ কাহ্নের ঝগর এড়াওঁ
কিবা মরোঁ খরল খায়িআঁ ॥৩
আহ্মার আন্তরে বড়ায়ি বোলহ কাহ্নেরে গো।
চন্দ্রাবলী মাঙ্গে পরিহারে।
না কর ঝগড় বড়ু চণ্ডীদাসে গো
গাইল বাসলীবরে ॥৪

(২৬)

বেলাবলীরাগঃ ॥ একতালী॥

রাধিকাবাচমাচম্য জরত্যা প্রতিপাদিতং।
উবাচ কাতরঃ কৃষ্ণো বংশোৎপাদনহেতবে॥

মাঞঁ নিষধিল পুতা কাহ্নে ল।
না করিহ গোঠ সয়নে।
সেহো বোল না শুণিল কানে ল।
আল হের বড়ায়ি হে।
তেঁ মোর বাঁশী নিল আনে ॥ হে ॥১
হরি হরি।
কে না পরাণে দুখ দিল।
আল হের।
বিরহবিনোদ বাঁশী নিল হে ॥ধ্রু
মোর বাঁশী ত্রিভুবনের জাণী।
খিঞ্চিল মাণিকে হিরা মণী॥
বাঁশী নিআঁ রাধা নাহিঁ মানে।
সে নিল জাণো আনুমানে ॥২
বাঁশী হারাইল বনমালী।
সুণী বাপ মাঞঁ দিব গালী॥
তাক ধন দিব চক্রপাণী।
যে মোর বাঁশী দিব আনী ॥৩
নাহিঁ করোঁ কিছু আপরাধা।
বাঁশী নিআঁ প্রাণে মারে রাধা॥
বোল তারে দেউ মোরে বাঁশে।

BANGLADARSHAN.COM

গাইল বড়ু চণ্ডীদাসে ॥৪

(২৭)

পাহাড়ীআরাগঃ ক্রীড়া ॥ লগনী ॥দণ্ডকঃ॥

কৃষ্ণস্য বচনং শ্রুত্বা জরত্যা প্রতিপাদিতং।
অথ রাধা নিরাবাধা পুনঃ প্রাহ গদাধরং॥

বাপ নন্দ গোপ মাঅ যশোদা
জগতে বিদিত তোরে॥
তার পুত্র হআঁ দেব দামোদর
মিছা চুরী দোষ মোরে ॥১
এথাঞিঁ শিয়রে বাঁশী আরোপিআঁ
সুতিআঁ আছিলোঁ আহ্মি।
পাণী নিবারেঁ আসিআঁ সে
বাঁশী নিলেহেঁ তুহ্মি ॥২
বড়ার ঝিআরী বড়ার বৌহারী
আহ্মে আইহনের রাণী।
আহ্মে বাঁশী তোর চোরায়িল কাহ্নাঞিঁ
মুখে আন হেন বাণী ॥৩
আহ্মে সে তোহ্মার সকল বেভার
রাধা জাণোঁ ভালমতেঁ।
তেঁসি পুছি আহ্মে তোহ্মার থানে
বাঁশী নিলেঁ কোণ ভিতে ॥৪
মিছা বোল তেজ সুন্দর কাহাঞিঁ
সত্য কর পরমাণে।
আহ্মে যত বড় মন্দ লোক কাহ্ন
তাক সখীজন জাণে ॥৫
না বোল না বোল নাগরী রাধা
মোরে হেন দুষ্ট বাণী।
এথাঞিঁ আহ্মার তোহ্মে নিহ্নে বাঁশী
সকল লোকে ভালেঁ জাণী ॥৬
তেজিআঁ সংশয় কর পরতয়
কাহ্নাঞিঁ মোর বচনে।

BANGLADARSHAN.COM

কোণ কাজেঁ তোর বাঁশী হরিআঁ
আমান করিব আহ্মে ॥৭
যত অলঙ্কার বহুমূল সার
সব রাধা মোর নে।
সুবর্ণে জড়িত হিরাঞঁ রচিত
বাঁশীগুটি মোরে দে ॥৮
নাহিঁ বোলোঁ তোরে কপট উত্তরে
সত্য বুয়িলোঁ দামোদরে।
মোঞঁ নাহিঁ নেওঁ তোহ্মার বাঁশী
ঝগড় না কর মোরে ॥৯
নটকী গোআলী ছিনারী পামরী
সত্যে ভাষ নাহিঁ তোরে।
তোঞঁ নিলী বাঁশী গাইল চণ্ডীদাস
দেব বাসলীর বরে ॥ ১০ ॥

(২৮)

ভাঠিআলীরাগঃ ॥ যতিঃ॥

কোণ আসুভ খনে পাঅ বাঢ়ায়িলোঁ।
হাঁছী জিঠী আয়র উঝঁট না মানিলোঁ॥
শুন কলসী লই সখী আগে জাএ।
বাঞঁর শিআল মোর ডাহিনেঁ জাএ ॥১
বাঁশীত লাগিআঁ মোর কি ভৈল বড়ায়ি।
আখায়িল ঘাঅত বিষ জালিল কাহ্নাঞিঁ ॥ধ্রু
কথো দূর পথে মোঁ দেখিলোঁ সগুণী।
হাথে খাপর ভিখ মাঙ্গে এ যোগিনী॥
কান্ধে কুরুআ লআঁ তেলী আগে জাএ।
সুখান ডালত বসি কাক কাঢ়ে রাএ ॥২
ঘৃত দধি দুধ বড়ায়ি দহতে পেলায়িবোঁ॥
যোগিনীরূপেঁ মো দেশান্তর লইবোঁ।
আনলকুণ্ডত কিবা তনু তেআগিবোঁ।
কাহ্নত লাগিআঁ কিবা বিষ খাইআঁ মরিবোঁ ॥৩
বোলওঁ সুন্দর কাহ্নাঞিঁ করিআঁ করুণে।
লোটাআঁ ভূমিত ধরী তোহ্মার চরণে॥

কিসক কাহ্নাঞিঁ মোক দেহ হেন দোষে।
বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাসে ॥ ৪ ॥

(২৯)

আহেররাগঃ ॥ একতালী॥

কিসক নাগরী রাধা যোড়সি কান্দনে।
তিরীকলা পাতি  ভাণ্ডিবারেঁ চাহ কাহ্নে॥
সপ্ত লাখের মোর চুরী করি বাঁশী।
না জাণো বাঁশীর সুধী আপণে বোলসী ॥১
আপণা চিহ্নিআঁ বাঁশী দেহ মোরে আণী।
যবেঁ তোর পরাণ না লৈব চক্রপাণী ॥ধ্রু
সব আভরণ তোর কাঢ়িআঁ লইবোঁ।
বাঁশীত লাগিআঁ তোক বান্ধিআঁ রাখিবোঁ॥
জীবার আশ যবেঁ আছএ তোহ্মার।
ঝাঁট করী বাঁশীগুটী দিআর আহ্মার ॥২
বাঁশী পায়িলেঁ কিছু না বিলিব গদাধর।
আপণার সূখে রাধা জাইহ তোহ্মে ঘর॥
যবেঁ বা না দিবি বাঁশী ভাণ্ডিবি আহ্মারে।
এখনী পরাণ তোর লৈবোঁ অবিচারে ॥৩
আপণা চিহ্নিআঁ বাঁশী দেহ মোরে।
নহে পাঁচ আবথা করিব আহ্মে তোহ্মারে॥
এহা সুণী বড়ায়িতে উপজিল হাস।
বাসলী শিরে  বন্দী গাইল চণ্ডীদাস ॥ ৪ ॥

(৩০)

দেশবরাড়ীরাগঃ ॥ আঠতালা॥

হারায়িল তোহ্মার বাঁশী          তেঁসি বাড়ায়িতে হাসি
মোর বোল সুণ চক্রপাণী।
বুলী চৌর পৈসে ঘরে          গিহ্রীক সত্বর করে
হেন দুঠ বড়ায়ির বাণী ॥১
কিকে কাকুতী করসি          চল চল কাহ্নাঞিঁ
বড়ায়ী নিলে বাঁশী॥ নাএ ॥ধ্রু

বুঢ়ী বড় আছিদরী    ভাঙে তোহ্মা মায়া করী
তার মন বুঝিতেঁ না পারী।
দুঠ মন মিঠ দেখে    আত্ম সম পর দেখে
চাহা বাঁশী তাহাক মুরারী ॥২
দেখি তোহ্মা আসুখ    মোর মণে বড় দুখ
যো   কেহ্নে হরিবোঁ তোর বাঁশী।
তোহ্মেঞিঁ বড় সিআন    আপণে গুণিআঁ যান
বড়ায়ি পরক বিনাসী ॥৩
আহ্মার বোল পরমান    তাক না করিহ আন
চল তোহ্মে বড়ায়ির পাশে।
বাঁশির তত্ব কহিল    আহ্মে দোষ এড়ায়িল
গাইল বড়ু চণ্ডীদাসে ॥৪

## (৩১)

দেশবরাড়ীরাগঃ ॥   আঠতালা॥

তোঁ বড়ায়িক দেসি দোষে    বড়ায়ি তোহ্মাক দোষে
সব মোর করমের ফল।
দুহাঁর কপট হাসী    চোরাআ আহ্মার বাঁশী
রাধা মোক না কর বিকল ॥১
কেহ্নে আমার করসী।
আহ্মে জাণী তোহ্মে নিলে বাশী॥ নাএ ॥ধ্রু
তোরে বোলোঁ চন্দ্রাবলী    আকুল মো বনমালী
তোহ্মে কৈল চুরী মোর বাঁশী।
কথাঁ নিআঁ বাঁশী এড়ি    মিছাঞিঁ দোষসি বুঢ়ী
হৃদয়ত ভয় না মানসী ॥২
কহ তোঁ আহ্মার থানে    কিবা আছে তোর মনে
দুখ দেহ মোরে কি কারণে।
বাঁশী দেহ একবার    মাণিবোঁ উপকার
এহাত না কর তোহ্মে আনে ॥৩
দৈবেঁ মোক নিন্দ পাইল    তোহ্মে এথাঁ বাঁশী নিল
বাঁশী দেহ না কর নিরাশ।
দেবী বাসলীচরণ    করী শিরে বন্দন

BANGLADARSHAN.COM

গাইল বড়ু চণ্ডীদাস ॥৪

(৩২)

ভাঠিআলীরাগঃ ॥ রূপকং॥

ভাদর মাসের তিথি চতুর্থীর রাতী।
জল মাঝেঁ দেখিলোঁ মো কি নিশাপতী॥
পূণ্ন কলসে কিবা ভরিলোঁ হাথে।
তেকারণে বাঁশী চুরী দোষসি জগন্নাথে ॥১
জাণি মেণ আল বড়ায়ি কাহ্নের কাঁহিণী।
কলঙ্ক খুয়িল মোর বাঁশীচুরণী ॥ধ্রু
গুরূর আসনে কিবা চাপিআঁ বসিলোঁ।
জলের আখর কিবা ভূমিত লেখিলোঁ।
খণ্ড বিচনীর কিবা বাঅ তুলী লৈলোঁ গাএ।
তেকারণে কাহ্নাঞিঁ বাঁশী চুরী দোষাএ ॥২
চান্দ সুরুজ বাত বরুণ সাখী।
যে তোর বাঁশী নিল সে খাউ দুয়ি আখী॥
যবেঁ মো চুরী কৈলোঁ হআঁ নারী সতী।
তবেঁ কালসাপ খাইএ আজিকার রাতী ॥৩
এখণে আছিল বাঁশী তোহ্মার এই ঠাএ।
আগু গেলী গোআলিনী সে বা লই জাএ॥
আহ্মে বাঁশী নাহিঁ নীএ শ্রীমধুসূদন।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীগণ ॥ ৪ ॥

(৩৩)

রামগিরীরাগঃ ॥একতালী ॥ লগনী ॥ দণ্ডকঃ॥

রাধে বৃদ্ধাং ভৃশং শুদ্ধাং বিমৃষ্য কৃতকৈতবাং।
বঞ্চনং কুরুষে জন্মে সর্ব্বং তদ্বিদিতং মম॥

গাই রাখিতেঁ নিন্দ গেলোঁ বাঁশী মাথে।
সে না বাঁশী আলরাধা নিলী কোণ ভিতে॥
নান্দের নন্দন কাহ্নাঞিঁ বোলোঁ মো তোহ্মারে।
কথাঁ বাঁশী হারায়িআঁ দোষসি আহ্মারে ॥২

BANGLADARSHAN.COM

এথাঞিঁ আছিল বাঁশী সহ্মার বিদিতে।
সে না বাঁশী রাধা মোর নিলেঁ কোণ ভিতে ॥৩
বিচারিআঁ চাহ মোর দধির পসারে।
কথাঁ বাঁশী হারায়িআঁ দোষসি আহ্মারে ॥৪
না বোল না বোল রাধ হেন দুঠবাণী।
তোহ্মে বাঁশী চোরায়িলেঁ আহ্মে ভালেঁ জাণী ॥৫
চান্দ সুরুজ মোর আছে দুয়ি সাখী।
আহ্মা মিছা দোষ কাহ্নু খাইবি দুঈ আখী ॥৬
সপ্ত লাখের মোর বাঁশী করী চুরী।
আহ্নো গালী দেহ মোরে রাধিকা নাগরী ॥৭
ঘৃত দুধ নঠ মোর ঘোলের পসার।
গোহারী করিবোঁ রাজা কংসের দুআর ॥৮
তোর কংশাসুরক নাহিঁক মোর ডরে।
হের ধরিলোঁ বলে তোহোর আঞ্চলে ॥৯
মিছা চুরীদোষ দিআঁ জাইতেঁ দেহ বাধা।
আজী কৈলি আথান্তর করিবেক রাধা ॥১০
বিণি বাঁশি দিলেঁ তোর নাহিক গমনে।
এহা বুঝী কর মোরে বাঁশীগুটি দাণে ॥১১
সত্যেঁ নাহিঁ নেওঁ বাঁশী তোর গদাধর।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীবর ॥ ১২ ॥

(৩৪)

দেশবরাড়ীরাগঃ ॥ রূপকং॥

নিপীয় রাধাবচনং নিষেধপরুষাক্ষরং।
বংশীমুদ্দিশ্য কংসারির্ব্বিললাপ নিরন্তরং॥

সুদ্ধ সুবর্ণ্নে শোভিত আহ্মার বাঁশী
নাল বান্ধিল তার বাহিরে।
অ প্রাণ।
সুণিআঁ কি বুলিহে বলভদ্র ভাই
বাঁশী হারায়িলোঁ মো শিঅরে ॥১
অ প্রাণ ধরণ না জাএ সুন্দরি রাধে।
কে না নিল মোহন বাঁশী ॥ধ্রু

BANGLADARSHAN.COM

ঋগ যজু সাম আথর্ব্ব
চারী বেদ গাওঁ মো বাঁশীর সরে।
সুণী সব দেবগণে কি বুলিহে আহ্মারে
কে না নীল বাঁশী সিঅরে ॥২
হার কেয়ূর রাধা সব মোর নে।
বাঁশীগুটি আণী মোক দে॥
বনমালা আভরণ তাহা তোক দিবোঁ।
যে বোলসি তাহাক করিবোঁ ॥৩
তোহ্মে মোর বাঁশী নিলে সুন্দরি রাধা
মোর মনে হেন পরিহাসে
বাসলীচরণ শিরে বন্দীআঁ
আনন্ত বড়ু গাইল চণ্ডীদাসে ॥ ৪ ॥

(৩৫)

গুজ্জরীরাগঃ ॥ রূপকং॥

যমুনাক আইলোঁ নীতেঁ পাণী ॥আল।
তোর বাঁশী সুধিহো না জাণী ॥ কাহ্নাঞিঁ হে॥
হআঁ তোহ্মে দেব চক্রপাণী। আল।
কেহ্নে বোল হেন দুষ্টবাণী॥ ল কাহ্নাঞিঁ হে॥১
শিঅরে হারায়িআঁ তোহ্মে বাঁশি।
মিছা কেহ্নে আহ্মারে দোষসি॥ ল কাহ্নাঞিঁ ॥ধ্রু
হয়িল মোর এতেক বএসে।
কেহো নাহিঁ দিল চুরীদোষে॥
সব লোক মোরে ভালেঁ জাণে।
চুরিণী হয়িলাহোঁ তোর থানে ॥২
আতি রতিবেআকুল হআঁ।
কমণ তিরীক বাঁশী দিআঁ ॥
সাধিলেহেঁ আপণার কাজে।
আহ্মা কেহ্নে দোষ দেবরাজে ॥৩
সরূপেঁ বুয়িলোঁ মো কাহ্নাঞিঁ।
তোর বাঁশী আহ্মে নাহিঁ পাই॥
যাক দিলেঁ চল তার পাশে।
গাইল বড়ু চণ্ডীদাসে ॥ ৪ ॥

(৩৬)

কহূরাগঃ ॥ রূপকং ॥ লগনী ॥ দণ্ডকঃ॥

সুণহ আইহনদাসী তোঁ মোর চোরায়িলি বাঁশী
তেঁসি তোর পাছে বেড়ায়িএ।
বাঁশীগুটী দেহ যবেঁ বড় পুন পাহ তবেঁ
বাঁশী পাইলেঁ সুখেঁ ঘর জাইএ ॥ আল রাধা ॥১
সুণহ নটক কাহ্নু কেহ্নে কর আপমান
তোর বাঁশী আহ্মে নাহিঁ নীএ।
বাঁশী যবেঁ পাইএ তবেঁ ঘসি ঘাটিএ
চারি চীর করি বা পোড়াইএ ॥২
সগর্গ মর্ত্য পাতালে চিন্তিআঁ চাহিলোঁ মনে
তোঁ মোর নিআঁছিস বাঁশী।
ঊচিতেঁ গরুঅ মনে তোঞঁ মুচুকে হাসী
তাক দেহ আইহনের দাসী ॥৩
পান্তরে হারাআঁ বাঁশী মোর থানে খোজসি
এহা না সহে মোর পরাণে।
হেন যবেঁ বোলে আন কাটোঁ তার নাক কান
তোহ্মা তেজোঁ ভাগিনা কারণে ॥৪
বাপ বসুল মোর মাঅ দৈবকী ল
সব দেবেঁ আহ্মা ভালেঁ জাণে।
গোআলার ঝি তোহ্মে রাধা চন্দ্রাবলী ল
ধিক বোল মোক কি কারণে ॥৫
আহ্মে ত আইহনদাসী আহ্মাতে চাহসি বাঁশী
সুণী তোক রোষিব কাঁশে।
তোহ্মে কাহ্নু বারেঁ বারেঁ ধিক বোল মোর থানে
ফল পাইবেঁ আপনার দোষে ॥৬
না বোল নিঠুর বাণী আহ্মে দেব চক্রপাণী
দেহ মোরে বাঁশীর আশে।
বাসলীচরণ শিরে বন্দীআঁ ল
গাইল বড়ু চণ্ডীদাসে॥ ৭ ॥

(৩৭)

গুজ্জরীরাগঃ ॥যতিঃ ॥ চিত্রকং ॥ লগনী॥

নিরাশসবনেনাহং রাধয়া বিকলীকৃতঃ।
বংশলাভায় বৃদ্ধে ত্বমুপায়ং বদ সংপ্রতি॥

যোল শত রাধার সঙ্গিণী। আল।
তার থান চলহ আপুণী ॥ল কাহ্নাঞিঁ॥
একেঁ একেঁ কর যোড়হাথে। আল।
তবেঁ বাঁশী পাইবে জগন্নাথে॥ ল কাহ্নাঞিঁ ॥১
কত কান্দ নেতে মোছ লোহে। আল।
আন্তর পোড়এ মোর নেহে ॥ল কাহ্নাঞিঁ ॥ধ্রু
আহ্মে হরি ত্রিভুবনে জাণী। আল।
আহ্মে লআঁ পুরাণ বাখানী ॥ ল বড়ায়ি॥
ত্রিদশগণের আহ্মে নাথ। আল।
কেমণে করিব যোড়হাত ॥ল বড়ায়ি ॥২
এত বড় মোর আপমাণে। আল।
সুণি কি বুলিব দেবগণে ॥ ল বড়ায়ি॥ধ্রু
সুণ তোহ্মে নান্দের কুমার।
নিজ কাজে বিকল সংসার ॥ ল কাহ্নাঞিঁ॥
যোড়হাথে বুলিহ বচনে।
সুখী হইব রাধার মণে ॥ ল কাহ্নাঞিঁ ॥৩
কেহ্নে তোঞঁ কাজ না বুঝসি।
তণ্ডী কয়িলেঁ না পাইবে বাঁশী॥ল কাহ্নাঞিঁ৩৬॥ধ্রু
যোড় হাথ করিলে বড়ায়ি।
তবেঁ কি দিবেক বাঁশী রাহী॥
পাছে জনি লোক উপহাসে।
গাইল বড়ু চণ্ডীদাসে ॥ ৪ ॥
হের গিআঁ তোহ্মার বচনে।
হাথ যোড় করে দেব কাহ্নে॥ধ্রু

(৩৮)

ধানুষীরাগঃ ॥ একতালী॥

প্রমুক্তকাকুবচনং কৃতসংঘতলং পুরঃ।
বিলোক্য মাধবং বৃদ্ধা রাধিকামিদমাদধে॥

BANGLADARSHAN.COM

মেঘ যেহ্ন আষাঢ় শ্রাবণে।
ঝরে তার পাণী নয়নে গো॥
কান্দিআঁ মলিন কৈল মুখে।
কত তার দেখিবোঁ দুখে গো ॥১
বাঁশীর শোকেঁ চক্রপাণী।
এবেঁ তাক বাঁশী দেহ আনী॥ধ্রু
যোড়হাথ কৈল দেব কাহ্নে।
এবেঁ তাক বাঁশী দেহ দাণে॥
নাহিঁ পিন্ধে উত্তম বসনে।
শরীরে দুবল ভৈল কাহ্নে ॥২
মোর বোল সুণ আবগাহী।
কাহ্নের পিরিতী কর রাহী॥
দেহ বাঁশী কাহ্নের আথে।
তুষ্ট হউ দেব জগন্নাথে॥
যে বা রাধা আছে তোর মণে।
কাহ্নাঞিঁকে বোল সে আপণে॥
তাক করিব কাহ্নাঞিঁ হরিষে।
গাইল বড়ু চণ্ডীদাসে ॥ ৪ ॥

(৩৯)

শৌরীরাগঃ ॥ রূপকং॥

বৃন্দাবচনমাকর্ণ্য রাধা প্রাহ গদাধরং।
সাদরং সপ্রবন্ধঞ্চ পঞ্চবাণশরাতুরা॥

বুলিতেঁ নারিএ তোর চরিতে।
খণেকেঁ তোর হএ আন চিতে॥
এবেঁ করিলে তোহ্মে যোড় হাথ।
কাজ বুঝিআঁ দেব জগন্নাথ ॥১
সরূপেঁ বোলহ বড়ায়ির থানে।
মোর বোল না করিবেঁ কি আনে ॥ধ্রু
আহ্মাক এড়িআঁ গেলা বৃন্দাবনে।
বাঁশী বাজায়িলে তোহ্মে থানে থানে॥
তাক শুণি ভৈলো বেআকুলী।

তোর বিরহে প্রিয় বনমালী ॥২
এভোঁ কাহ্নাঞিঁ থীর কর মন।
কভোঁ না লঙ্ঘিহ মোর বচন॥
তবে মেলিবেক বাঁশী তোহ্মারে।
সরূপেঁ তোক বুইলোঁ দামোদরে ॥৩
কভোঁ কি না দিবে আহ্মাক দুখে।
এহা বোল আপণ মুখে॥
তবেঁ কহিবোঁ মো বাঁশী উদ্দেশে।
গাইল বড়ু চণ্ডীদাসে ॥ ৪ ॥

(৪০)

দেশাগরাগঃ॥রূপকং॥

রাধিকাবাচমাচম্য প্রমোদভরমন্থরঃ।
বংশীলাভত্বরাবেশাজ্জগাদ জরতীমিদং॥

মন দিআঁ সুণ বড়ায়ি বচন আহ্মার
সরূপ কহিবোঁ তোর থানে। বড়ায়ি গো।
যে বচন বুইল রাধা তোহ্মার গোচরে
তাক মোঞঁ না করিবোঁ আনে ॥ বড়ায়ি গো ॥১
পরাণ বড়ায়ি তোহ্মে বোলহ রাধারে।
বাঁশী দিআঁ জীআউক মোরে ॥ধ্রু
যত কিছু করিলোঁ মোঞঁ রাধার আতোষে।
তার ফল পাইলোঁ নিজ দোষে॥
মণে গুণিআঁ এবেঁ কৈলোঁ মোঞঁ সার।
না লঙ্ঘিব বচন রাধার ॥২
তোহ্মে জাণহ বড়ায়ি মোহোর বেভার।
অবিচল বচন আহ্মার॥
এহা সরূপ জাণী বুঝাহ রাধারে।
বাঁশীগুটি দেউক আহ্মারে ॥৩
আহ্মার চরিত্র বিদিত তোর থানে।
আর তাক কেহ নাহিঁ জাণে॥
রাধার বচনে আহ্মে পালিব আবসে।
বাসলী বন্দী গাইল চণ্ডীদাসে॥ ৪ ॥

(৪১)

রামগিরীরাগঃ ॥ বিচিত্র ॥ লগনী ॥ একতালী ॥ দণ্ডকঃ ॥

কৃষ্ণস্য বচনং শ্রুত্বা জরত্যা প্রতিপাদিতং।
মধুরং মাধবং প্রাহ রাধিকাধিমতী সতী॥

কাহ্নাঞিঁ তোর কথা শুণী বড়ায়ির মুখে।
কহিতেঁ না পারোঁ তাক যত পাইলোঁ দুখে ॥১
তোহ্মার বিরহে মোঁ হয়িলোঁ বেআকুলী।
তে কারণে তোর বাঁশী নিলোঁ বনমালী ॥২
রাধা।
বিরহে আকুলি ভৈলা আপণার দোষে।
আহ্মার বাঁশী তোঁ চোরায়িলি রোষে ॥৩
আহ্মার খাঁখার যবেঁ না করহ তোহ্মে।
তবেঁ কি বিরহদুখ তোক দিএ আহ্মে ॥৪
কাহ্নাঞিঁ।
যে কারণে খাঁখার তোহ্মার মোঞঁ কৈলোঁ।
তেকারণে বিরহ আনলে পুড়ি মৈলোঁ ॥৫
আর কভোঁ চঞ্চল না করিহ মনে।
মোক রোষ না করিহ কাহারো বচনে ॥৬
তোক প্রতি মোর মণে নাহিঁ কিছু রোষে।
এহা তত্ব করী জাণী দেহ মোরে বাঁশে ॥৭
বাঁশী দিআঁ কর মোর মন সোআথ।
সহজেঁ তোহ্মাক সুখী হইব জগন্নাথ ॥৮
বিরহেঁ আকুলী যবেঁ চাহোঁ মো তোহ্মারে।
তখন আসিহ তোহ্মে আতি অবিচারে ॥৯
হের ভালমতেঁ চাহি নেহ কাহ্নাঞিঁ বাঁশি।
আজি হৈতেঁ চন্দ্রাবলী হৈল তোর দাসী ॥১০
সব দোষ মরসিল তোর চন্দ্রাবলী।
আর তোর অহিত না করে বনমালী ॥১১
হেনমতে বাঁশী পাআঁ হরষিত মণে।
কালী নইতীরে ঐতেঁ ঘর গেলা কাহ্নে ॥১২
পাছে রাধিকা লআঁ বড়ায়ি গেলী ঘর।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীবর ॥ ১৩ ॥

# রাধাবিরহ খণ্ড

ইত্থং কৃষ্ণগতপ্রাণা কথঞ্চিন্নিজসদ্মনি।
নিনায় কতিচিৎকালং রাধিকা গৃহকর্ম্মণি॥
হরিণীহারিনয়না চিরায় চিরহে হরেঃ।
জগাদ জরতীমেবং রাধা পঞ্চশরাতুরা॥

(১)

বিভাষরাগঃ ॥ রূপকং ॥ দণ্ডকঃ ॥

দূতা চিরকাল ভৈল।
তভোঁ বনমালী নাইল।
তাক মো পায়িবোঁ কত কালে ॥ বড়ায়ি গো ॥১
সপনে দেখিলোঁ মো কাহ্নু।
চিত্তে না পড়এ আন।
তাক পাঅবোঁ কমণ পরকারে ॥২
আইল চৈত মাস।
কি মোর বসতী আশ।
নিফল যৌবনভারে ॥৩
বিরহে আন্তর জলে।
সুতিলোঁ কদমতলে।
আধিক আন্তর মোর পোড়ে ॥৪
পরিধান নেত লাসী।
হাথত মোহন বাঁশী।
সে কাহ্নাঞিঁ গেলা আকাশে ॥৫
সুতিলোঁ সখির বোলে।
সজল নলিনীদলে।
তাত হৈতেঁ আনল শীতলে ॥৬
ডালী ভরী ফুল পানে।
মোরে পাঠায়িল কাহ্নে।
তাক মো না ছুয়িলোঁ হাথে ॥৭
তাম্বুল না লৈলোঁ করে।

BANGLADARSHAN.COM

তোক মাইলোঁ চড়ে।
তেঁসি কাহ্ন আসুখিল মোরে ॥৮
দূতী ধরোঁ তোর পাএ।
হের মোর প্রাণ জাএ।
কহ মোরে জীবন উপাএ ॥৯
রহে প্রভাত সমএ।
মলয় শিয়ল বাএ।
বৃন্দাবনে কুয়িলী কাঢ়ে রাএ ॥১০
সাগরসঙ্গস গিআঁ।
গাএর মাঁস কাটিআঁ।
আপণা মগর ভোজ দিআঁ ॥১১
এ জন্মে বা না কয়িলোঁ ভাগ।
হারায়িলোঁ কাহ্নের লাগ।
আর তাক না পায়িবোঁ লাগ ॥১২
কিবা পুরুব জরমে।
খণ্ডব্রত কইল আহ্মে।
তার ফলেঁ কাহ্নাঞিঁ হারায়িলোঁ ॥১৩
আণি দেহ বনমালী।
বন্দীআঁ দেবী বাসলী।
গাইল বড়ু চণ্ডীদাসে॥১৪

(২)
বেলাবলীরাগঃ ॥কুড়ুক্কঃ ॥

দেখিলোঁ প্রথম নিশী সপন সুন তোঁ বসী
সব কথা কহিআরোঁ তোহ্মারে হে।
বসিআঁ কদমতলে সে কৃষ্ণ করিল কোলে
চুম্বিল বদন আহ্মার হে ॥১
এ মোর নিফল জীবন এ বড়ায়ি ল।
সে কৃষ্ণ আনিআঁ দেহ মোরে হে ॥ধ্রু
লেপিআঁ তনু চন্দনে বুলিআঁ তবেঁ বচনে
আড়বাঁশী বাএ মধুরে।
চাহিল মোরে সুরতী না দিলোঁ মো আনুমতী

BANGLADARSHAN.COM

দেখিলোঁ মো দুঅজ পহরে ॥২
তিঅজ পহর নিশী মোঞঁ কাহ্নাঞিঁর কৌলে বসী
নেহানিলোঁ তাহার বদনে।
ঈসত বদন করী মন মোর নিল হরী
বেআকুলী ভয়িলোঁ মদনে ॥৩
চউঠ পহরে কাহ্ন করিল আধর পান
মোর ভৈল রতিরস আশে।
দারুণ কোকিল নাদে ভাঁগিল আহ্মার নিন্দে
গাইল বড়ু চণ্ডীদাসে॥ ৪ ॥

(৩)
বিভাষরাগঃ ॥ কুড়ুক্কঃ ॥

সপনে দেখিলোঁ মো কাহ্ন। আগ বড়ায়ি।
চিত্তে মোর না পড়ে আন॥ কি হরি হরি॥
হাণিল মদন পাঁচ বাণে। আগ বড়ায়ি।
তেঁ মোর দগধ পরাণে॥ কি হরি হরি ॥১
মুকুলিল কুঞ্জ নেআলী। আগ বড়ায়ি।
আণিআর বনমালী ॥ধ্রু
দক্ষিণ মলয়া বাঅ বহে।
না জাণো মো কেহ্ন করে গাএ॥
ঝাঁট করী কাহ্নাঞিঁ আনাওঁ।
রতী সুখেঁ রজনী পোহাওঁ ॥২
এ মোর বাহুর বলএ।
সব খন খসিআঁ পড়এ ॥
অনমীষ নয়ন করিআঁ।
বিকলী মো তার বাট চাহিআঁ ॥৩
এবেঁ মোর সংপুন বএসে।
কিকে কাহ্ন করে আমরিষে॥
ঝাঁট করী আন কাহ্ন পাশে।
গাইল বড়ু চণ্ডীদাসে ॥ ৪ ॥

(৪)
ভৈরবীরাগঃ ॥ একতালী ॥ রূপকম্বা ॥

কাহ্নের তাম্বুল রাধা দিলোঁ তোর হাথে।
সে তাম্বুল রাধা তোঁ ভাঁগিলি মোর মাথে ॥
এবেঁ ঘুসঘুসাআঁ পোড়ে তোর মন।
পোটলী বান্ধিআঁ রাখ নহুলী যৌবন
পাগলী রাধা গোআলিনী গো।
কথাঁ পাব নান্দো যশোদার পো ॥ধ্রু
গন্ধ চন্দন রাধা দিলোঁ তোর গাএ।
সে গন্ধ চন্দন মুছিলী বাম পাএ ॥
এবেঁ তোঁ গোআলিনী কি বোলসি আর।
কাহ্ন দূর গেল বৃন্দাবনের পার ॥২
বিথর বুয়িলোঁ তোরে কাহ্নের আন্তরে।
তবেঁ বাম করেঁ চড় মায়িলি মোহোরে॥
এবেঁ কাহ্নের আন্তরে তোর প্রাণ জাএ।
তাহাক করিব আহ্মে কমণ ঊপাএ ॥৩
আনেক কাকুতী করি তোক গোআলিনী।
আতি ঊতাপঠ হৈল দেব চক্রপাণী॥
এবেঁ নিবারিআঁ থাক আপনার মন।
গাইল বড়ু চণ্ডীদাসে বাসলীগণ ॥ ৪ ॥

(৫)

ধানুষীরাগঃ॥একতালী॥

এ ধন যৌবন বড়ায়ি সবঈ আসার।
ছিণ্ডিআঁ পেলাইবোঁ গজমুকুতার হার॥
মুছিআঁ পেলায়িবোঁ মোয়ে সিসের সিন্দূর।
বাহুর বলয়া মো করিবোঁ শংখচুর ॥১
দারুণী বড়ায়ি গো দেহ প্রাণদান।
আপণার দৈব দোষে হারায়িলোঁ কাহ্ন ॥ধ্রু
মুণ্ডিআঁ পেলাইবোঁ কেশ জাইবোঁ সাগর।
যোগিনীরূপ ধপ লইবোঁ দেশান্তর॥
যবেঁ কাহ্ন না মিলিহে করমের ফলে।
হাথে তুলিআ মো খাইবোঁ গরলে ॥২

BANGLADARSHAN.COM

কাহ্ন সমে সাধিতেঁ না পায়িলোঁ রতীসিধী।
আঞ্চলের ধন মোর হরিলেক বিধী॥
এভোহোঁ বড়ায়ি মোর কর প্রতিকার।
আণিআঁ দিআর মোকে কাহ্ন একবার ॥৩
মাথে শম্ভূ সম খোঁপা শিসতে সিন্দূর।
এহা দেখি কেহ্নে কাহ্ন গেলান্ত বিদূর॥
আনাথ করিআঁ মোক কাহ্নাঞিঁ পালাএ।
বাসলী শিরে বন্দী চণ্ডীদাস গাএ ॥ ৪ ॥

(৬)

ভৈরবীরাগঃ ॥কুড়ুক্কঃ ॥

কাল কাহ্নাঞিঁ কঠিন তার আন্তর ল
বোলেঁ চালেঁ না আইসে তোর থানে।
তোহ্মার নেহাত লাগিআঁ আনেক সন্তাপ পাআঁ
গেল বৃন্দাবনে ॥১
নিবারিআঁ থাক নিজ মনে।
আপণা রাখিআঁ কাহ্ন এবেঁ গেলা নিজ থান
তাক পাইব কেনমনে ॥ধ্রু
তোর চরিত্র ভাবিআঁ আন্তর দগধ হআঁ
ভাল মন্দ কিছু না মানিআঁ।
প্রতিজ্ঞা করিআঁ কাহ্নে গেল মাঝ বৃন্দাবনে
তোর নেহে তিনাঞ্জলী দিআঁ ॥২
ক মণ সুধিঞঁ যাইবো কথা তার লাগ
আপণেঞি বোল সুবদনী।
আশেষ প্রকার করী আণি দেব মুরারী
তবেঁ তাক আণো গোআলিনী ॥৩
নটক সে গদাধরে অশেষ মুরুতী ধরে
কোণ চিহ্নে পাইবোঁ উদ্দেশে।
বাসলীচরণ শিরে বন্দীআঁ
গাইল আনন্ত বড়ু চণ্ডীদাসে॥ ৪॥

(৭)

কোড়ারাগঃ ॥রূপকং ॥ লগনী ॥ দণ্ডকঃ ॥

আয়িস ল বড়ায়ি রাখহ পরাণ।
সহিতেঁ নারোঁ মনমথবাণ ॥১
কথাঁ মনমথ কথাঁ সে বাণ।
কোমণ বাণে লএ পরাণ ॥২
বসন্ত কালে কোকিল রাএ।
মণে মনমথ সে বাণ তাএ ॥৩
আহ্মার বোল সাবধান হয়।
বাহির চন্দ্রকিরণে সোঅ ॥৪
কি সুতির আহ্মে চন্দ্রকিরণে।
আধিকেঁ বড়ায়ি দহে মদনে ॥৫
মোর বোল তোঁ মণে পরিভায়।
সিতল চন্দন আঙ্গে বুলাঅ ॥৬
পোড়ে কলেবর সেই চন্দনে।
আহ্মা নিআঁ যাহ সেই বৃন্দাবনে ॥৭
বাঘ ভালুকে আতি গহনে।
কেমনে যাইবেঁ সে বৃন্দাবনে ॥৮
বাঘ ভালুকে বা আহ্মাক খাউ।
কাহ্নাঞিঁর উদ্দেশে পরাণ জাউ ॥৯
যমুনা বহে খরতর ধার।
কেমতেঁ তাহাত হইবেঁ পার ॥১০
যবেঁ ডুবিআঁ মরোঁ যমুনাতরঙ্গে।
তবেঁ লয়িবোঁ গিআঁ কাহ্নের সঙ্গে ॥১১
পরিহর রাধা কাহ্নের আশে।
বাসলী বন্দী গাইল চণ্ডীদাসে ॥১২

(৮)

বিভাষরাগঃ ॥ একতালী ॥ রূপকম্বা ॥ দণ্ডকঃ ॥

শত পল সোনা বড়ায়ি লআঁ সে মেল।
প্রাণনাথ কাহ্নাঞিঁর উদ্দেশে চল ॥১
কাল কাহ্নাঞিঁ মাথাতে ঘোড়াচুলে।

এহি চিহ্নে কাহ্নাঞিঁকে চাইহ গোকুলে ॥২
সুগন্ধ চন্দনে বড়ায়ি লেপিআঁ গাএ।
করেঁ করতাল মধুর বাঁশী বাএ ॥৩
কাল কাহ্নাঞিঁ গাএ ধরে পীত বাসে।
ষোল শত গোপীজন যাএ তার পাশে ॥৪
নেত ধড়ী পিন্ধি আগু পাছু ণাম্বাএ।
চরণে নূপুর রুনুঝুনু কাঢ়ে রাএ ॥৫
কপুরবাসিত বড়ায়ি নেহ গুআ পান।
শকতি করিআঁ চাহিআঁ আন কাহ্ন ॥৬
আগেত চাইহ বরায়ি বসুলের ঘরে।
আবাল চরিত্র কাহ্ন মায়া বড় করে ॥৭
তথাঁ না পাইলেঁ চাইহ যশোদার কোলে।
মায়া পাতে কাহ্নাঞিঁ তথাঁ নিন্দভোলে ॥৮
তথাঁ না পাইআঁ চাইহ যমুনার কূলে।
বাছা রাখিবারেঁ কাহ্ন জাএ সে গোকুলে ॥৯
তথাঁ না পাইআঁ চাইহ যমুনার ঘাটে।
শিশু সঙ্গে বেড়াএ সে যমুনানিকটে ॥১০
বৃন্দাবনে কাহ্নাঞিঁ চাহিহ ভাল মতে।
তরুগণে চঢ়ে কাহ্ন নানা ফল খায়িতে ॥১১
হাথতে লগুড় বাঁশী বাএ সে সুরঙ্গে।
তথাঁ চাইহ নারদ মুনি সঙ্গে ॥১২
তথাত চাহিআঁ না পাহ যবে কাহ্ন।
তবেঁ স চাইহ বড়ায়ি গোপগণ থাণ ॥১৩
তথাঁহোঁ চাহিআঁ চাইহ অশঙ্কেত থানে।
গোপীগণ লআঁ কিবা করে নিধুবনে ॥১৪
তথাঁহোঁ চাহিআঁ যবেঁ না পাহ গোপালে।
তবেঁসি চাইহ গিআঁ ভাগীরথীকূলে ॥১৫
তথাঁহোঁ না পাইলেঁ চাইহ সাগরের ঘরে।
সাগর গোআলে বাত পুছিহ সত্বরে ॥১৬
তথাঁ গেলেঁ যবেঁ বড়ায়ি না পাহ কাহ্নে।
তবেঁস পুছিহ বড়ায়ি সব জন থানে ॥১৭
তবেঁ সুধি পাইবেঁ যথাঁ বসে জগন্নাথে।
আদি আন্ত কথা সব কহিল তোহ্মাতে ॥১৮

তোর বোলেঁ কাহ্ন মোর আসিবেক পাশে।
বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাসে ॥ ১৯ ॥

(৯)
ভৈরবীরাগঃ ॥ কুড়ুক্কঃ ॥

মোঞঁ ত সুন্দরি রাধা    আতি বড় বুঢ়ী ল
বেড়ায়িতেঁ মোতে বল নাহীঁ।
মোঞঁ যে বোলোঁ উত্তর    তাত আনুমতি কর
আপণেঞিঁ চাহ ত কাহ্নাঞিঁ ॥১
রাধা ল।
না হেলিহ বচন আহ্মারে।
যে পথেঁ উদ্দেশ পাহা    সে পথেঁ আপনে যাহা
তবে কাহ্নাঞিঁ মেলিব তোহ্মারে ॥ধ্রু
চাহিতেঁ চাহিতেঁ যবেঁ    সে কাহ্নুর লাগ পাহ
তবেঁ তাক বলিহ বিনএ।
আঅর বোলোঁ উপাএ    ধরিহ তাহার পাএ
তবেঁ তোকে হয়িবে সদএ ॥২
কাহ্নের উদ্দেশ করী    ভ্রমিহ মথুরা পুরী
নানা গিরী কন্দর বনে।
বড় যতন করিআঁ    চণ্ডীরে পূজা মানিআঁ
তবেঁ তার পাইবেঁ দরশনে ॥৩
চল তোঁ মথুরা পুরী    তথাঁ তোকে পাইবে হরী
না ছাড়িহ রাধা তার পাশে।
বাসলী চরণ শিরে বন্দীআঁ
অনন্ত বড়ু গাইল চণ্ডীদাসে ॥৪

(১০)
মালবরাগঃ ॥ একতালী ॥

দধি দুধে সজাইআঁ চুকে।
সুণ বড়ায়ি ল।
জাইবোঁ হাট মথুরাক বিকে ॥ নাএ॥

BANGLADARSHAN.COM

আল হের।
না বিকাএ যদি দুধ তথাঁ।
সুণ বড়ায়ি ল।
ততোঁ কাহ্নাঞিঁ সমে হৈবে কথা ॥ নাএ ॥১
আল হের।
মথুরার নামে প্রাণ ঝুরে।
সুণ বড়ায়ি ল।
সাদ লাগে কাহ্নাঞিঁ দেখিবারে ॥ নাএ ॥ধ্রু
পিন্ধি বউল পুষ্পের হার।
কণ্ঠত কুণ্ডল হিরার ধার॥
পিন্ধিআঁ আমূল পাটোলে।
কাহ্নাঞিঁ দেখি পড়ি গেলোঁ ভোলে ॥২
যেই খনে কাহ্নাঞিঁ দেখিবোঁ।
তখনেই তাক না এড়িবোঁ॥
যোগী যোগ চিন্তে যেহ্নমনে।
কাহ্নাঞিঁ ছাড়ী না জাণো মো আনে॥৩
না শুণিলোঁ তোহ্মার বচনে।
না খাইলোঁ কাহ্নার গুআ পানে॥
যত কৈল সব মতিমোষে।
গাইল বড়ু চণ্ডীদাসে॥ ৪ ॥

(১১)

ভাঠিআলীরাগঃ॥লঘুশেখরঃ॥

যে না দিগেঁ গেলা চক্রপাণী। আল বড়ায়ি গো।
সে দিগেঁ কি বসন্ত না জাণী ॥আল॥
এবেঁ মোর মণের পোড়নী ॥আল বড়ায়ি গো।
যেন উয়ে কুম্ভারের পণী ॥ আল ॥১
কমণ উদ্দেশে মো জাইবেবাঁ। আল বড়ায়ি গো।
কথা না সুন্দর কাহ্নু পাইবোঁ ॥আ ॥ধ্রু
মুকুলিল আম্ব সাহারে।
মধুলোভেঁ ভ্রমর গুজরে ॥
ডালে বসী কুয়িলী কাঢ়ে রাএ।

BANGLADARSHAN.COM

যেহ্ন লাগে কুলিশের ঘাএ ॥২
দেব অসুর নরগণে।
বস হএ মনমথবাণে॥
না বসএ তথাঁ কি মদনে।
যে দিগেঁ বসে নারায়ণে ॥৩
পীন কঠিন উচ তনে।
কাহ্নাঞিঁ পাইলেঁ দিবোঁ আলিঙ্গণে॥
তভোঁ যদি এড়ে দামোদরে।
তা দেখিতে প্রাণ জাএব মোরে ॥৪
না শুণিলোঁ কাহ্নাঞিঁর বোলে।
না নয়িলো কাহ্নাঞিঁর তাম্বুলে॥
যত কৈলোঁ সব মতিমোষে।
গাইল বড়ু চণ্ডীদাসে ॥ ৫ ॥

(১২)
ধানুষীরাগঃ ॥ যতিঃ ॥

তোকে তত্ব বোলোঁ চন্দ্রাবলী।
যোড়হাথ করী বনমালী॥
তাত বড় পাইল আপমান।
তেঁসি তোহ্মা ছাড়ী গেল কাহ্ন ॥১
এবেঁ তোর বিরহপোড়নী। আল।
কথাঁ গিআঁ পাইব চক্রপাণী ॥ধ্রু
তোর সখিজন হেন চাহে।
কাহ্নাঞিঁ তেজুক তোহোর নেহে॥
তবেঁ কাহ্নাঞিঁ লআঁ বৃন্দাবনে।
কেলি করে সেহি গোপীগণে॥২
ষোলহ সহস্র গোপী লয়িআঁ।
বৃন্দাবন মাঝত বসিআঁ॥
নানা রসে বসে বনমালী।
তোহ্মাক বঞ্চিআঁ চন্দ্রাবলী ॥৩
আইস রাধা যাই বৃন্দাবনে।
তবেঁ তার পাব দরশনে॥

তবেঁ তোরে কাহ্ন বা সম্ভাসে।
গাইল বড়ু চণ্ডীদাসে॥ ৪ ॥

(১৩)

ললিতরাগঁ ॥ একতালী॥

অশরীরশরৈঃ কৃশিতাঙ্গলতা
বিততাধিযুতা গতসাততিঃ।
পরিচিন্ত্য চিরং চরিতানি হরে
রভিমন্যুজনী জরতীমবদৎ॥

যে কাহ্ন লাগিআঁ মো আন না চাহিলোঁ বড়ায়ি
না মানিলোঁ লঘু গুরু জনে।
হেন মনে পড়িহাসে আক্ষা উপেখিআঁ রোষে
আন লআঁ বঞ্চে বৃন্দাবনে ॥১
বড়ায়ি গো॥
কত দুখ কহিব কাঁহিণী।
দহ বুলী ঝাঁপ দিলোঁ সে মোর সুখাইল ল
মোঞঁ নারী বড় অভাগিনী ॥ধ্রু
নান্দের নন্দন কাহ্ন যশোদার পো আল
তার সমে নেহা বাঢ়ায়িলোঁ।
গুপতেঁ রাখিতেঁ কাজ তাক মোঞঁ বিকাসিলোঁ
তাহার উচিত ফল পাইলোঁ ॥২
সামী মোর দুরুবার গোআল বিশাল
প্রতি বোল ননন্দ বাছে।
সব গোপীগণে মোরে কলঙ্ক তুলিআঁ দিল
রাধিকা কাহ্নাঞিঁর সঙ্গে আছে ॥৩
এত সব সহিলোঁ মো কাহ্নের নেহাত লাগী বড়ায়ি
মোকে নেহ কাহ্নাঞিঁর পাশে।
বাসলীচরণ শিরে বন্দীআঁ
গাইল বড়ু চণ্ডীদাসে ॥ ৪ ॥

BANGLADARSHAN.COM

(১৪)
বঙ্গালরাগঃ ॥ রূপকঙ॥

হরি হরি।
আসুখ না কর তোহ্মে শুন গোআলী।
নিকট মেলিব তোর প্রিয় বনমালী॥
হরি হরি।
মলিন না কর রাধা চান্দসম মুখ।
তোর দেহগতি দেখি মোতে লাগে দুখ ॥১
হৃদয়ে ভরস কর থাক মোর থানে।
আপণে মেলিব তোক গোকুলের কাহ্নে ॥ধ্রু
আইস মোর সঙ্গে রাধা যাই বৃন্দাবনে।
চাহি কুঞ্জে কুঞ্জে তোর প্রিয় নারায়ণে॥
বারতা পুছিউ রাধা জন থানে।
আবসি দেখিল কেহো শ্রীমধুসূদনে ॥২
কেমনে বেড়াএ কাহ্ন কিবা রূপ ধরে।
একেঁ একেঁ সব কথা কহ তোঁ আহ্মারে॥
আবসে জাণিব কেহো যথাঁ বসে কাহ্নে।
পুছিতেঁ পুছিতেঁ তার পাব দরশনে ॥৩
কিবা জল কিবা থল কিবা বৃন্দাবনে।
গরু রাখে কিবা বনে নান্দের নন্দনে॥
সব ঠাই চাহিআঁ আণিব শ্রীনিবাস।
বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাস॥ ৪ ॥

(১৫)
ললিতরাগঃ ॥ একতালী ॥

ময়ুরপুছে বান্ধি চূড়া কেশপাশে দিআঁ বেঢ়া
কনয়া কুসুমে বান্ধি জটা।
দেহ নীল মেঘ ছটা গন্ধ চন্দনের ফোটা
যেন উয়ে গগনে চান্দ গোটা ॥১
দূতা ল
তোহ্মে কি দেখিলেঁ কৃষ্ণ জায়িতেঁ। আ।

এ বাটে জায়িতেঁ গায়িতেঁ নান্দের পোঅ
হাসিতেঁ এ বাঁশী বোলায়িতেঁ ॥ধ্রু
নির্ম্মল কমল বঅনে নীল উতপল নয়নে
রতন কুণ্ডল শোভে কন্নে।
মাণিক দশন যুতী গিএ শোভে গজমুতী
জীএ রাহি তার দরশনে ॥২
চন্দন চর্চ্চিত গাএ ঘাঘর মগর পাএ
হেন বেশ হেন দরশনে।
নেত পরিধান লাসী হাথে মৌহারী বাঁশী
সে কৃষ্ণ গেলান্ত গগনে ॥৩
মোঞঁত আভাগিনী রাহী তেঁসি হারায়িলোঁ কাহ্নাঞিঁ
এবেঁ তাক চাহি বনদেশে।
তথাঁ ত পাইব সুধী বড়ায়ি তোহ্মার বুধী
গাইল বড়ু চণ্ডীদাসে॥ ৪ ॥

## (১৬)

কেদাররাগঃ ॥ রূপকং ॥

তোহ্মে ত নাতিনী মোর পরাণ সমান।
তোহ্মার থানত মো না বুলিবোঁ আন॥
আবসি আইসে কাহ্ন কদমের তলে।
হাথত লগুড় করী রাখএ গোকুলে ॥১
চল চল গোআলিনী যমুনার কুলে।
আবসী পাইবী তথাঁ বালগোপালে ॥ধ্রু
কিবা রাতী কিবা দীন মাঝ বৃন্দাবনে।
নানা ফুল নানা ফল খাএ নারায়ণে ॥
গোপযুবতী সমে করে নিধুবন।
তথাঁ গেলেঁ রাধা তার পাইব দরশন ॥২
শুভযাত্রা করি রাধা কর মনোবল।
তথাঁ তোর মনোরথ হয়িব সফল॥
আহ্মে জাণি কাহ্নাঞিঁর চরিত্র সকল।
ছাড়িতেঁ না পারে সে তো কদমের তল ॥৩
পরতয় কর রাধা আহ্মার বচনে।

সত্য বচন ছাড়ী না বোলোঁ মো আনে॥
কদমতলাক জাইউ চিত্তের হরিষে।
বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাসে ॥ ৪ ॥

(১৭)
ধানুষীরাগঃ ॥ একতালী ॥

কদমতরুতল গিআঁ।
কিশলয়েঁ শয়ন বিছাইআঁ ॥ আল রাধা ॥
আগর চন্দন আঙ্গে মাখী।
কাজলে রঞ্জিল দুঈ আখীঁ ॥ ল ॥১
হেন নেহ বড়ায়ির উদ্দেশে।
চলি গেলি রাধিকা হরিষে ॥ধ্রু
ফুলে জড়ী বান্ধি কেশপাশে।
পরিধান কর নেত বাসে॥
ভৃঙ্গার ভরিআঁ নৈল জলে।
বাটা ভরী কর্পূর তাম্বুলে ॥২
তরুদল চালএ পবনে।
কাহ্নু আইসে হেন তাক মানে॥
না দেখিআঁ ছাড়এ নিশাসে।
বড়ায়িক মাঙ্গে আশোআসে ॥৩
হেনমতেঁ কতোখন রহী।
কদমতলাত রাধা রাহী॥
না পাইল কাহ্নাঞিঁ দৈবদোষে।
গাইল বড়ু চণ্ডীদাসে ॥ ৪ ॥

(১৮)
পাহাড়ীআরাগঃ ॥ ক্রীড়া ॥

কদম্বস্য তলে স্থিত্বা রাধা তত্র চিরক্ষণং।
মনোজশিখিসন্তপ্তা বিললাপ নিরন্তরং॥

দিনের সুরুজ পোড়াআঁ মারে
রাতিহো এ দুখ চান্দে।

কেমনে সহিব পরাণে বড়ায়ি
চখুত নাইসে নিন্দে॥
শীতল চন্দন আঙ্গে বুলাওঁ
তভোঁ বিরহ না টুটে॥
মেদিনী বিদার দেউ গো বড়ায়ি
লুকাওঁ তাহার পেটে। ১
আল।
দহে পৈসু কাল দূতী।
উধাআঁ পাথাআঁ আহ্মা আণিল
নিফলে পোহাইল রাতী ॥ধ্রু
তবেঁ বুয়িলোঁ বড়ায়ি কি মোর কাহ্নের
সমে নেআ বাঢ়ায়িআঁ।
এখন আহ্মার মরণ বড়ায়ি
নিকট মেলিল আসিআঁ॥
দিন পাঁচ সাত রসত লাগিআঁ
দুগুণ পোড়নি সারে।
আর তার মুখ দেখিতেঁ না পাইলোঁ
করমফল আহ্মারে ॥২
সব খন মোরে নান্দের নন্দন
চুম্বন করে কপোলে।
হেন হাথ নিধী কে হরি নিলে
মো দুখমতীর হেলে॥
একেঁ দহদহ ঘসির আগুণ
আরে কে না জালে ফুকে।
ভিড়ি আলিঙ্গন দিতেঁ না পাইলোঁ
এ শাল থাকিল বুকে ॥৩
কি মোর যৌবন ধনে ল বড়ায়ি
কি মোর বসতী বাশে।
আন পাণী মোকে একো না ভাএ
কি মোর জীবন আশে॥
মাথা মুণ্ডিআঁ যোগিণী হআঁ
বেড়ায়িবোঁ নানা দেশে।
বাসলীচরণ শিরে বন্দীআঁ

BANGLADARSHAN.COM

গাইল বড়ু চণ্ডীদাসে॥ ৪॥

(১৯)

মল্লাররাগঃ ॥ রূপকং ॥

মেঘ আন্ধারী অতি ভয়ঙ্কর নিশী।
একসরী ঝুরোঁ মো কদমতলে বসী॥
চতুর্দ্দিশ চাহোঁ কৃষ্ণ দেখিতেঁ না পাওঁ।
মেদনী বিদার দেউ পসিআঁ লুকাওঁ॥১
নারিব নারিব বড়ায়ি যৌবন রাখিতে।
সব খন মন ঝুরে কাহ্নাঞিঁ দেখিতেঁ ॥ ল ॥ধ্রু
ভ্রমরা ভ্রমরী সমে করে কোলাহলে।
কোকিল কূহলে বসী সহকারডালে॥
মোঞঁ তাক মানো বড়ায়ি যেহ্ন যমদূত।
এ দুখ খণ্ডিব কবেঁ যশোদার পুত ॥২
বড় পতিআশে আইলোঁ বনের ভিতর।
তভোঁ না মেলিল মোরে নান্দের সুন্দর॥
উন্নত যৌবন মোর দিনে দিনে শেষ।
কাহ্নাঞিঁ না বুঝে দৈবেঁ এ বিশেষ ॥৩
মলয় পবন বহে বসন্ত সমএ।
বিকসিত ফুলগন্ধ বহু দূর জাএ॥
এবেঁ ঝাঁট আন বড়ায়ি নান্দের নন্দন।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীগণ ॥ ৪ ॥

(২০)

কহূরাগঃ ॥ যতিঃ ॥

মথুরার পথে বড়াড়ি এহি কদমের তলে
ধীরেঁ ধীরেঁ বহে বসন্তের বাএ।
এবেঁ নানা ফুলে মোঞাঁ সেজা বিছাইআঁ
কাহ্নাঞিঁ কাহ্নাঞিঁ দেওঁ রাএ ॥১
আল হের।
কাহ্নাঞিঁ মোরে আণিআঁ দে।
আল পরাণের বড়ায়ি।

কাহ্নাঞিঁ মোকে আণিআঁ দে ॥ধ্রু
বিরহ সাগর মোর          গহীন গম্ভীর বড়ায়ি
এহাত কেমনে হয়িব পার।
যদি কাহ্নাঞিঁ কর পার          এ মোর কুচকুম্ভ ভেলা করী
হএ মোর তবেঁসি নিস্তার ॥২
এহি ত বৃন্দাবন বড়ায়ি          পুড়িআঁ মারে
মণে পড়ে কাহ্নাঞিঁর নেহে।
এবেঁ থীর নহে চিত          এ বড়ায়ি কোণ পরকারে
মরি জাইব কাহ্নের বিরহে ॥৩
এহি বৃন্দাবনে এ বড়ায়ি          তিলে তিলে চাহিল
না পাইল কাহ্নের উদ্দেশে।
বাসলীচরণ শিরে বন্দীআঁ এ বড়ায়ি
গাইল বড়ু চণ্ডীদাসে॥ ৪ ॥

(২১)
বেলাবলীরাগঃ ॥ যতিঃ ॥

তদা মাধবমন্বিষ্য পরিশ্রান্তা বনান্তরে।
জগাদ জরতীং রাধা স্মরজ্বরভরাতুরা॥

প্রভু জগন্নাথেঁ মোরে যত বুইল।
আল হের বড়ায়ি।
মোঞঁ দুখমতী তাক না শুণিল ॥হরি হরি॥
এবেঁ আহ্মে মণে পরিভাবিল।
আল হের বড়ায়ি।
সে কারণে আহ্মে এত দুখ পাইল ॥হরি হরি ॥১
এবেঁ হৈল মোহোর আরততী।
আল হের বড়ায়ি।
বোল কাহ্নে রাধা মাঙ্গে সুরতী ॥ধ্রু
যবেঁ কাহ্নু চাহিলে সুরতী।
মো তবেঁ আছিলোঁ শিশুমতী॥
এবেঁ মোঞঁ ভৈলোঁ ভর যুবতী।
আহ্মাক ছাড়িআঁ কাহ্নু গেলা কতী ॥২

BANGLADARSHAN.COM

সংপুন শশধর বদনে॥
কমললোচন পাপ বিমোচনে॥
সে কাহ্নাঞিঁ দিআঁ মোক দুখ আতী।
রতি ভুঞ্জে লআঁ কোণ যুবতী ॥৩
কি না বিধি লিখিত কপালে।
মোরে দয়া না করে বালগোপালে॥
না পায়িলোঁ মো কাহ্নের উদ্দেশে।
গাইল বড়ু চণ্ডীদাসে ॥ ৪ ॥

(২২)

কহূরাগঃ ॥ লঘুশেখরঃ ॥

সংপ্রহৃষ্টোহদ্য গোবিন্দো রমমাণো ময়া সহ।
সবিধস্তস্য জরতি প্রণামে গন্তুমুচ্যতাম॥

আজি সপন বড়ায়ি দেখিল এ
আল আলিছিল নান্দের নন্দন।
বাহুলতাপাশেঁ বান্ধিআঁ এ
দিলোঁ মোঞঁ দৃঢ় আলিঙ্গন ॥১
কি হরি হরি গোবিন্দ এ
আল প্রাণ নৈল বাঁশীর নাদে ॥ধ্রু
নানা আভরণগণে শোভক এ
নীল জলদ সম দেহা।
সে কাহ্ন বিহাণে প্রাণ আকুল এ
ভাবি ভাবি তাহার নেহা ॥২
নানা ফুলে সেজা বিছাইআঁ এ
থাকিলোঁ মো কাহ্নকোলে সুতী।
হেন সম্ভেদে মো জাগিলোঁ এ
নিফলে পোহাইল রাতী ॥৩
সে নারীর সফল জীবন এ
জারে কাহ্ন সুরতীঞঁ তোষে।
বাসলীচরণ শিরে বন্দীআঁ এ
গাইল বড়ু চণ্ডীদাসে ॥ ৪ ॥

BANGLADARSHAN.COM

(২৩)

মালবরাগঃ ॥ প্রকীর্ণ্ণকং ॥ চিত্রকঃ ॥ লগনী ॥ রূপকং ॥ দণ্ডকঃ॥

সুণ নাতিনী রাধা আহ্মার উত্তর।
বাঁশী বাইআঁ প্রভাতে গেলান্তি গদাধর ॥১
হেন বুঝোঁ গেলা কাহ্ন বনের ভীতর।
তথাঁ গিআঁ চাহী তাক কিছু নাহিঁ ডর ॥২
মুগধী বড়ায়ি তোতে নাহিঁ কিছু বুধী।
হাথেঁ হাথেঁ ছাড়িলী কেহ্নে গুণনিধী ॥৩
আইস তোর সঙ্গে জাইউ বৃন্দাবন।
তথাঁ আবসি পাইব নান্দের নন্দন ॥৪
রাধার বচনে বড়ায়ি গেলী বৃন্দাবন।
তথাঁ হেন রাধিকারে বুইল বচন ॥৫
আগু জাঅ রাধা কাহ্ন চাহিতেঁ আপুণী।
তবেঁসি মেলিব তোকে দেব চক্রপাণী ॥৬
বড়ায়ির বচন শুণী উল্লসিতমতী।
একসরী বৃন্দাবনে রাধা কৈল গতী ॥৭
দেখিআঁ গোঠ রাখিতেঁ বুলে বনমালী।
মদনে মুরুছা গেলী রাধা চন্দ্রাবলী ॥৮
মুখে জল দিআঁ বড়ায়ি ততিখনে।
অথবেথেঁ রাধিকারে করায়িল চেতনে ॥৯
বুলিতেঁ লাগিলী রাধা পাইআঁ চেতনে।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীগণে ॥ ১০ ॥

(২৪)

বিভাষরাগঃ দণ্ডকঃ ॥ একতালী ॥ রূপকস্বা॥

বিরহে বিকল গোসাঞিঁ তোহ্মে বনমালী।
যবেঁ আছিলাহোঁ আহ্মে আতিশয় বালী ॥১
পান ফুল না লইলোঁ মাইলোঁ তোর দূতী।
সেহো দোষ খণ্ড মোর মদনমুরুতী ॥২
আর যত দুখ দিলোঁ কদমের তলে।
সেহো দোষ খণ্ড কাহ্ন না জাণিলোঁ ভোলে ॥৩

BANGLADARSHAN.COM

বারেঁ বারেঁ তোক যত বুয়িলোঁ আহঙ্কারে।
সেহো দোষ খণ্ড মোর দেব গদাধরে ॥৪
যে বা কিছু দুখ দিলোঁ পার হৈতেঁ নাএ।
সেহো দোষ খণ্ড কাহ্ন ধরোঁ তোর পাএ ॥৫
আর দুখ দিলোঁ তোক বহায়িলোঁ ভার।
সেহো দোষ জগন্নাথ খন্ডহ আহ্মার ॥৬
না শুণিলোঁ তোর বোল লআঁ জাইতেঁ পাণী।
সেহো দোষ খণ্ড মোর দেব চক্রপাণী ॥৭
আনাথী নারীক কত থাকে আভিমান।
আলিঙ্গন দিআঁ কাহ্ন রাখহ পরাণ ॥৮
নাহিঁ উপেখিহ মোরে নান্দের নন্দন।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীগণ॥ ৯ ॥

(২৫)

ললিতরাগঃ ॥ রূপকং ॥

নিতি নিতি গোআলিনী গেলা দধি বিকে।
আনেক ভকতি কৈলোঁ পাসরিলেঁ কিকে॥
যমুনাত পার কৈলোঁ নিলোঁ দধিভার।
তভোঁ তোষিতেঁ নারিলোঁ মন তোহ্মার ॥১
যৌবনগরবেঁ রাধা বড় দিলেঁ দুখ।
চাহিতেঁ না ফুরে আর তোহ্মার মুখ ॥ধ্রু
বড়ার বহুআরী তোহ্মে আইহনের রাণী।
কোণ লাজেঁ ভজ এবেঁ দেব চক্রপাণী॥
কহীতেঁ লাজাই রাধা তোহ্মার যত কাজ।
ভার বহায়িআঁ ভাণ্ডায়িলেঁ দেবরাজ ॥২
চল চল গোআলিনী নিবারহ মতী।
ঘর গিআঁ সেব তোহ্মে আইহন পতী॥
কিসক করহ রাধা আহ্মারে যতন।
না পাত জঞ্জাল এবেঁ জাওঁ বৃন্দাবন ॥৩
ছার হেন দেখোঁ এবেঁ তোমার যৌবন।
এতেকেঁ নিবারিলোঁ রাধা তোহ্মাতেঁ মন॥
এহা তত্ব জাণী কর ঘরকে গমন।

BANGLADARSHAN.COM

গাইল বড়ু চণ্ডীদাস বাসলীগণ॥ ৪ ॥

(২৬)

বিভাষকহূরাগঃ ॥ একতালী ॥

নান্দের নন্দন কাহ্নাঞিঁ তোহ্মে বনমালী।
ত্রিভুবনে গোসাঞিঁ তোহ্মে আধিকারী॥
নরসিংহরূপেঁ তোহ্মে হিরণ্য বিদারী।
কংস মারিবারে তোহ্মে গোকুল তরী ॥১
আল শ্রীহরি গোবিন্দ মধুসূদন॥
জায়িতেঁ নে মোরে আপন ভুবন ॥ধ্রু
নানা রতি সমে মোর হরিআঁ পরাণ।
বিকলী করিআঁ মোক তোহ্মে বুলহ কাহ্ন॥
তোহ্মাক চাহিঁআঁ ভৈল পাঞ্জর শেষ।
এবেঁ তোর লাগ পাইলোঁ দেব ঋষিকেশ ॥২
তোহ্মা বিণি মোর রূপ যৌবন নিফল।
হেন ভাবি আইলোঁ মোঞঁ কদমের তল॥
বঞ্চিলোঁ সকল রাতী তোহ্মার কারণে।
তবেঁ মোকে নাহি দিলেঁ তোহ্মে দরশনে ॥৩
মোর রূপ যৌবনে পড়িলাহা ভোলে।
দূতা দিআঁ পাঠায়িলেঁ কর্পূর তাম্বুলে॥
দুতাক মাইল আহ্মে উনমত কালে।
আন্তর পোড়এ এবে বিরহ আনলে ॥৪
যোড় হাথ করী গোসাঞিঁ বোলোঁ মো তোহ্মারে।
আহ্মার সকল দোষ খণ্ডহ বিদূরে॥
নিকট বসিতেঁ মোক দেহ আনুমতী।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীগতী ॥ ৫ ॥

(২৭)

ললিতরাগঃ ॥ ক্রীড়া ॥

নিকট না আইস লোক বুলিব অবোল।
দুর থাকি বোল রাধা সুণ মোর বোল॥
এবেসি জাণিল ভৈল কলি আবতার।

BANGLADARSHAN.COM

সব জন থাকিতে ভাগিনা চাহ জার ॥১
কমণ ঝগড় রাধা পাতসি তোঁ।
পরনারী হরণ না করোঁ মো ॥ধ্রু
ঊতপতি ভৈল তোর উত্তম কুলে।
আহ্মে ত ভাগিনা তোর দেব সমতুলে॥
সমুচিত নহে রাধা তোহ্মা সহ্মে কেলি।
মোর পাণে আল রাধা তেজহ ধামালী ॥২
দূতা দিঞা পাঠায়িলোঁ গলার গজমুতী
তবে নাম পাড়ায়িলেঁ আহ্মে আবালি সতী॥
এবে কেহ্নে গোআলিনী পোড়ে তোর মন।
পোটলী বান্ধিঞাঁ রাখ নহুলী যৌবন ॥৩
বাপ নন্দ ঘোষ মামা আইহন বীর।
মায় জসোদা পুষিলেক দিঞাঁ খীর॥
তেকারণে মামী তোহ্মা তেজে বনমালী।
গাইল বড়ু চণ্ডীদাস বন্দীআঁ বাসলী ॥ ৪ ॥

(২৮)
গুজ্জরীরাগঃ॥যতিঃ॥

গুণ বুঝি মধুকর পরিহর বন।
আইস বন মাঝেঁ বিকচ নলীন॥
তোহ্মে তেজীবারে কেহ্নে কর চীত।
নাগর জনের হেন না হএ ঊচিত ॥১
তোহ্মারে দেখিঞাঁ মোরে পাঞ্চশরে মারে
নিদয়হৃদয় কাহ্ন দয়া কর মোরে ॥ধ্রু
কাহ্ন মোর কুটুম্ব সহোদর নাহি মতী।
এক তোহ্মা গতী পুছিঞাঁ চাহা দূতী॥
বড় পতিআশেঁ মোঁ খোপা ফুলে ভরী।
আইলো তোর বৃন্দাবন তোহ্মা অনুসরী ॥২
কায় মনে পরসন হয় মোক কাহ্ন।
একবার কর দেব আহ্মার সমান॥
তোহ্মার সমান মোঞেঁ রাধা চন্দ্রাবলী।
কর রতী অনুমতী পৃয় বনমালী ॥৩

নিফল না কর কাহ্ন আহ্মার যৌবন।
যাচক জনের কাহ্ন করহ তোষণ॥
আলিঙ্গন দিঞাঁ রাখ আহ্মার জীবন।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীগণ ॥ ৪ ॥

(২৯)
মল্লাররাগঃ ॥ রূপকং ॥

আহোনিশি যোগ ধেআই।
মন পবন গগনে রহাই॥
মূল কমলে কয়িলে মধুপান।
এবেঁ পাইঞাঁ আহ্মে ব্রহ্মগেআন ॥১
দুর আনুসর সুন্দরি রাহী।
মিছা লোভ কর পায়িতেঁ কাহ্নাঞী ॥ধ্রু
ইড়া পিঙ্গলা সুসমনা সন্ধী।
মন পবন তাত কৈল বন্দী॥
দশমী দুয়ারে দিলোঁ কপাট।
এবে চড়িলোঁ মো সে যোগবাট ॥২
গেআনবাণে ছেদিলোঁ মদনবাণ।
তে আর না ভোলো তোহ্মার যৌবন॥
এবে দেহে মোর নাহি বিকার।
আসার দেখীলো সব সংসার ॥৩
রাধাক বুলিল নিঠুর বাণী।
নাগরবর দেব চক্রপাণী॥
ধেআনে থাকিল নিচলমনে।
গায়িল বড়ু চণ্ডীদাস বাসলীগণে ॥ ৪ ॥

(৩০)
বঙ্গালবরাড়ীরাগঃ ॥ রূপকং ॥

চিরাদমধুরং পীত্বা রাধা মধুরিপোর্ব্বচঃ।
জগাদ জগতাং রম্যা বচনং করুণান্বিতং॥

আতি দূখিনী বালী ল।

BANGLADARSHAN.COM

আল
লবলীদলকোঅলী ল।
আল
মদনবাণে পরাণে আকুলী ল।
বিরহে না মার মোরে ল।
আল
চরণে ধরোঁ তোরে ল।
আল
তিরিবধপাপ নাহিক ডর তোহ্মারে ল ॥১
কাহ্ন কিকে কর আসম্মতী ল।
আল
মাথ তুলিঞাঁ দেখহ আহ্মার গতী ল ॥ধ্রু
যাবত আছে পরাণে ল।
তাবত দেহ বচনে ল।
আহ্মার মরণ তোহ্মার এহি ধেআনে ল॥
যবে দরশন ভৈল।
তবে কেহ্নে না তেজিল।
এবেঁ তোহ্মে মোকে বড়ায়ি দুখিনী কৈল ল ॥২
কাহ্ন তোহ্মার নেহাত লাগি ল।
সকল রজনী জাগি ল।
তোহ্মাক না পাইল মোঞেঁ ত বড় আভাগী ল॥
এবে পায়িলোঁ দরশনে ল।
আর জরমের পুনে ল।
দেব দামোদর হয় মোক পরসনে ল ॥৩
দেখী মোর দেহগতী ল।
নিঠুর তোহ্মার মতি ল।
বুঝিতেঁ নারিল তিরি পুরুষ জাতি ল॥
এভোঁ দয়া ধর মোরে ল।
জীঞোঁ মোঁ সঙ্গমে তোরে ল।
গায়িল বড়ু চণ্ডীদাস বাসলীবরে ল॥ ৪ ॥

(৩১)

ভৈরবীরাগঃ ॥ রূপকং ॥ যতির্ব্বা॥

BANGLADARSHAN.COM

রঘুবংশ পরধান          আহ্মে শ্রীরাম নাম
আহ্মার শুণ তোহ্মে কথা।
সুপুত্র বান্ধবে বাঢ়ে          লঙ্কার রাবণে ল
তাহার কাটিলোঁ দশ মাথা ।১
রাধা ল
আহ্মে চিত্ত নেবারিল তোরে।
বাপ বসুল মাঅ দৈবকী হইল মোরে॥ধ্রু
উত্তম কুলত মোর          জরম ভৈল ল
আহ্মা লঞাঁ নাহি পরদারে।
… … …
আহ্মে দেব ত্রিভুবনে সারে ॥২
আহ্মে হরী নারায়ণ          মুকুন্দ মুরারী ল
যুগেঁ যুগে অবতার করী ল।
অসুর মারিঞাঁ          ধরণী পাতিল
সব পাপ করম নেবারী ॥৩
এভহোঁ নিলজী রাহী          ছাড় মোর আশে ল
সব গোপী নাহী জাণে।
চল তোহ্মে নিজ বাস          গাইল বড়ু চণ্ডীদাস
বন্দীঞাঁ বাসলীচরণে ॥ ৪ ॥

(৩২)
শ্রীরাগঃ ॥ যতিঃ ॥

নানা তপফলে তোহ্মা মোরে দিল বিধী।
আরে
কেহ্নে ঘর জাইতে মোকে বোল গুণনিধী ॥ল
তোহ্মে জবে যোগী হৈলা সকল তেজিঞাঁ।
থাকিব যোগিণী হঞাঁ তোহাঁক সেবিঞাঁ ॥ল ॥১
না জাইবোঁ ঘর আর তোহ্মাক ছাড়িঞাঁ।
বড় দুখ পাইলোঁ তোর বিরহে পুড়িঞাঁ ॥ল॥ধ্রু
পরাণে না মার মোরে দেব গদাধরে।
তিরিবধভয় কেহ্নে নাহিক তোহ্মারে॥

BANGLADARSHAN.COM

সপনে গেআনে মনে তোহ্মাক চিন্তিলোঁ।
তার ফল ভাল কাহ্নাঞি তোহ্মা হইতে পায়িলোঁ ॥২
হেন মনে পরিভাব জগত ইশর।
আহ্মাক পরাণে মাইলে কি লাভ তোহ্মার॥
আনুগতী ভকতী আনাথি আহ্মি নারী।
তভোঁ কেহ্নে আহ্মা পরিহরহ মুরারী ॥৩
এত কাল আহ্মাক তেজিতেঁ এখোখণে।
সকতি না ভৈল তোর নেহার কারণে॥
কোণ লাজে বোল এবেঁ মোক জাইতে ঘর।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীবর ॥ ৪ ॥

(৩৩)

ললিতরাগঃ ॥ ক্রীড়া ॥

আতি বিরহে অন্ন না খাইলো
তোর প্রথম যৌবনে।
দুতার বচনে আতি বিরাগেঁ
তোহ্মাকে মো মাইলোঁ বাণে॥
মন নিবারিলোঁ পাপ বিমোচিলোঁ
তোহ্মা তেজিলো জতনে।
এবে গোয়ালিনী তো কাকুতি করসী
আহ্মা পায়িতেঁ আকারণে ॥১
না কর জতন সুন্দরী রাধা
আহ্মাত না পাত মায়া।
সত্য ত্রেতা দ্বাপর কলী
আহ্মে নিরঞ্জন কায়া ॥ধ্রু
আহোনিশি আছিলো যমুনা তীরে
তোক না কৈলোঁ যতনে।
এবেঁ আকুলী হঞাঁ কাম বাণে
আহ্মারে চাহসি কেহ্নে॥
হাসিঞাঁ উত্তর বুইলো মো রাধা
না দিল সরস বাণী।
ছারেঁ খারেঁ এবে যাউক যৌবন

সুণ আয়িহনের রাণী ॥২
আহ্মে সে কশ্যপ ঋষির কুয়র
তোহ্মে সাগরকোঁয়রী।
যৌবন গরবে আহ্মা না চিহ্নিলী
সুণ মুগধী পামরী।
সব দৈত্যগণ আপণে মারিলো
মোএ্ঞ তোহ্মার আন্তরে।
সব দেখেঁ মেলি যুগতি করিএ্ঞাঁ
তোহ্মা সপিল আহ্মারে॥৩
তেজ মোর সঙ্গ নাহি মোতে রঙ্গ
আর তোহ্মার শৃঙ্গারে।
সকল গোকুল ভার বহাইলে
করায়িলে বড় খাঁখারে।
ছাড় মোর পাশ চল নিজ বাস
তেজহ আহ্মার আস।
বাসলীচরণ শিরে বন্দীএ্ঞাঁ
গাইল বড়ু চণ্ডীদাস ॥৪

(৩৪)
কহূরাগঃ ॥ রূপকং ॥ লগনী ॥

আহে কাহ্নাঞিঁ।
আছিলোঁ মো শিশুমতী না জাণিলোঁ রঙ্গ রতী
এবেঁ গুণী ভৈল তনু শেষ।
আহোনিশি একমতী তোহ্মা ছাড়ী নাড়ী নাহিঁ গতী
এবেঁ কৃষ্ণ করহ আদেশ ॥১
আহে রাধা।
বাপ বসুল মোর গোকুলে আহ্মার ঘর
গোপ লোকে আহ্মা ভালেঁ জাণে।
সুণিলেঁ পাইব লাজ তোহ্মে মোর নাহিঁ কাজ
মোর পাশ আইস অকারণে ॥২
ছার তিরী বামা জাতী নানা দোষেঁ উতপতী
তাক কোপ রহে কত খনে।

তোহ্মার বিরহে মোর        আকুল পরাণ হে
        নিঠুর বোলহ কি কারণে ॥৩
সুণ ল সুন্দরী সতী        বুঝিলোঁ তোহ্মার মতী
        সুণ পাপ পুণ্যের উত্তর।
পুণ্য কইলেঁ স্বগ্গ জাইএ        নানা উপভোগ পাইএ
        পাপেঁ হএ নরকের ফল ॥৪
দৈবকীর পুত্র তোহ্মে        বসুলকুমার হে
        তোহ্মে দেব কংশের আরী।
গোপীর বালেন্দু হরী        আহ্মে বিরহিণী নারী
        তোহ্মা বিণি বঞ্চিতেঁ না পারী ॥৫
তোরে বেলোঁ চন্দ্রাবলী        আহ্মে দেব বনমালী
        কেহ্নে বোল হেন পাপবাণী।
মাঅ যশোদা মোর        মামা আইহন ল
        তোহ্মে মোর সোদর মাউলানী ॥৬
না বোল মোরে নিরাস        একবার নেহ পাশ
        তোহ্মে মোর পতি শ্রীনিবাস।
আনেক জরম পুণে        ভজিলোঁ তোর চরণে
        গাইল বড়ু চণ্ডীদাস॥ ৭ ॥

(৩৫)
শ্রীরাগঃ ॥ রূপকং ॥

দুতর যমুনাত রাধা তোহ্মা কৈলোঁ পার।
লাজে পিঠ দিআঁ মো বহিলোঁ দধিভার॥
দুসহ মদনবাণে বড় দুখ পাইল।
রাজ ভরিআঁ মোর কলঙ্ক থাকিল ॥১
বিরহ সন্তাপ রাধা এবেঁসি জাণিলে।
যৌবন গরবেঁ রাধা আহ্মা না চিহ্নিলেঁ॥ল॥ধ্রু
তোহ্মাত লাগিআঁ রাধা বড় পাইলোঁ দুখ।
হেন মন কৈলোঁ না দেখিবোঁ তোর মুখ।
তোহ্মাত লাগিআঁ রাধা তেআগিল ঘর।
তভোঁ মোর বচনে না দিলেঁ উত্তর ॥২
তোহ্মাত লাগিআঁ মো হইলোঁ মাহাদাণী।

BANGLADARSHAN.COM

তবেঁ বোলাইলেঁ সতী আইহনের রাণী॥
এবেঁ কেহ্নে গোআলিনী হেন তোর মতী।
তোহ্মে রতীঞঁ কুমতী আহ্মে ধর্ম্মমতী ॥৩
নিয়ড় সম্বন্ধ রাধা না কর দূর।
জুণি সুধি পাএ রাধা রাজা কংশাসুর॥
আর এবেঁ রাধা তোতে নাহিঁ মোর মন।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীগণ॥ ৪ ॥

(৩৬)
রামগিরীরাগঃ ॥ আঠতালা ॥

কোণ আপরাধে মোকে তেজহ কাহ্নাঞিঁ।
আপণে বিচারি তোহ্মে চাহ ত গোসাঞিঁ॥
সকল সংপুন্ন মোর যৌবন সাজে।
তাহাক তেজিতেঁ না জুআএ দেবরাজে ॥১
বিণি দোষে কেহো নাহিঁ তেজে রমণী।
সিতা রামে দুখ পাইল সুণ চক্রপাণী ॥ধ্রু
সপনে গেআনে মনে চিন্তো আহোনিশী।
রাতী দিনে একলী কদমতলে বসী॥
তোহ্মাত লাগিআঁ যবেঁ প্রাণ মোর জাএ।
তবেঁ তিরীবধ লাগে কাহ্নাঞিঁ তোহ্মাএ ॥২
মদনে বিকলী হৈলোঁ হরি প্রাণ রাখ।
অকোপ হআঁ মোর আবথা দেখ॥
একবার তোর মোর জাইউ বৃন্দাবন।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীগণ॥ ৩ ॥

(৩৭)
ধানুষীরাগঃ ॥ ক্রীড়া ॥

যে বেলিতে তোকে দুতা পাঠাইলোঁ
ভাণ্ডআঁ পাঠাইলি মোরে।
এবেঁসি মোর টুটিল সে নেহ
মন জাএ তোহ্মারে ॥ ল ॥১
আল।

BANGLADARSHAN.COM

চল চল তোহ্মে সুন্দরি রাধা
মো পরিহরিলোঁ তোরে।
বাপ নন্দ ঘোষ মাআ যশোদা
তেঁ তুহ্মী মামী আহ্মারে ॥ধ্রু
সোনা ভাঙ্গিলেঁ আছে ঊপাএ
জুড়িএ আগুনতাপে।
পুরুষ নেহা ভাঙ্গিলেঁ
জুড়ি এ কাহার বাপে ॥২
যমুনা তীরে আছিলোঁ যবেঁ
তোর সুরতির আশে।
বোল দিআঁ মোক ভার বহায়িলেঁ
দেখি লোক ঊপহাসে ॥৩
এতেক ভাবিআঁ সুন্দরী নারী তোতে নিবারিলোঁ মন
ছাড় তোঁ আহ্মার আশে।
বাসলীচরণ শিরে বন্দীআঁ গাইল বড়ু চণ্ডীদাসে॥ ৪ ॥

(৩৮)

ললিতরাগঃ ॥ কুড়ুক্কঃ ॥

সরস বসন্ত কালে।
কোকিলের কোলাহলে।
এ নআ যৌবন কাহ্নাঞিঁ প্রাণ রে॥
এবেঁ তোহ্মার বিরহে।
মোর আকুল দেহে।
আহ্মাকে তেজিতেঁ তোর ঊচিত নহে ॥১
নহোঁ গ নহোঁ গ কাহ্নাঞিঁ তোহ্মার মাঊলানী।
তোর মোর নেহ সব দেব লোকেঁ ভালেঁ জাণী॥ধ্রু
আছিলোঁ মো শিশুমতী।
না বুঝিলোঁ সুরতী।
তেকারণে তোর বোলে না দিলোঁ সম্মতী॥
এবেঁ মো ভরযুবতী।
তোহ্মা ছাড়ী নাহিঁ গতী।
এহা বুঝী মোর বোলে কর আনুমতী ॥ ২

BANGLARSHOP

সাগর সঙ্গম জলে।
তেজিবোঁ মো কলেবরে।
এথাঞিঁ মরিবোঁ কিবা খাইবোঁ গরলে॥
এহা জাণী গদাধর।
একবার দয়া কর।
নহে তিরীবধ দিবোঁ মো তোহ্মারে ॥৩
যত কৈলোঁ সংযম।
করিলোঁ ব্রত নিয়ম।
নঠ হএ কাহ্ন মোর সে সব ধরম॥
এহি শপথ করোঁ।
কভোঁ যবেঁ তোহ্মা হরোঁ।
গাইল বড়ু চণ্ডীদাসে ॥ ৪ ॥

(৩৯)
দেশবরাড়ীরাগঃ ॥ লঘুশেখরঃ ॥

যবেঁ তোক যতন করিলোঁ চন্দ্রাবলী।
তবেঁ মোর বাপ মাএ দিলেঁ তোহ্মে গালী॥
এবেঁ কেহ্নে আহ্মা সমে বাঞ্ছহ রতী।
পরিহরি আপণার আইহনের পতী ॥১
এবেঁ কেহ্নে রাধা পাতসি মায়া মোহো।
এহাত না ভুলে আর নান্দের পোহো ॥ধ্রু
যতন করিআঁ বেদ কহিলেন্ত বিধী।
পাপ করিলেঁ কোণ কাজে নাহিঁ সিধী॥
আসুর মারিআঁ খণ্ডিবোঁ পৃথিবীর ভার।
পাপ করিলেঁ সে ত নহিব আহ্মার ॥২
যতন না কর রাধা আইহনের রাণী।
পরিহার কৈল তোক দেব চক্রপাণী॥
ব্রহ্মণে চিন্তনে কৈলোঁ নির্ম্মল কাএ।
তোক দেখি আরবার মন না জাএ॥৩
আহোনিশি করোঁ মো যোগ ধেআন।
আর কভোঁ না ভুলে তোহ্মাতে দেব কাহ্ন॥
এহা বুঝী গোআলিনী ছাড় মোর আশ।

বাসলী শিরে বন্দী গাইল বড়ু চণ্ডীদাস ॥৪

(৪০)

শ্রীরাগঃ ॥ যতিঃ ॥

মৈনাক মারিলেঁ কোণ মাহাসিধি হএ।
আপণেঞিঁ গুণ কাহ্নাঞিঁ আপণ হৃদএ॥
এ তীন ভুবনে তোহ্মার আধিকার।
তোর আগেঁ গোপনারী হএ কোণ ছার॥১
না ধরিলোঁ মতিমোষে তোহ্মার বচন।
তাহার উচিত ফল দিলেক মদন ॥ধ্রু
কাহ্ন তোর নেহে আপণাক বড় মানোঁ।
তোত উপজিব রোষ তাক না জাণোঁ॥
পুরুবেঁ জাণিতোঁ যবেঁ রুষিবেহেঁ তোহ্মে।
তবেঁ না কহিতোঁ কথা যশোদাক আহ্মে ॥২
শরণ পসিলোঁ কাহ্ন চরণে তোহ্মারে।
যে ফল করিবেঁ মোর কর অবিচারে॥
সকল সন্তাপ কাহ্ন সহিবাক পারী।
তোর বিরহসন্তাপ সহিতেঁ না পারী ॥৩
একবার জগন্নাথ কর প্রতিকার।
তোর পরসাদেঁ ঘুচে বিরহ আহ্মার॥
তেরছ নয়নে দেহ আহ্মাক আশে।
বাসলী শিরে বন্দী গাইল বড়ু চণ্ডীদাসে॥ ৪ ॥

(৪১)

দেশাগরাগঃ ॥ লঘুশেখরঃ ॥

এবেঁ ভ্রমর কোকিল শরে।
শুণী মোরে মনমথ মারে॥
তিরীবধভয় না মানসি।
কেহ্নে মিছা মাউলানী ঘোসসি ॥ নাএ ॥১
আল হের মোরে দয়া না করহ কেহ্নে।
কাহ্নাঞিঁ ল ছাড় নিষ্ঠুর ভাব মনে ॥ নাএ ॥ধ্রু

BANGLADARSHAN.COM

দুখদিআঁ সত্য বোলোঁ শিরে দেওঁ হাথ।
তোহ্মে মোর প্রাণ জগন্নাথ॥
জিআঅ আড় নয়নে চাহী।
বিরহের জালাএ মরে রাহী ॥২
তিলেক যৌবন নাহিঁ টুটে।
তোহ্মা বিণী বুক মোর ফুটে॥
এহা জাণী দয়া ধর মণে।
আহ্মা লআঁ জাহ কুঞ্জবনে ॥৩
তোহ্মা চিন্তি ঝুরোঁ আহোনিশী।
তভোঁ কেহ্নে দয়া না করসী॥
মোরে মা মারিহ শ্রীনিবাসে।
গাইল বড়ু চণ্ডীদাসে॥ ৪ ॥

(৪২)

ধানুষীরাগঃ ॥ ক্রীড়া ॥

রাধা ল।
মথুরা জাইতেঁ যমুনাপথে
দধির পসার লআঁ।
আনেক যতন কৈলোঁ না দিলেঁ আশ
গেলাহা মোক দুধ দিআঁ ॥১
আল।
ছিনারী পামরী নাগরী রাধা
কিকে পাতাসি মায়া।
তোহ্মে যবেঁ জাণ আহ্মে তোর প্রিয়
তবেঁ কেহ্নে না কৈলেঁ দয়া॥ধ্রু
পান ফুল দিআঁ পাঠায়িলোঁ তোরে
দূতার হাথত দিআঁ।
বোল না ধরিলেঁ তাম্বুল পেলাইলেঁ
বাম চরণে টালিআঁ ॥২
যেহেন প্রকারেঁ বড়ায়িক মাইলেঁ
তিরীবধ হৈত মোবে।
যে কারণে হরি নারায়ণ আহ্মে

তেসিঁ জীবন তাহারে॥৩
যবেঁ বড়ায়ি আদেশিব মোরে
তবেঁ জাইবোঁ তোর পাশে।
এহা বুলী কাহ্নাঞিঁ নিরব হয়িলা
গাইল বড়ু চণ্ডীদাসে॥ ৪ ॥

(৪৩)

কোড়ারাগঃ॥ক্রীড়াঃ॥

কৃষ্ণস্য বাচমাচম্য রাধা বুদ্ধান্তিকং যযৌ।
জগাদ চ নিজপ্রাণপরিত্রাণকরং বচঃ॥

নিশি আন্ধিআরী তাহাত কেমনে নারী।
জিএ সে জাহার পাসত পুরুষ নাহী ॥ আল ॥১
মোরে কি না ভয়িঞাঁ গেল বড়ায়ি নাএ।
বিরহে বিকলী খোজো মোঁ নান্দের পোএ ॥ধ্রু
নিশি সপন দেখিলোঁ কাহ্ন কোলে করি সুয়িলো
চিআয়িঞাঁ চাহোঁ নাহিক বাল গোপালে।
এ মোর যৌবন ভার সকল ভৈল আসার
আনল সরণ হৈবে দুতা রে ॥২
যে ডালে করো মো ভরে সে ডাল ভাঙ্গিঞাঁ পড়ে
নাহি হেন ডালে যাত করো বিসরামে।
আনি দেহ যবেঁ কাহ্নে ভিড়ি দেউ আলিঙ্গনে
তাক না তেজিবোঁ আর জরমে ॥৩
নেহ আমূল রতনে পালহ মোর বচনে
একবার মোক আণি দেহ কাহ্নে।
ধরোঁ দূতা তোর পাএ হের মোর প্রাণ যাএ
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীচরণে ॥ ৪ ॥

(৪৪)

গুজ্জরীরাগঃ ॥ যতিঃ ॥

যখণ কাহ্নাঞিঁ তোরে পাঠাইলে পানে।
তবেঁ তারে বুলিলি বচন আনচানে॥

BANGLADARSHAN.COM

এবেঁ মোক বোলসি কাহ্নাঞিঁ আণিবারে।
বুঢ় বয়সত বড় দুখ দিলে মোরে ॥১
এবেঁ বলহীন আক্ষে চলিতে না পারী।
কোণ পরকারে তোক আণি দিবোঁ হরী ॥ধ্রু
এড় ঘর যাঞোঁ শকতি না কর।
কথাঁ গিঞাঁ পায়িবোঁ নিঠুর গদাধর॥
মোঞেঁ ভালেঁ জাণোঁ তোক নিঠুর ভৈল কাহ্ন।
এ জরমে নাইসে আর তোক্ষার থান ॥২
পুরুষ ভ্রমর দুইহো এক মান।
নানা থান ভ্রমি করএ মধুপান॥
নানা রঙ্গে রহে কাহ্নাঞিঁ আন নারী পাশে।
বাশলী সিরে বন্দী গাইল চণ্ডীদাসে ॥ ৩ ॥

(৪৫)
রামগিরীরাগঃ ॥ যতিঃ ॥

শিশুকালে আক্ষে মতিভোলে।
বড়ায়ি না লয়িলোঁ কাহ্নের তাম্বুলে।
এবেঁ আক্ষার মন মজিল বাল গোপালে॥
তোক্ষে যাত্রা কর শুভক্ষণে।
বড়ায়ি ঝাঁট চল কাহ্নাঞিঁর থানে।
বিনয়বচনে তোষিআঁ কাহ্নাঞিঁ আন মোর থানে ॥১
দূতী বোল গিআঁ কাহ্নের থানে।
বারেক দয়া করী মোরে দেউ দরশনে ॥ ল ॥ধ্রু
সব খন চিন্তিআঁ মুরারী।
পরাণ ধরিতেঁ না পারী।
রহিব যৌবনে আক্ষে কেমলে মন নেবারী॥
মোঞঁ সে দগধকপালী।
নাম মোর চন্দ্রাবলী।
আন মোর নাহিঁ গতী ছাড়িআঁ প্রিয় বনমালী ॥২
মোঁ তোলোঁ যমুনাত পাণী।
পরিহাস কৈল চক্রপাণী।
মতিমোষেঁ যশোদারে কহিলোঁ সে সব কাহিণী॥

BANGLADARSHAN.COM

কাহ্ন না চিহ্নিলোঁ খাইলোঁ আখী।
চান্দ সুরুজ দুয়ি সাখী।
এ রূপ যৌবন কাহ্নেরেঁ থুয়িবোঁ রাখী॥৩
বাঁশী বাজায়িল যবেঁ কাহ্নে।
কোকিল কৈল পালি গানে।
আগুণি জালিল দেহে তখন দক্ষিণপবনে॥
এবেঁ লাজ থুইআঁ এক পাশে।
শরণ ভৈলোঁ শ্রীনিবাসে।
আণি দেহ এবেঁ কাহ্নাঞিঁ গাইল চণ্ডীদাসে ॥ ৪ ॥

(৪৬)

ধানুষীরাগঃ ॥ একতালী ॥

গরবেঁ না তুষিলেঁ হরী।
পাছু না গুণিলী আছিদরী॥
বড় রোষ তার মনে জাগে।
এহা শুণী না মারে মোকে বড় ভাগে॥
এবেঁ তোহ্মে মোরে বোল বুধী।
মোঞেঁ ভৈলোঁ এহাত মুগধী ॥ধ্রু
কাকুতী করিল কাহ্ন তোরে।
মোক পাঠায়িল বারে বারে॥
তভোঁ তার না কৈলেঁ সমানে।
তেকারণে রুষ্ট ভৈল কাহ্নে ॥২
বন্ধুজন করাআঁ বিমনে।
ছন্দে বন্দে তোষিবে কমনে॥
আতি বড় সিআন সে কাহ্নে।
তাক ভাণ্ডী কাহার পরাণে ॥৩
তোহ্মে মোর পরাণনাতিনী।
তোর দুখ না সহে পরাণী॥
কথাঁ পাইব কাহ্নের উদ্দেশে।
গাইল বড়ু চণ্ডীদাসে॥ ৪ ॥

(৪৭)

পাহাড়ীআরাগঃ ॥ প্রকীর্ণক ॥ লগনী ॥

BANGLASHAWM

দণ্ডকঃ ॥ ক্রীড়া ॥

জরতীবচনং শ্রুত্বা মনোজশরকাতরা।
সখীগণমুবাচেদং মাধবপ্রাপ্তিবাঞ্ছয়া॥

বড়ায়িক তবেঁ বুইল রাধা
কি পুছহ মোরে বুধী।
আক্ষার হৃদয় চন্দন কাহ্নাঞিঁ
আপণেঞিঁ কর শুধী ॥ ল বড়ায়ি ॥১
রাধার বচন শুণী বড়ায়ি
বুইল মনত গুণী।
তোক্ষে আক্ষে গিআঁ চাহি বৃন্দাবন
তবেঁ পাইব চক্রপাণী ॥ ল রাধা ॥২
দুহেঁ মেলিআঁ কাহ্নাঞিঁ চাহিল
না পাইআঁ জুড়িল ক্রন্দনে।
হেনই সম্ভেদে নারদ মুনী
আসিআঁ দিল দরশনে ॥ ল রাধা ॥৩
করিআঁ প্রণাম নারদ চরণে
রাধা পুছে যোড় হাথে।
নিদয় হৃদয় নান্দের নন্দন
কথাঁ বসে জগন্নাথে ॥ল মুনী ॥৪
কি মোর জীবন যৌবন নারদ
কি মোর এ ধন বাসে।
কাহ্নু বিণি মোঁ যোগিনী হৈবোঁ
ভ্রমিবোঁ সকল দেশে ॥৫
রাধার বচন শুণী মাহামুনী
বাসলী যোগ ধেআনে।
জাণিল কদম তলাত বসিআঁ
আছেন্ত নাগর কাহ্নে ॥৬
নারদ বুইল কদমতল
চল বৃন্দাবন মাঝে।
কুসুমসেজাত বসিআঁ আছে

BANGLADARSHAN.COM

তথাঁ পাইবেঁ দেবরাজে ॥৭
নারদের বোল  বেদ সমতুল
মনে ধরী চন্দ্রাবলী।
চাহিতেঁ চাহিতেঁ  পাইল আচম্বিত
বৃন্দাবনে বনমালী ॥৮
কৃষ্ণের বদন  দূরে দেখি রাধা
মুরুছা পাইল তখনে।
ভৃঙ্গারের জল  মুখে দিআঁ বড়ায়ি
রাধার কইল চেতনে ॥৯
চেতন পাইআঁ  বড়ায়ির চরণ
ধরিল আতি যতনে।
বুলিতে নারোঁ  বচন বড়ায়ি
না চলে মোর চরণে॥১০
এবেঁ কি করিবোঁ  পরাণ নাতিনী
বোল হরষিত মণে।
তোহ্মার আন্তরে  প্রাণ উপেখিআঁ
করিবোঁ তাক যতনে ॥১১
মণে পরিভাবী  মোরে দয়া করী
বড়ায়ি চল আপণে।
ভালমতেঁ মোর  দুখকথা কহ
নিদুখ কাহ্নুচরণে ॥১২
এ বচন শুণী  বড়ায়ি বুইল
গিআঁ কাহ্নের পাশে।
বাসলীচরণ  শিরে বন্দিআঁ
গাইল বড়ু চণ্ডীদাসে॥ ১৩ ॥

(৪৮)
দেশাগরাগঃ ॥ ক্রীড়া ॥

তনের উপর হারে।

BANGLADARSHAN.COM

আল
মানএ যেহেন ভারে।
আতি হৃদয়ে খিনী রাধা চলিতেঁ না পারে॥
সরস চন্দন পঙ্কে।
আল
দেহে বিষম শঙ্কে।
দহন সমান মানে নিশি শশাঙ্কে ॥১
আল
তোর বিরহ দহনে।
দগধিলী রাধা জীএ তোর দরশনে ॥ধ্রু
কুসুমশর হুতাশে।
তপত দীর্ঘ নিশাসে।
সঘন ছাড়এ রাধা বসি এক পাশে॥
ক্ষেপে সজল নয়নে।
দশ দিশে খনে খনে।
নালহীন কৈল যেন নীল নলিনে ॥২
দেখি পল্লব শয়নে।
আঙ্গাররাশি সমানে।
মুদয়ে নয়ন আতি তরাসিত মনে॥
বাম করতে বদনে।
দিআঁ গগনে নয়নে।
তোহ্মাক চিন্তে রাধা নিশ্চল মনে ॥৩
খনে হাসে খনে রোষে।
খনে কাঁপএ তরাসে।
খনে কান্দে রাধা খনে করএ বিলাসে॥
চলিতেঁ তোহ্মার পাশে।
নারে মদনের রোষে।
বাসলীচরণ বন্দী গাইল বড়ু চণ্ডীদাসে॥ ৪ ॥

(৪৯)
বিভাষরাগঃ ॥ রূপকং ॥ যতির্ব্বা॥

নিন্দএ চান্দ চন্দন রাধা সব খনে।

BANGLADARSHAN.COM

গরল সমান মানে মলয় পবনে॥
করে মনসিজশর কুসুম শয়নে।
ব্রত করে পায়িতেঁ তোর আলিঙ্গনে ॥১
আল কাহ্নাঞিঁ ল রাধা বিরহদহনে।
দগধিনী ভৈলী তোহ্মার শরণে ॥ধ্রু
আহোনিশি মদন মারে তারে শরে।
হৃদয়ে নলিনীদল সংনাহা করে॥
সব খন বস তোহ্মে তাহার আন্তরে।
তেঁসি তোহ্মা রাখিবারে পরকার করে ॥২
নয়নশলিল পড়ে বদনে তাহার॥
রাহুঞঁ গালিল যেন চাঁদ সুধাধার॥
তোহ্মাক লিখিআঁ কাহ্ন মদনরূপ।
প্রণামগণ করে কহিলোঁ সরূপ ॥৩
তোহ্মাক সংমুখ দেখি আধিক চিন্তনে।
হাষে রোষে কান্দে কাম্পে ভয় করে মনে॥
ঘর বন ভৈল তার জাল সখিগণে।
নিশাসে বাঢ়ে বিরহ দারুণ দহণে ॥৪
বনের হরিণী যেন তরাসিনী মনে।
দশ দিশ দেখে রাধা চকিত নয়নে॥
দয়া করী এবেঁ তাক দেহ আলিঙ্গনে।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীগণে ॥ ৫ ॥

(৫০)

মালবরাগঃ ॥রূপকং ॥ কাব্যোক্তি প্রকীণ্ণক ॥ লগনী॥

অধুনাপি কিন্নু সদয়ং হৃদয়ে
কুরুষে মনোঽন্যরমণীকরণে।
গততৃষ্ণ কৃষ্ণ তব হে বিরহে
সুতনোস্তনোতি মদনঃ কদনম্॥

কাহ্নাঞিঁক বুইল বড়ায়ি বচন মধুরে।
চন্দ্রাবলী রাধা তোর বিরহে মরে ॥১

BANGLADARSHAN.COM

লুণী সম দেহ তার রসের সাগরে।
সংপুণ্ন যৌবনে রতি ভুঞ্জ দামোদরে ॥২
বিলম্ব না কর সুণ সুন্দর মুরারী।
রাধার পরাণে দুখ সহিতেঁ না পারী ॥৩
বদন চুম্বিআঁ মাথে হাথ বুলাই।
হাথে ধরিআঁ কাকুতি কইল বড়ায়ি ॥৪
বুইল বারে বারে আগু পাছু বুঝাই।
রাধাক তোষহ বোল পালহ কাহ্নাঞিঁ ॥৫
চিত্তের হরিষে বড়ায়ির কথা শুণী।
ঈসত হাসিআঁ কাহ্ন হৃদয়ত গুণী ॥৬
বুইল মনোহর বেশ করু গোআলিনী।
পাসে আসী বৈসু বোলোঁ মধুরস বাণী ॥৭
কাহ্নের আদেশে গিআঁ বড়ায়ি হরিষে।
সত্বরেঁ কহিল সব রাধিকার পাশে ॥৮
রাধার খণেক ভৈল যুগ সদৃশে।
বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাসে ॥ ৯ ॥

(৫১)

ভৈরবীরাগঃ ॥দণ্ডকঃ ॥ একতালী॥

মাধবস্য নিদেশেন মুদিতায়াঃ প্রমোদিতা।
রাধায়া জরতী চক্রে বেশং জনমনোহরং॥

আল রাধা
শম্ভু সদৃশ তোর খোম্পা তাত দিল বেঢ়িআঁ চম্পা
সিসত সিন্দূর নব সূরে ॥১
গিএ গজমুতী হার মণি মাঝে শোভে তার
ঊচ কুচযুগল উপরে।
হআঁ সমান আকারে সুরেশরী দুঈ ধারে
পড়ে যেন সুমেরু শিখরে ॥২
পহ্নাইল হরিষমণে কণ্ঠত ভূষণগণে
দেখি অভিসার সুশোভনে।
মিলি হেমকরগণে বান্ধিল আতি যতনে

BANGLADARSHAN.COM

যেন কম্বু রতনক রতনে ॥৩
মণিকিরণ ঊজলে আঙ্গদ ভুজযুগলে
পহ্রায়িল আতি কুতূহলে।
বাহুতে কনক চুড়ী মুকুতা রতনে জড়ী
রতন কঙ্কণ করমুলে ॥৪
রতিরণে জয়ধ্বনী করএ কিঙ্কিণী
তাক গান্থি বান্ধিল মাঝে।
কনক মল্লতোর আর পাসলীনিকর
জংঘ পদ আঙ্গুলিত সাজে ॥৫
কর্পূর কস্তূরী যোগে আআর তাম্বুলরাগে
গন্ধ রাংগে রচিল বদনে ॥৬
আতি রূপসী স্বভাবে লাসবেস করী রতিভাবে
রাধা গেল কাহ্নের পাশে।
রাধাক দেখিঞাঁ কাহ্নে উতরল ভৈলা মনে
গাইল বড়ু চণ্ডীদাসে ॥ ৭ ॥

(৫২)

রাধিকাং মনসিজজ্বরাতুরাং
মণ্ডনদ্বিগুণরামণীয়কাং।
বীক্ষ্য মন্থথশরাতুরো হরি-
বর্ণমেবমুপচক্রমে ক্রমাৎ॥

ভুজযুগে ধরি কাহ্নে।
আল কৈল আলিঙ্গনে।
রাধাহো ধরিলেক কাহ্নাঞিঁক আতি জতনে॥
কাহ্ন করিল চুম্বনে।
কপোল যুগ নয়নে।
ললাট আধর রতন যুগল নয়ানে ॥১
আল কাহ্ন করিল সুরতী।
পুরী মনোরথ রাধার পিরিতী ॥ধ্রু
যুড়ী রসনে রসনে।
কৈল মুখমধু পানে।
রাধা না জাণিল আপণ পর তখণে॥

তার দসনে রসনে।
কাহ্নু চাপিল দশনে।
ইঙ্গিতকারেঁ  হারিল রাধা কাহ্নের বচনে ॥২
দৃঢ় করি দুয়ি তনে।
নখ দিল ঘন ঘনে।
পীযূষে সেচিল কাহ্নু রাধার মণে॥
রাধাঞেঁ কৈল কুজনে।
মধূ পীল হৃষ্ট কাহ্নে।
উচিত হিল্লোল পড়িল সে নিধুবনে ॥৩
আতি চির আনুবন্ধে।
রতি কৈল নানা বন্ধে।
কভো কেহ না কৈল যেন রস প্রবন্ধে॥
ভৈল মুকুল নয়নে।
সুখী ভৈল দুই জনে।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীগণে ॥ ৪ ॥

(৫৩)
শ্রীরামগিরীরাগঃ ॥ আঠতালা॥

এহে
রতিসুখ ভঞ্জিঞাঁ রাধা গোআলিনী।
চরণত ধরী বুইল সুণ চক্রপাণী॥
তোহ্মাক ছাড়িঞাঁ মোর আন নাহি গতী।
এবেঁ চিত্তে ভৈল কাহ্নু তোহ্মাতে ভকতী ॥১
উরুখাণী পাতি মোরে দেহ গোবিন্দ।
শ্রম বড় পায়িল আহ্মে সুতি জাওঁ নিন্দ ॥ধ্রু
হেন সুণি তাত কাহ্নাঞি আনুমতি দিল।
নব কিশলয়ত শয্যা রচিল॥
নিজ উরুতলে তাক নিশ্চলে রাখিল।
তখন কাহ্নাঞি কিছু মনে চিন্তিল ॥২
হেন সম্ভেদে দেখি শীতল বহে বাএ।
ভ্রমর কোকিল মিলী কলগীত গাএ॥
কুসুমের গন্ধ মেলিল চারি পাশ।

রাধার নয়নে গিঞাঁ নিন্দ কৈল বাস ॥৩
রাধাক এড়িঞাঁ জায়িতেঁ কাহ্নু কৈল মন।
বড়ায়ির পাশে কাহ্নু করিল গমন॥
বড়ায়িক সম্বোধিঞাঁ বুলিল বচনে।
গায়িল বড়ু চণ্ডীদাস বাসলীগণে ॥ ৪ ॥

(৫৪)
কেদাররাগঃ॥একতালী॥

পালিল বড়ায়ি আহ্মে বচন তোহ্মারে।
এবেঁ মেলাণী দেহ আহ্মারে॥
সাঝেঁ উপসন্ন ভৈল বনের ভিতরে।
রাধা লঞাঁ ঝাঁট বিনএ যাহা ঘরে ॥১
তোহ্মার কারণে ল বড়ায়ি।
কৈলো মোঞেঁ রাধার সঙ্গে ল ॥ধ্রু
আর বচনেক বোলোঁ সুণ ল বড়ায়ি
ধরিঞাঁ তোর করে।
তাক রাখিহ যতমে আপণ আন্তরে
জাইব আহ্মে মথুরা নগরে ॥২
নিন্দ ছল করি থাক রাধার পাশে
বড়ায়িক বুলিল যতনে।
ধির ধির করি রাধার শিয়রের উরু
কাঢ়ি গেলা মথুরা নগরক কাহ্নে ॥৩
কথোখণে চিআয়িলী রাধা চন্দ্রাবলী
কাহ্নাঞিঁ না দেখিল পাশে।
বড়ায়িক চিআইঞাঁ বুইল বচন
গাইল বড়ু চণ্ডীদাসে ॥ ৪ ॥

(৫৫)
ভাঠিয়ালীরাগঃ ॥ যতিঃ॥

এই ত কদমতলে আছিলা বাল গোপালে
তার উরে দিলো মোর সিয়রে।

BANGLADARSHAN.COM

আতিশয় রতিশ্রমে আকুলি হইলোঁ ঘুমে
নিন্দত এড়িঞাঁ গেল মোরে ॥১
বড়ায়ি গো
কাহ্নের বিরহভারে জিয়ন্তে ময়িলোঁ ল।
আণি দেহ শ্রীমধুসূধনে ॥ল ॥ধ্রু
আহোনিশি একমনে চিন্তো মোঞেঁ সব খণে
সে কাহ্ন পায়িব কত খণে।
চরণে পড়োঁ দুতী আণী দেহ প্রাণপতি
তার মোর হউ দরশনে ॥২
মো কেহ্নে জাণিবোঁ হেন এড়িঞাঁ পালাইবে কাহ্ন
তবে কেহ্নে কাল ঘুম যাইবোঁ।
এ রূপ যৌবন ভার কাহ্ন বিণি আসার
তা লাগি গরল মোঞেঁ খায়িবোঁ ॥৩
হের মোঁ কাকুতি করোঁ দুতী তোর পাএ ধরোঁ
এহোবার পুর মোর আশে।
চল দুতী তার থানে আণ শ্রীমধুসূদনে
গাইল বড়ু চণ্ডীদাসে ॥ ৪ ॥

(৫৬)
দেশাগরাগঃ ॥ কুড়ুকঃ॥

এখণ কদমতলে আছিলা কাহ্নাঞিঁ ল
তোর সঙ্গে রতিকুতূহলে।
রাধা ল
তো মুগধি আপণে ছাড়িলী বনমালী
এবেঁ কথাঁ পাইব গোপালে ॥১
রাধা ল
কিমনে পাইব রাধা কাহ্নের উদ্দেশে।
না জাণো সে গেল কোণ দিশে ॥ধ্রু

প্রবোধবচন কত বুঝাঞাঁ তাহারে
আণিঞাঁ মেলাইলো তোর থানে।
এত বড় নিন্দে ভোলী আজি তোহ্মে ভৈলা

BANGLADARSHAN.COM

শিয়রত হারায়িলা কাহ্নে ॥২
বিষম পুরুষ জাতী কপটপুরিত মতী
নানা বোলে সে তিরিক রঞ্জে।
হেন মতেঁ পরিহাসে সে আন যুবতী লঞাঁ
কাহ্ন রতি ভুঞ্জে কুঞ্জে কুঞ্জে ॥৩
এবেঁ তোঞেঁ এখানে থাক মো গিঞাঁ চাহোঁ তাক
যবেঁ পাঞোঁ তার দরসনে।
তবেঁ তোক আণি দিবোঁ গাইল বড়ু চণ্ডীদাস
বন্দীঞাঁ বাসলীচরণে ॥ ৪ ॥

(৫৭)

রামগিরীরাগঃ॥আঠতালা॥

একাকিনী পরিভ্রম্য বনং শ্রমভরাতুরা ৪৯।
রাধে সংপ্রতি সীদামি ন লব্ধা মধুসূদনং॥
বচনেন তবানেন বৃদ্ধে ব্যাকুলমানসা।
জাতাস্মি জগদালোক্য শূণ্যমেতদ্ বচঃ শৃণু॥

প্রথম প্রহরে আহ্মে দেখিল বড়ায়ি।
এখণে আসিবে মোর সুন্দর কাহ্নাঞিঁ॥
তেকারণে আহ্মে গিঞাঁ তাক না চাহিলোঁ।
আপণার দোষে মোঞেঁ উচিত ফল পাইলোঁ ॥১
কেমনে বঞ্চিমো মোঞে একসরী কুঞ্জে।
কা লঞাঁ কথা কাহ্নাঞিঁ রতিসুখ ভুঞ্জে ॥ধ্রু
দুয়জ পহরে মোঁ চিন্তিলোঁ একসরী।
আহ্মাক তেজিঞাঁ আজি কথাঁ গেলা হরী॥
কে না সুতিখে স্নান কৈলা ধন্য নারী।
যা লঞাঁ সুখরতি ভুঁজয়ে মুরারী ॥২
তিয়জ পহরে বড়ায়ি পিক ঘন রএ।
কাহ্নের বিরহে মোর প্রাণ থির নহে ॥
চিন্তিঞাঁ চাহিলোঁ কিছু নাহিক উপায়ে।
কাহ্ন কাহ্ন করী কান্দিলোঁ দীর্ঘ রাএ ॥৩
চারি প্রহর দিন পুরিল সকল।

BANGADARSHAN.COM

কাহ্ন বিণি আয়িলাহোঁ আহ্মে কদম্বের তল ॥
এবেঁ কেহ্নেমনে রহে আহ্মার জীবন।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীগণ ॥ ৪ ॥

(৫৮)
গুজ্জরীরাগঃ॥কুড়ুক্কঃ॥

তার সুভ দিন ভৈল সেসি পুনমতী।
যে নারীক লঞাঁ কাহ্ন ভুঁজে সুখরতী ॥১
ভাল আনুমান তোঁ করিলি রাহী।
এবে ভালমতে চাহি সুন্দর কাহ্নাঞী ॥ধ্রু
কদমের তলে খণে যমুনার কুলে।
শিশু লঞাঁ বাটে হাটে হরিষে বুলে ॥২
যবেঁ লাগ পাওঁ তবেঁ কি বুলিবোঁ তারে।
ভালমতেঁ গোআলিনি শিখাহ আহ্মারে ॥৩
বড়ায়ির বচনে রাধা বোলয়ে হরিষে।
বাসলী শিরে বন্দী গায়িল চণ্ডীদাসে ॥ ৪ ॥

(৫৯)
মল্লাররাগঃ ॥ কুড়ুক্কঃ॥

চাহা চাহা চাহা বড়ায়ি যমুনার ভীতে।
বকুলতলাত চাহা চাহা একচীতে॥
নিকুঞ্জত চাহা আর যমুনার তীরে।
আর চাহা বড় বড় গাছের উপরে ॥১
লাগ পায়িলেঁ তাক বুলিহ কাকু করী।
গোআলি বিকলী হৈল বনে একসরী ল ॥ধ্রু
আওর চাহিহ যথাঁ বসে শিশুগণে।
ছাওআল হঞাঁ কাহ্ন রহে খণে খণে॥
চরিত না বুঝে কেহো তার চারি যুগে।
সাবধান হঞাঁ চাহ যেহ্ন পাহ লাগে ॥২
এবার পায়িলে বড়ায়ি সে সুন্দর কাহ্নে।
খাণিকেহো না তেজিবোঁ যেহেন পরাণে॥
এবার আণিঞাঁ দিলে কাহ্ন মোর ঠাঁই।

তোক আর কভোঁ দুখ না দিবোঁ বড়ায়ি ॥৩
হর আৰ্দ্ধ আঙ্গে গৌরী শিরে গঙ্গা ধরে।
য়েতেকে যাণিল নারী যেহেন শরীরে॥
হেন বুঝায়িঞাঁ কাহ্নু আণ মোর পাশে।
বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাসে ॥ ৪ ॥

(৬০)
ধানুষীরাগঃ ॥ একতালী॥

হেন রাধিকার বচনে।
চলিলী বড়ায়ি বৃন্দাবনে ল॥
আল বড়ায়ি।
সুণিঞাঁ রাধার আরতী।
কাহাকেহো না কৈল সংহতী ॥ ল ॥১
আল বড়ায়ি।
মনে ধরী রাধার বচনে।
কাহ্নাঞিঁক চাহে বনে বনে ॥ধ্রু
যমুনাত না পাএাঁ গোপালে।
পুন গেলী বকুলের তলে॥
তথাঁ না পাইএাঁ গদাধরে।
চাহিলেক গাছের উপরে ॥২
চাহিএাঁ না পায়িল বনমালী।
শ্রমে বড়ায়ি ভইলী বেআকুলী॥
একশরী বনের ভিতরে।
ভএেঁ হালে বড়ায়ির আন্তরে ॥৩
বাহুড়িএাঁ রাধিকার থানে।
বড়ায়ি আয়লী চিরক্ষণে॥
বুয়িল তার না পাইল উদ্দেশে।
গাইল বড়ু চণ্ডীদাসে ॥ ৪ ॥

(৬১)
ভাঠিআলীরাগঃ ॥ যতিঃ ॥

হরি হরি

BANGLADARSHAN.COM

আয়াসেঁ কাহ্নের উরে
শুতিলোঁ দিঞাঁ শিয়রে
প্রাণের বড়ায়ি ল
দারুণ নয়নে ভৈল নিন্দে। ল
কাহ্নাঞিঁর দরশন
যেহেন ভৈল সপন
প্রাণ বড়ায়ি ল
যাগিঞাঁ চাহোঁ নাহিক গোবিন্দে ॥ ল ॥১
কোণ দিগেঁ গেল কাহ্নাঞি
উদ্দেশ বোল বড়ায়ি । ল
প্রাণ বড়ায়ি ল
তোক্ষার সংহতি তথাঁ জাই ॥ধ্রু
নানাবিধ দুখ পায়িলোঁ
যার বিরহে পুড়িলোঁ
সে কেহ্নে নান্দে যাইতে মোরে।
কোণ আদিবস ভৈল
কিবা অপরাধ কৈল
যবেঁ কাহ্নাঞি রোষিল আক্ষারে ॥২
সোঞঁরী কাহ্নের বাণী
না রহে পরাণী
চেতন নাহি মোর দেহে।
তেজিলো সুখ আসেস
দিনে দিনে তনু ঘেষ
ভাবিঞাঁ সে কাহ্নের নেহে ॥৩
বিধি বিপরিত ভৈল
আক্ষা ছাড়ি কাহ্ন গেল
বিরহে মো জিবোঁ কত দিশে।
বোল বড়ায়ি উপদেশে
কাহ্ন গেলা কোণ দিশে
গায়িল বড়ু চণ্ডীদাসে ॥ ৪ ॥

(৬২)
গুজ্জরীরাগঃ॥কুড়ুক্কঃ॥

BANGLADARSHAN.COM

চিরকাল আয়িলোঁ বনের ভিতরে।
বিলম্ব করিতেঁ আর লাগে বড় ডরে॥
উতরলী নহ রাধা মন কর থীর।
যা য়ানাহী না জাণে লোক তা জাই ঘর ॥১
পাছে কাহ্নায়িক আণী দিবোঁ তোর থানে।
করিব আপণ কাজ না জাণিব আনে ॥ধ্রু
বড় কাজ করিআঁ না করী জানাজাণী।
চিরকাল সুখ ভুঞ্জে সেসি সিআণী॥
আহ্মার বচন ধর থীর করি মনে।
ঝাঁট ঘর গেলেঁ দোষ না দিব আইহনে ॥২
মুখ চুম্বী বোলোঁ রাধা মোর বোল ধর।
ঝাঁট গেলে কেহ না বুলিব আনুখর॥
আরতি না কর দুখে বেধিল আন্তর।
আপণে মেলিব আসি দেব গদাধর ॥৩
হেনস প্রবন্ধ করী বড়ায়ি সত্বর।
রাধিকা বুঝাআঁ লআঁ গেলী ঘর॥
সব সখিগণ সমে করিআঁ সংহতী।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীগতী ॥ ৪ ॥

(৬৩)
মালবশ্রীরাগঃ॥যতিঃ॥

নিনায় কতিচিৎ কালান্ কথঞ্চিৎ কৃষ্ণতৃষ্ণয়া।
অথাধিভবতো রাধা জগাদ জরতীমিদং॥

ফুটিল কদমফুল ভরে নোঁআইল ডাল।
এভোঁ গোকুলক নাইল বাল গোপাল॥
কত না রাখিব কুচ নেতে ওহাড়িআঁ ॥১
শৈশবের নেআ বড়ায়ি কে না বিহড়াইল।
প্রাণনাথ কাহ্ন মোর এভোঁ ঘর নাইল ॥ধ্রু
মুছিআঁ পেলায়িবোঁ বড়ায়ি শিষের সিন্দুর।
বাহুর বলয়া মো করিবোঁ শঙ্খচুর॥

কাহ্ন বিণী সব খণ পোড়এ পরাণী।
বিষাইল কাণ্ডের গাএ যেহেন হরিণী ॥২
পুনমতী সব গোআলিনী আছে সুখে।
কোণ দোষেঁ বিধি মোক দিল এত দুখে॥
আহোনিশি কাহ্নাঞিঁর গুণ সোঁঅরিআঁ।
বজরে গঢ়িল বুক না জাএ ফুটিআঁ ॥৩
জেঠ মাস গেল আসাঢ় পরবেশ।
সামল মেঘেঁ ছাইল দক্ষিণ প্রদেশ॥
এভোঁ নাইল নিঠুর সে নান্দের নন্দন।
গাইল বডু চণ্ডীদাস বাসলীগণ ॥ ৪ ॥

(৬৪)

শ্রীরাগঃ॥কুড়ুক্কঃ॥

চতুরে চতুরো মাসান্ বাধে মুদিরমেদুরান্।
গময় ত্বং গতৌ শক্তিরত্র মে নাস্তি কাচন॥

আসাঢ় মাসে নব মেঘ গরজএ।
মদন কদনে মোর নয়ন ঝুরএ॥
পাখী জাতী নহোঁ বড়ায়ি উড়ী জাঁও তথা।
মোর প্রাণনাথ কাহ্নাঞিঁ বসে যথাঁ ॥১
কেমনে বঞ্চিবোঁ রে বারিষা চারি মাষ।
এ ভর যৌবনে কাহ্ন করিলে নিরাস ॥ধ্রু
শ্রাবন মাসে ঘন ঘন বরিষে।
সেজাত সুতিআঁ একসরী নিন্দ না আইসে॥
কত না সহিব রে কুসুমশরজালা।
হেন কালে বড়ায়ি কাহ্ন সমে কর মেলা ॥২
ভাদর মাঁসে আহোনিশি আন্ধকারে।
শিখি ভেক ডাহুক করে কোলাহলে॥
তাত না দেখিবোঁ যবেঁ কাহ্নাঞিঁর মুখ।
চিন্তিতে চিন্তিতে মোর ফুটি জায়িবে বুক ॥৩
আশিন মাসের শেষে নিবড়ে বারিষী।
মেঘ বহিআঁ গেলেঁ ফুটিবেক কাশী॥

BANGLADARSHAN.COM

তবেঁ কাহ্ন বিণী হৈব নিফল জীবন।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীগণ ॥ ৪ ॥

(৬৫)
মালবশ্রীরাগঃ ॥ যতিঃ॥

মা খেদং ভজ কল্যাণি স্থিরতাং নয় মানসং।
রাধে কৃষ্ণোঽচিরাদেত্য তব স্পর্শং করিষ্যতি॥

হাথে চান্দ মানী বড়ায়ি করায়িলেঁ পাগলী।
আইহনক পীঠ দিলোঁ লাজে তিনাঞ্জলী॥
আশোআশ দিআঁ তোহ্মে হৈলা এক ভীতে।
কাহ্নত লাগিআঁ মোর বেআকুল চীতে ॥১
জাণিল জাণিল বড়ায়ি চিহ্নিল কাহ্নাঞিঁ।
আছুক পরসরস দরশন নাহিঁ ॥ধ্রু
তোহ্মার বচনে বড়ায়ি নেহা বাঢ়ায়িল।
কাহ্ন সমে ভালেঁ রস ভুঞ্জিতে না পাইল॥
পুরুষ জরমে কিবা খণ্ডব্রত কৈল।
তেকারণে মোর মনোরথ না পুরিল ॥২
দুখ সুখ পাঁচ কথা কহিতেঁ না পাইল।
ঝালিআর ডাল যেন তখনে পালাইল॥
দিনে দিনে তনু শেষ মদনতরাসে।
কৌতুকেঁ বাঢ়ায়িল নেহা এবেঁ সেই নাশে ॥৩
তোহ্মার বচনে বড়ায়ি থীর নহে মনে।
কেমতেঁ পাওঁ এবেঁ শ্রীমধুসূদনে॥
কাহ্নের উদ্দেশে যাহা হেন লএ মণে।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীগণে ॥ ৪ ॥

(৬৬)
আহেররাগঃ ॥ কুড়ুক্কঃ ॥ লগনী ॥ দণ্ডকঃ॥

জানে বাথ ন জানে বা সমুদ্দশমহং হরেঃ।
ততঃ কিং গমনাশক্তা যতোহং রাধিকেছধুনা॥

BANGLADARSHAN.COM

আইস ল বড়ায়ি হের বচন আহ্মার ধর
রতনমুদড়ী পিন্ধ হাথে।
হের মোঁ করোঁ কাকুতী তোর চরণে ভকতী
আণিআঁ দিআর জগন্নাথে ॥১
আল রাধে।
নিলজী নিকুপেঁ থাক কথাঁ গিআঁ পাইব তাক
পাপমতী না বাসসি লাজে।
বুইল তাক একবার তোষ মন রাধার
বোল পালী গেলা দেবরাজে ॥২
আল বড়ায়ি।
না বোল বড়ায়ি হেন আতি নিঠুর বচন
এ তোহ্মার বএসের দোষে।
আলিসের পরসাদেঁ দুখমুখ নাহিঁ জাণ
তেঁ তোহ্মাত উপজএ রোষে ॥৩
আনুখর পরিহর কে তোকে দিব উত্তর
ঠাঁঠী বড়ী গোআলিনী তোঁ।
উপদেশ বোল তোহ্মে কথাঁ কাহ্ন পাইব আহ্মে
চাহিআঁ আণিআঁ দিবোঁ মো ॥৪
এ বোলে পাইলোঁ সুখ চুম্বো বড়ায়ি তোর মুখ
আজি মোর ভৈল শুভদিনে।
যথাঁ যথাঁ বুলে কাহ্ন চাহ বড়ায়ি সেই থান
তবেঁ তার পাইব দরশনে ॥৫
শুণহ নাতিনী রাহী হাঁঠীবাক বল নাহিঁ
কথাঁ গিআঁ চাহিবোঁ মো হরী।
মণে কৈলোঁ আনুমান তোকে উপেখিআঁ কাহ্ন
গেলা দূর মথুরা নগরী ॥৬
তোর যুগতীএঁ বুঢ়ী আহ্মাক নিন্দতে ছাড়ী
মথুরাক গেলা প্রাণেশ্বরে।
চরণে ধরোঁ তোহ্মার কাহ্ন দেহ একবার
নহে বধ দিবোঁ মো তোহ্মারে ॥৭
জাইবোঁ মথুরা নগর মোর আগে সত্য কর
আর কভোঁ না ঝঙ্কায়িবী মোরে।
বারে বারে দুখ পাইলোঁ ভাগে পরাণে নাময়িলোঁ

BANGLADARSHAN.COM

সরূপ কহিলোঁ তোহ্মারে ॥৮
হের শির কর যোগে সত্য করোঁ তোর আগে
তোক দুখ না দিবোঁ মো আর।
যে আছে মোর কপালে ফলিবেক সেসি কালে
তোর থান জাহ একবার॥৯
নাতিনী তোর বচনে হের মোরঁ করিলোঁ গমনে
মথুরা কাহ্নের উদ্দেশে।
লাগ পাইলেঁ তার থানে করিবোঁ বড় যতনে
গাইল বডু চণ্ডীদাসে ॥ ১০ ॥

(৬৭)

মথুরানগরীং গত্বাঃ জরতী মধুসূদনং।
জগাদ বিরহে মগ্না রাধা তে শরণং গতা॥
ইতি শ্রোত্রশয়ং কৃত্বা জগাদ জরতীং হরিঃ।
রাধিকামন্যুনিঃশেষং নাগরঃ পরমাক্ষরম্॥

পাহাড়ীআরাগঃ ॥ ক্রীড়া॥

আহা।
নঠী বড় রাধা দেখিলেঁ প্রাণ হরে।
আল।
তাহার ঠাইক জাইতেঁ লাগে বড় ডরে॥
এথো গোপী ভাল নহে সব দুঠ মণে।
কেমনে বাঢ়ায়িব পা জাণহ আপণে ॥১
আর কিবা জাইবারে বড়ায়ি বোলহ আহ্মারে।
রাধাত লাগিআঁ কাহ্ন কিবা নাহিঁ করে ॥ধ্রু
হাথত ধরিআঁ মোর দগধ পরাণে।
আপণে বুইল তোহ্মে আহ্মার কারণে॥
তভোঁ আনুমতী মোক নাঁ দিলেক রাহী।
আর তার মুক নাঁ দেখে সুন্দর কাহ্নাঞিঁ ॥২
বিথর বুলিআঁ বড়ায়ি কাজ কিছু নাহীঁ।
তোহ্মার বিদিত যত বুইল রাহী॥
চরণে ধরিআঁ বোলোঁ চল তোহ্মে ঘর।

BANGLADARSHAN.COM

গাইল বড়ু চণ্ডীদাস বাসলীবর ॥ ৩ ॥

(৬৮)

গুজ্জরীরাগ ॥ কুড়ুক্কঃ॥

বুঝিতেঁ না পারো কাহ্নাঞিঁ তোহ্মার চরিত।
যাচিতেঁ উপেখহ তোহ্মে সে আমৃত॥
আর কভোঁ ধিক না বুলিব চন্দ্রাবলী।
মোর বোলে ভর করী আইস বনমালী ॥১
আসুখিনী চন্দ্রাবলী বিকলী বিরহে।
এবেঁ তাক তেজিতেঁ উচিত তোর নহে ॥ধ্রু
মোর বোলেঁ তোহ্মে তার পাসক না আসিবেঁ।
পাছে কলি কাহ্নাঞিঁ বিরহ দুখ পাইবেঁ॥
ভাত না খাইলি তবেঁ তাহার কারণে।
শাকর খাইতেঁ তোহ্মে আদরাহ কেহ্নে ॥২
ভাঁগিল সোনার ঘট যুড়ীবাক পারী।
উত্তম জনের নেহা তেহ্নেন মুরারী॥
যে পুণি আধম জন অন্তরে কপট।
তাহার সে নেহা যেহ্ন মাটির ঘট ॥৩
রাধিকা থাকিলী বসি আপনার ঘরে।
তোহ্মে থাকিলা আসি মথুরা নগরে।
আসি জাই করী মোর আকুল পরাণে।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীগণে ॥৪

(৬৯)

বিভাষরাগঃ ॥ কুড়ুক্কঃ॥

শকতী না কর বড়ায়ি বোলোঁ মো তোহ্মারে।
জায়িতেঁ না ফুরে মন নাম শুণী তারে॥
যত দুখ দিল মোরে তোহ্মার গোচরে।
হেন মন কৈলোঁ আর না দেখিবোঁ তারে ॥১
আগ বড়ায়ি বাহুড়ী যাহ তথী।
রাধিকা লাগিআঁ মোক না কর শকতী ॥ধ্রু
কাটিল ঘাঅত লেম্বু রস দেহ কত।

তোহ্মার বিদিত মোরে রাধা বুইল যত॥
এ ধন বসতী সব তেজিবাক পারী।
দুসহ বচনতাপ না সহে মুরারী ॥২
মথুরা আইলাহোঁ তেজি গোকুলের বাস।
মন কৈলোঁ করিবোঁ মো কংসের বিনাস॥
বিরহে কা............

(পুথি অসমাপ্ত। শেষাংশ পাওয়া যায় নাই)

BANGODARSHAN.COM